দ্বয়োরুপমানোপমেয়য়োর্যত্তাদাত্ম্যং তদ্রূপকং রূপকনামালঙ্কারঃ। তথাচ চন্দ্রবন্মুখমিত্যত্র উপমেয়োপমানয়োর্ভেদবোধক বতিপ্রত্যয়োঽস্ত্যতো ন রূপকং কিন্তু যত্র মুখং চন্দ্রমিতি চন্দ্রমুখয়োরভেদপ্রতীতি স্তত্রৈব রূপকমিত্যর্থঃ ॥

তাহার উদাহরণ, যথা—

ইহা মেঘ নহে, ইনি ব্রজরাজতনয়, ইহাও সৌদামিনী নহে, তদীয় পীতবসনমাত্র, ইহা ইন্দ্রধনু নহে, ইহা তাঁহার বর্হাবতংস, ইহা বলাকা (বকপঙ্ক্তি) নহে, ইহা তাঁহার মুক্তাশ্রেণী। অতএব হে সখি! তুমি বিশ্বস্তা হইয়া ইহাঁর সহিত বিহার কর। দেখ, এ শরৎকালে প্রাবৃট্কালের সম্ভাবনা কোথায়? ॥ ৮ ॥

উপমান ও উপমেয় এতদুভয়ের যে তাদাত্ম্য, তাহাকে রূপক কহে ॥

অতিশয়াভেদাদপহ্নুতভেদত্বং তাদাত্ম্যং ॥

তচ্চ দ্বিধৈবেতি বিদুর্বুধাঃ।

সমস্তবস্তুবিষয়মেকদেশবিবর্ত্তি চ ॥

আরোপ্যমাণশ্চারোপবিষয়ো যত্র শব্দগৌ তদাদিঃ। আদিঃ ॥

সমস্তবস্তুবিষয়ং ॥

আরোপ্যমাণঃ শাব্দঃ আর্থশ্চ তৎপরং একদেশবিবর্ত্তি ॥

শাব্দঃ শব্দোপাত্তঃ আর্থঃ অর্থগম্যঃ। কশ্চিচ্ছাব্দঃ কশ্চিদর্থমর্য্যাদয়া অবশেষ ইত্যেকদেশবিবর্ত্তিত্বং ॥

যত্রারোপবিষয়স্যোপমেয়স্য তথারোপ্যমাণস্যোপমানস্য চ দ্বয়োরেব-বোধকশব্দৌ বর্ত্তেতে তত্র সমস্তবস্তুবিষয়ং রূপকং জ্ঞেয়ং ॥

যত্র তু আরোপবিষয়স্যোপমেয়স্য বোধকশব্দো বর্ত্ততে কিন্তু আরোপ্য-মাণোপমানবোধকশব্দঃ কাব্যে নাস্তি অপি তু অর্থমর্য্যাদয়া স শব্দোঽনুমেয় এব তস্মিন্নেব পদ্যে কুত্রচিচ্চরণে উপমানবোধকশব্দোঽপ্যস্তি তত্রৈকদেশ-

---

অতিশয় অভেদহেতু ভেদের অপহ্নব করার নাম তাদাত্ম্য ॥

ঐ রূপক সমস্ত বস্তুবিষয় ও একদেশবিবর্ত্তী এই দুই প্রকার হইয়া থাকে ॥

যে স্থলে আরোপবিষয় উপমেয় ও আরোপ্যমাণ উপমান উভয়ই শব্দোপাত্ত হয়, সেই স্থানে সমস্ত বস্তুবিষয় রূপক এবং যে স্থানে আরোপ্যমাণ উপমান গুলির মধ্যে কোনটী শব্দো-পাত্ত, কোনটী আর্থ বা তাৎপর্য্যগম্য হয়, সেই স্থানে এক-দেশবিবর্ত্তী রূপক হইয়া থাকে ॥

ক্রমেণোদা ॥ ১৩ ॥

উদঞ্চদ্বক্ষোজস্তবকনমিতা বাহুবিটপ-
দ্বয়ী দোলে রম্যা স্মিতকুসুমসৌরভ্য সুভগা।
ইয়ং সন্ধ্যারাগচ্ছবিলমৃদুপাণ্যঙ্গুলিদলা
নবীনা তে রাধে বিলসতি তনূরত্নলতিকা ॥

অত্র সমস্তবস্তুবিষয়ং আরোপ্যমাণারোপবিষয়য়োঃ শব্দোপাত্তত্বাৎ ॥

প্রসূনৈর্নানাভৈঃ স্মিতমলিনিমারুণ্যপিশুনৈ-
র্লসন্নানাভাবা মধুপগণঝঙ্কারকলহা।

বিবর্তিরূপকং জ্ঞেয়ং। এবং ক্রমেণ ভেদদ্বয়ং ভবতীত্যর্থঃ ॥ ১৩ ॥

ইয়ং তনুরূপা রত্নলতিকা বিলসতি। কথম্ভূতা স্তনরূপস্তবকেন নমিতা। তনুরপি সাহজিকলজ্জয়া কিঞ্চিন্নম্রা ভবতি পুনশ্চ বাহূ এব শাখাদ্বয়ী তস্যা দোলনবিষয়ে রম্যা। লতাপি শাখায়াঃ কিঞ্চিচ্চলনে রমণীয়া ভবতি। হস্তয়োরপি কিঞ্চিচ্চলনে মাধুর্য্যস্যোৎকর্ষা ভবতীতি জ্ঞেয়ং। পুনঃ সন্ধ্যাকালীন রক্তচ্ছবিং লান্তি গৃহ্নন্তি যে মৃদুপাণ্যঙ্গুলয়স্তে এব পল্লবা যত্র ॥

নানাভৈঃ শ্বেতশ্যামরক্তনানাবর্ণৈঃ প্রসূনৈর্লসন্নানাভাবা। শ্রীকৃষ্ণস্য

যথাক্রমে উদাহরণ প্রদত্ত হইতেছে ॥ ১৩ ॥

অয়ি রাধে! তোমার এই নবীনা তনুরত্নলতাসমুন্নত-পয়োধর-স্তবকভরে অবনমিতা, বাহুবিটপযুগলের সঞ্চালনে সুললিতা, স্মিতকুসুমসৌরভে সৌভাগ্যযুতা এবং সন্ধ্যারাগ-রক্ত-মৃদুকরাঙ্গুলিদলে বিরাজিতা হইয়াছে ॥

এই শ্লোকে আরোপ্যমাণ ও আরোপবিষয় শব্দোপাত্ত হওয়ায় সমস্তবস্তুবিষয় রূপক হইয়াছে ॥

স্মিত, মালিন্য ও আরুণ্যসূচক বিবিধপ্রভ প্রসূনপুঞ্জে

শ্রিয়া সার্দ্ধং স্পর্দ্ধাং বত বিদধতী গোকুলপতে-
রুরস্যা রস্যানামুপরি বনমালা বিজয়তে ॥

অত্র বনমালায়া নায়িকাত্বেনারোপঃ। শ্রিয়ঃ প্রতিনায়িকাত্বেন স চার্থ এব প্রসূনানাং স্মিতাদ্যারোপস্তু শাব্দ ইতি একদেশবিবর্ত্তি ॥

আরোপবিষয়াভাবেঽপ্যারোপ্যং যদি তৎপরং।

উরস্যা উরসি ভবা বনমালা রস্যানাং আস্বাদ্যানাং বস্তূনাং উপরি বিজয়তে। প্রসূনৈঃ কীদৃশৈঃ স্মিতেতি তত্র স্মিতেত্যনেন প্রসাদঃ মলিনিমেতি বাম্যং আরুণ্যেত্যনুরাগঃ। তথাচৈতেষাং সূচকৈরিত্যর্থঃ। অত্র শ্বেতপুষ্পে স্মিতস্যারোপঃ। শ্যামপুষ্পে বাম্যত্বারোপঃ। রক্তপুষ্পে অনুরাগত্বারোপো বোধ্যঃ। বনমালায়া নায়িকাত্বারোপঃ। রেখারূপায়া লক্ষ্ম্যাঃ প্রতিনায়িকাত্বারোপশ্চার্থ এব নতু শাব্দঃ। তয়োর্বোধক শব্দাভাবাৎ। পুষ্পেষু স্মিতাদ্যারোপস্তু শাব্দ এব স্মিতাদিবোধকশব্দানাং বিদ্যমানত্বাৎ। অতোঽত্র শাব্দ আর্থশ্চোভয়মপি বর্ত্ততে ইতি একদেশবিবর্ত্তি। যত্র তু কেবলং শাব্দ এব তত্র সমস্তবস্তুবিষয়ং রূপকমিতি ভেদো জ্ঞেয়ঃ ॥

আরোপবিষয়স্যোপমেয়স্যাভাবেঽপি যদ্যারোপ্যমুপমানং বর্ত্ততে তদা তৎ

বিবিধভাবসঙ্কুলা ও মধুকরকুলের ঝঙ্কারকলহে সমাকুলা হইয়া যাহা লক্ষ্মীদেবীর সহিত সতত স্পর্দ্ধা করে, অতিহৃদ্য আস্বাদ্যসমূহের শীর্ষস্থানে অবস্থানকারিণী, গোকুলপতির বক্ষঃস্থলবিলাসিনী সেই বনমালার জয় হউক ॥

এই শ্লোকে বনমালার নায়িকারূপে ও লক্ষ্মীর প্রতিনায়িকারূপে আরোপ হইয়াছে, উহা আর্থ বা তাৎপর্য্যগম্য এবং শ্বেতপুষ্পাদির স্মিতাদিরূপে আরোপ শব্দগম্য, এই প্রকারে একদেশবিবর্ত্তী হইয়াছে ॥

আরোপবিষয়ের অভাবেও যদি আরোপ্যের বিদ্যমানতা

পরং অন্যপ্রকারমিত্যর্থঃ ॥

যথা ॥

মধুরিমরসবাপীমত্তহংসীপ্রজল্পঃ
প্রণয়কুসুমবাটীভৃঙ্গসঙ্গীতঘোষঃ।
সুরতসমরভেরীভাঙ্কৃতিঃ পূতনারে-
র্জয়তি হৃদয়দংশী কোঽপি বংশীনিনাদঃ ॥

অত্র মধুরিমরসবাপ্যাদীনামারোপ্যাণামারোপবিষয়ো নাস্তীতি ॥

উক্তং প্রসঙ্গি।

প্রসঙ্গি প্রকৃষ্টসঙ্গবৎ সজাতীয়বহুলমিত্যর্থঃ।

রূপকং পরমমন্যপ্রকারমিত্যর্থঃ। মধুরিমেতি মাধুর্য্যরসস্য বাপী স্বরূপে শ্রীকৃষ্ণে যা মত্তহংসী তস্যা প্রজল্পস্বরূপো বংশীনিনাদো জয়তি। অত্রারোপ-বিষয়স্যোপমেয়স্য কৃষ্ণস্য বোধকপদাভাবাদন্যপ্রকাররূপকং জ্ঞেয়ং। বংশী-নিনাদঃ পুনঃ কথম্ভূতঃ প্রণয়রূপকুসুমস্য বাটীস্বরূপে শ্রীকৃষ্ণে যে ভ্রমরাস্তেষাং সঙ্গীতঘোষস্বরূপঃ। পুনশ্চ রাধাকৃষ্ণয়োঃ সম্ভোগ এব সুরতসমরস্তত্র যা ভেরী তস্যাভাঙ্কারশব্দস্বরূপঃ ॥

উক্তং প্রসঙ্গীতি সূত্রং। তত্র প্রসঙ্গীত্যস্য ব্যাখ্যা প্রকৃষ্টসঙ্গবদিতি। উক্ত-

---

হয়, সে স্থলেও এক প্রকার রূপক হইয়া থাকে ॥

যথা—

মাধুর্য্যরস-সরসীর মত্তহংসীরবস্বরূপ, প্রণয়পুষ্পোদ্যানের ভৃঙ্গসঙ্গীতস্বরূপ, সুরতসমরভেরীর গভীর ভাঙ্কার (শব্দ) স্বরূপ, পূতনাধ্বংসীর সেই হৃদয়দংশী অপূর্ব্ব বংশীনিনাদ বিশ্ববিজয়ী হউক ॥

এই শ্লোকে মাধুর্য্যরসসরসী প্রভৃতি আরোপ্যের আরোপ বিষয়ের উল্লেখ নাই ॥

রূপকের যে ভেদত্রয় ও তাহার উদাহরণ উল্লিখিত হইল, তাহার প্রত্যেকে সজাতীয় বহুল রূপকের সমাবেশ আছে।

ত্রিবিধমিদমেব যদুক্তং ॥

নিঃসঙ্গমেকমেব বিবক্ষিতং।

একমেব প্রধানত্বেন বিবক্ষিতং তথাবিধ সজাতীয়শূন্যং নিঃসঙ্গং ॥

যথা ॥

ন পশ্যতি ন ভাষতে ন চ শৃণোতি ন স্পন্দতে
নীমীলতি বিঘূর্ণতে পততি মূর্চ্ছতীয়ং যতঃ।
তদেতদনুমীয়তে কিমপি বাধতে রাধিকাং
মুকুন্দবিরহব্যথাবিষবিসর্পবিস্ফূর্জিতং ॥ ১৪ ॥

মিত্যস্য ব্যাখ্যা ত্রিবিধমিতি। তথাচ। পূর্ব্বোক্ত ত্রিবিধরূপকস্য উদাহরণং পদ্যত্রয়ং অনেকরূপকবিশিষ্টমিত্যর্থঃ। অত্র মধুরিমেতি পদ্যে উক্তং বংশী-নিনাদস্য হংসী প্রজল্পত্বাদিনা রূপকং সজাতীয়ানেকরূপকালঙ্কারবিশিষ্টং ত্রয়মস্ত্যতঃ প্রসঙ্গি প্রকৃষ্টসঙ্গবিশিষ্টমিত্যর্থঃ ॥

যত্রৈকমেব রূপকং প্রধানত্বেন বিবক্ষিতং পূর্ব্ববৎ সজাতীয়রূপকান্তরং নাস্তি তত্র নিঃসঙ্গমেব তদ্রূপকং জ্ঞেয়ং ॥

তত্তস্মাদেতদনুমীয়তে শ্রীকৃষ্ণবিরহজন্য ব্যথারূপ বিষস্ফোটস্য কিমপ্য-নির্ব্বচনীয়ং। বিস্ফূর্জিতমাটোপো রাধিকাং বাধতে। অত্র কেবলং ব্যথায়া বিষবিসর্পত্বারোপঃ। নতু সজাতীয়রূপকান্তরমস্তীতি ॥ ১৪ ॥

তাহাদের প্রসঙ্গী বলিয়া নাম নির্দ্দেশ করা যাইতে পারে ॥

যে স্থানে একটী রূপকই প্রধানরূপে বিবক্ষিত হয়, তাদৃশ সজাতীয় শূন্য রূপককে নিঃসঙ্গ বলে ॥

যথা—

যখন রাধিকা কিছুই দেখিতেছেন না, শুনিতেছেন না, কথা কহিতেছেন না, স্পন্দিত হইতেছেন না, কেবল নয়ন নিমীলন করিয়া আছেন, ঘূর্ণিত হইতেছেন, পতিত হইতে-ছেন ও মূর্চ্ছিত হইতেছেন, তাহাতে অনুমান করিতেছি,

মালারূপকমন্যত্তু জ্ঞেয়ং মালোপমানবৎ ॥

যথা ॥

শ্রবসোঃ কুবলয়মক্ষ্ণো রঞ্জনমুরসো মহেন্দ্রমণিদাম।

বৃন্দাবনরমণীনাং মণ্ডনমখিলং হরির্জয়তি ॥

যথাবা ॥

সৌটীর্য্যং স্মরভূপতের্মধুমদো লাবণ্যলক্ষ্ম্যাঃ স্বয়ঃ

সৌভাগ্যস্য বিলাসভূর্মধুরিমোল্লাসস্য হাসঃ শ্রিয়ঃ।

অথ যথা মালোপমানং পূর্ব্বমুক্তং তথৈব মালারূপকমপ্যন্যজ্জ্ঞেয়ং ॥

ব্রজসুন্দরীণামখিলমণ্ডনরূপো হরির্জয়তি। কথম্ভূতঃ শ্রবসোর্নীলোৎপল-রূপঃ ॥

সেয়ং চকোরেক্ষণা রাধিকা মম লোচনয়োশ্চন্দ্রিকাচয়জন্যো যশ্চমৎকার-স্তত্তুল্যচমৎকাররূপা। অথাত্র চমৎকারবিশিষ্টেত্যমুক্ত্বা চমৎকার ইতি ধর্ম্ম-নির্দ্দেশ আধিক্যবিবক্ষয়া। যথা দেবদত্তঃ পণ্ডিত ইত্যমুক্ত্বা সাক্ষাৎ পাণ্ডিত্য-

---

বনমালির বিরহবেদনারূপ বিষবিসর্প ই বিস্ফূর্জ্জিত হই-য়াছে। ১৪ ॥

মালোপমার ন্যায় মালারূপকও একপ্রকার হইয়া থাকে ॥

যথা—

শ্রবণযুগলের নীলোৎপল, অক্ষিযুগলের অঞ্জন, বক্ষঃস্থলের ইন্দ্রনীলমণিদাম, অধিক কি, ব্রজসুন্দরীগণের অখিলমণ্ডন, সেই নন্দনন্দনের জয় হউক ॥

যথাবা ॥

মদীয় লোচনযুগলের সুচারু চন্দ্রিকারাশির ন্যায় চমৎকার-কারিণী, সেই চকোরাক্ষী রাধিকা কন্দর্পভূমির পরাক্রম-

অদ্বৈতং গুণসম্পদামুপনিষৎ কেলীবিলাসাবলেঃ

সেয়ং লোচনচন্দ্রিকাচয়চমৎকারশ্চকোরেক্ষণা ॥ ১৫ ॥

শ্লিষ্টস্য বাচকস্যানুরোধাদারোপ এব যঃ ॥

সোঽন্যস্যারোপহেতুশ্চেৎ পরম্পরিতনামকং ॥

অন্যস্য অশ্লিষ্টস্যারোপে যদি হেতুঃ স্যাত্তদা রূপকং পরম্পরিতাখ্যং ॥

যথা ॥

পদ্মাননোৎসুকতয়া ভ্রমরঃ কলাভিঃ

সর্ব্বাভিরন্বিততয়া ত্বমখণ্ড ইন্দুঃ।

মেবেত্যুক্তিঃ পাণ্ডিত্যাতিশয়ং বোধয়তি। তথাত্র চমৎকাররূপধর্ম্মনির্দ্দেশশ্চমৎকারাতিশয়ং বোধয়তীতি বোধ্যং। তথা কন্দর্পভূপতেঃ শৌটীর্য্যং পরাক্রমস্তদ্রূপা ইত্যর্থঃ। অত্রাপি পরাক্রমাতিশয়বিবক্ষয়া ধর্ম্মনির্দ্দেশঃ। এবমুত্তরত্রাপি জ্ঞেয়ং। পুনশ্চ লাবণ্যসম্পত্তের্মধুপানজন্যমত্ততারূপা। সৌভাগ্যস্য স্ময়ো গর্ব্বরূপা। মাধুর্য্যোল্লাসস্য বিলাসভূঃ। শ্রিয়ঃ শোভাসম্পত্তের্হাসঃ। গুণসম্পদাং অদ্বৈতং দ্বৈতাভাবঃ। অস্যা গুণসম্পত্তুল্যা কস্যা অপি গুণসম্পন্নাস্তীত্যর্থঃ ॥ ১৫ ॥

পদ্মাননেতি শ্লিষ্টং পদং। পদ্মাননমেব পদ্মাননং তত্রোৎসুকতয়া হে কৃষ্ণ

স্বরূপ, লাবণ্যলক্ষ্মীর মধুমদস্বরূপ, সৌভাগ্যসমূহের গর্ব্বস্বরূপ, মধুরিমোল্লাসের বিলাসভূমিস্বরূপ, শোভাসম্পত্তির হাসস্বরূপ, গুণসম্পদের অদ্বৈতস্বরূপ এবং কেলিবিলাসাবলির উপনিষৎস্বরূপ ॥ ১৫ ॥

শ্লিষ্ট বাচকের অনুরোধে যে আরোপ, তাহা যদি অন্যের অর্থাৎ অশ্লিষ্টের আরোপে নিমিত্তস্বরূপ হয়, তাহাকে পরম্পরিত রূপক কহে ॥

যথা—

হে কৃষ্ণ! পদ্মাননে উৎসুকতাবশতঃ তুমি ভ্রমরস্বরূপ,

ত্বন্মানসে কনকপঙ্কজিনীতয়াঽসৌ
সা রাধিকা সুরমণীনিকরাধিকৈব ॥

অত্র পদ্মং পদ্মা চ কলাশ্চতুঃষষ্টিঃ কলা চন্দ্রস্য ষোড়শো ভাগশ্চ। মানসং চিত্তং মানসসরশ্চ। সা রাধিকা সারেণাধিকা সা রাধিকা চ ॥

ইত্যেষাং শ্লিষ্টানাং বাচকানামনুরোধাৎ ভ্রমরাদি-শব্দানামারোপঃ ॥

ত্বং ভ্রমরঃ। অত্র পদ্মা লক্ষ্মী তস্যা আননে কমলাননারোপস্তেনারোপে-নাশ্লিষ্টস্য ভ্রমরস্য কৃষ্ণে আরোপোঽতোঽত্র পরম্পরিতরূপকং। তথা কলাভি-রেব কলাভিরত্র চতুঃষষ্টিকলায়াং চন্দ্রস্য ষোড়শভাগরূপকলারোপস্তেনা-রোপেণাশ্লিষ্টস্য চন্দ্রস্য কৃষ্ণে আরোপঃ। এবং ত্বন্মানসমেব মানসং তত্র কনক-পঙ্কজিনী তয়া স্বর্ণকমলিনীত্বেন অসৌ সা প্রসিদ্ধা। রাধিকা স্বর্গাঙ্গনা-নিকরেভ্যোধিকৈব। অত্র মানসং চিত্তং তত্র মানসসরোবরারোপস্তেনা-রোপেণাশ্লিষ্টায়াঃ স্বর্ণকমলিন্যা রাধিকায়ামারোপঃ ॥

সকল কলা-সমন্বিত বলিয়া তুমি পূর্ণচন্দ্রস্বরূপ এবং সুরমণী-নিকরাধিকা সেই রাধিকাও ত্বদীয় মানসে কনকপঙ্কজিনী বলিয়া প্রসিদ্ধ ॥

এই শ্লোকে পদ্মানন পদে পদ্মের আনন পক্ষে পদ্মা অর্থাৎ লক্ষ্মীর আনন, কলাশব্দে চতুঃষষ্টিকলা, পক্ষে চন্দ্রের ষোড়শকলা, মানসশব্দে চিত্ত, পক্ষে মানসসরোবর, মূলস্থ সারাধিকাশব্দে সারে অধিকা, পক্ষে সেই রাধিকা ॥

এই সকল শ্লিষ্টবাচকশব্দের অনুরোধে অশ্লিষ্ট ভ্রমরাদি-শব্দের শ্রীকৃষ্ণে আরোপ হওয়ায় পরম্পরিত হইয়াছে ॥

ভেদে সত্যপি তৎ।

তৎ পরম্পরিতং ॥

যথা—

রত্নস্তম্ভৌ ব্রজমৃগদৃশাং চিত্তদোলোৎসবস্য
শ্রীরাধায়া রতিজয়কলাতোরণোত্তানদণ্ডৌ।
দৈত্যেন্দ্রাণাং পরিভবমহাযজ্ঞনীলেন্দ্রযূপৌ
শুণ্ডে কামপ্রমদকরিণোঃ কৃষ্ণবাহূ স্মরামঃ ॥

অত্র চিত্তদোলনাদের্ভিন্নশব্দবাচ্যস্য উৎসবাদ্যারোপেণ বাহ্বোরত্নস্তম্ভত্বাদ্যারোপঃ সিদ্ধ এব ॥

ভেদে অশ্লিষ্টে সত্যপি তৎ পরম্পরিতং রূপকং ভবতি ॥

বাহূ কণস্তুতৌ চিত্তদোলনমেবোৎসবস্তস্য রত্নস্তম্ভৌ। শ্রীরাধায়া রতের্যা জয়কলা উৎকর্ষবৈদগ্ধী সা এব তোরণং বন্ধনমালা তস্য বন্ধনার্থং উত্তানদণ্ডৌ। ভিন্নশব্দস্যাশ্লিষ্টশব্দস্য বাচ্যস্য চিত্তদোলনাদেঃ আদ্যয়োঃ রত্নস্তম্ভদণ্ডয়োর্মিশ্রত্বং মালারূপকেণ সহ মিলনং জ্ঞেয়ং ধর্ম্মৈকরূপ্যাৎ। তদ্যথা। চিত্তস্য দোলনেন য উৎসবস্তস্য রত্নস্তম্ভৌ। রতের্যা জয়কলা উৎকর্ষবৈদগ্ধী তত্র তোরোণেতি ব্যাখ্যানে মালারূপকং ॥ ১৬ ॥

ভেদস্থলে অর্থাৎ অশ্লিষ্টশব্দস্থলেও উক্ত পরম্পরিতরূপক হইয়া থাকে ॥

যথা—

ব্রজসুন্দরীগণের চিত্তদোলোৎসবের রত্নময় স্তম্ভযুগলস্বরূপ, শ্রীরাধার রতিবিজয়বৈদগ্ধীর সমুন্নত তোরণদণ্ডদ্বয়স্বরূপ, দৈত্যেন্দ্রগণের পরিভবরূপ মহাযজ্ঞের ইন্দ্রনীলমণিনির্ম্মিত যূপদ্বয়স্বরূপ এবং কাম ও প্রমদরূপ কুঞ্জরদ্বয়ের শুণ্ডদ্বয়স্বরূপ, শ্রীকৃষ্ণের বাহুদ্বয় আমরা সতত স্মরণ করি ॥

এস্থলে অশ্লিষ্টশব্দবাচ্য চিত্তদোলনাদির উৎসবাদিরূপে আরোপহেতু বাহুর রত্নস্তম্ভাদিরূপে আরোপ সিদ্ধ হইয়াছে ॥

আদ্যয়োর্মিশ্রত্বং উত্তরয়োঃ শুদ্ধত্বং ॥ ১৬ ॥

রসনারূপকমন্যে পঠন্তি ॥

যথা ॥

কুসুমস্মিতৈর্লতানাং স্মিতকুসুমৈর্গোপরমণীনাং।

কিসলয়করৈরমূষাং স করকিসলয়ৈশ্চ পিপ্রেয়ে তাসাং ॥

স কৃষ্ণঃ অমূষাং লতানাং তাসাং গোপরমণীনাং। ৯ ॥

যা তু প্রকৃতস্যান্যথাকৃতিঃ সাঽপহ্নুতিঃ।

অপহ্নুতিনামালঙ্কারঃ ॥

অন্যথাকৃতিঃ প্রকৃতং নিষিধ্য অন্যস্য স্থাপনং ॥

লতানাং কুসুমরূপস্মিতৈঃ কর্ত্তৃভিঃ স শ্রীকৃষ্ণঃ পিপ্রিয়ে প্রীতিযুক্তো বভূব। তথা গোপরমণীনাং স্মিতরূপকুসুমৈঃ কর্ত্তৃভিঃ শ্রীকৃষ্ণঃ পিপ্রিয়ে। এবমমূষাং লতানাং পল্লবরূপকরৈঃ। তথা তাসাং ব্রজসুন্দরীণাং কররূপ-কিসলয়ৈঃ স শ্রীকৃষ্ণঃ পিপ্রিয়ে ॥

তন্মধ্যে প্রথমোক্ত দুইটী মিশ্র, শেষোক্ত দুইটী শুদ্ধ ॥১৬

কেহ কেহ রসনারূপক বলিয়া রূপকের আর এক ভেদের উল্লেখ করিয়াছেন ॥

যথা—

লতাবলীর কুসুমরূপ স্মিত দ্বারা ও গোপরমণীমণ্ডলীর স্মিতরূপ কুসুম দ্বারা এবং ঐ লতাবলীর কিসলয়রূপ কর দ্বারা ও উক্ত গোপীমণ্ডলীর কররূপ কিসলয় দ্বারা শ্রীনন্দনন্দন নিরতিশয় নির্বৃতি লাভ করিয়াছিলেন। ৯ ॥

প্রকৃতের অন্যথাকৃতি অর্থাৎ প্রকৃতবস্তুর নিষেধ পূর্ব্বক অপ্রকৃতের স্থাপনকে অপহ্নুতি অলঙ্কার কহে ॥

যথা ॥

তাম্রাধরৌষ্ঠদলমুন্নতচারুনাস-
মত্যায়তেক্ষণমিদং তব নাস্যমাস্যং।
বন্ধূকযুগ্মতিলপুষ্পসরোজযুগ্মৈঃ
সংপূজিতঃ স্বয়মসৌ বিধিনৈব চন্দ্রঃ ॥

যথাবা ॥

ইদং তে লাবণ্যব্রততিফলযুগ্মং ন তু কুচৌ
মতে রজ্জূন্মাথো নভসি তব রাধে ন বলয়ঃ।

অধরনাসেক্ষণাদিবিশিষ্টমিদং তবাস্যং মুখং মুখং ন ভবতি। কিন্তু বন্ধূকেত্যাদিপুষ্পৈঃ করণৈর্বিধিনা মুখরূপচন্দ্রঃ সংপূজিতঃ ॥

হে রাধে তব মধ্যদেশরূপ নভসি বলয়স্ত্রিবল্যো ন ভবন্তি। কিন্তু মতেঃ শ্রীকৃষ্ণবুদ্ধের্বন্ধনার্থং রজ্জুরূপ উন্মাথঃ কূটযন্ত্রং ভবতি। তথেয়ং তনুরূহাণাং

যথা—

অয়ি রাধে! এই যে তোমার অরুণাধরৌষ্ঠপল্লবে সুললিত, সমুন্নত সুচারুনাসিকা সুশোভিত, সুদীর্ঘবিলোচন-বিরাজিত মুখমণ্ডল দৃষ্টিগোচর হইতেছে, ইহা তোমার মুখ-মণ্ডল নহে। স্বয়ং বিধাতা বন্ধূকযুগল, তিলপুষ্প ও সরোজ-যুগলে ঐ পূর্ণচন্দ্রের পূজাবিধান করিয়াছেন ॥

যথাবা ॥

রাধে! ইহা তোমার লাবণ্যলতিকার ফলযুগল, কুচযুগল নহে, মধ্যদেশ নভোদেশে শ্রীকৃষ্ণের বুদ্ধিবন্ধনার্থ ইহা রজ্জু-রচিত কূটযন্ত্র, ত্রিবলিভঙ্গ নহে, নাভিনিমগ্ন ফণীর ফণামণ্ডল-

ইয়ং নাভীমগ্নস্মরফণিফণানীলমণিতঃ
সমুদ্যান্তী কান্তিস্তব তনুরুহাণাং ন লতিকা॥
যথাবা॥
ক্ষীরাব্ধেঃ কতি বীচয়ঃ কতি দলদ্রক্তোৎপলানাং দল-
দ্রোণীসঞ্চয় বৃষ্টয়ঃ কতি মধূন্মত্তাহলিবিঙ্খোলয়ঃ।
হেলোদঞ্চ দবাঞ্চতোর্নয়নয়োঃ কৃষ্ণস্য নীলেক্ষণ-
ব্যাপারে কতি নোন্মিষন্তি বিবিধজ্যোতির্বিলাসচ্ছলাৎ।১০॥১৭

লতিকা রোমাবলী ন ভবতি। কিন্তু নাভীরূপহ্রদে মগ্নঃ কন্দর্পরূপসর্পস্তস্য ফণাস্থনীলমণেঃ সকাসাৎ সমুদ্গচ্ছন্তী কান্তির্ভবতি॥

হেলয়া উদঞ্চত্তিরশ্চীনয়োঃ শ্রীকৃষ্ণনয়নয়োঃ নীলেক্ষণব্যাপারে সতি বিবিধানাং শ্রীকৃষ্ণনেত্রস্থশ্বেতরক্তশ্যামজ্যোতিষাং বিলাষচ্ছলাৎ ক্ষীরসমুদ্রস্য কতি তরঙ্গা ন উদ্গচ্ছন্তি অপিতূদ্গচ্ছন্ত্যেব। তথাচ শ্রীকৃষ্ণস্য তিরশ্চীনাবলোকনসময়ে নেত্রস্থমিদং শ্বেতং রূপং ন ভবতি। কিন্তু ক্ষীরসমুদ্রস্য তরঙ্গা এব দৃশ্যমাণা ভবন্তীত্যপহ্নুতিরেবমুত্তরত্রাপি জ্ঞেয়া। তথৈব নেত্রস্থমিদং রক্তং রূপং ন ভবতি। কিন্তু প্রফুল্লরক্তোৎপলানাং দলান্যেব দ্রোণীসমূহাস্তেষাং বৃষ্টয়ঃ। কতি ন উন্মিষন্তি। বসন্তসময়ে উন্মত্তভ্রমরশ্রেণয়ঃ। ১০॥১৭॥

স্থিত নীলমণির ইহা নীলকান্তিসমুদ্গম, তোমার পল্লবিতা লোমলতিকা নহে॥

যথাবা॥

অবলীলাক্রমে উন্নমিত ও অবনমিত শ্রীকৃষ্ণনয়নযুগলে যখন বিলাসবিলোকনব্যাপার সমারব্ধ হয়,তখন ঐ নয়নযুগ্মের শ্বেত, রক্ত ও শ্যামপ্রভার প্রসারচ্ছলে ক্ষীরোদসমুদ্রের কতই তরঙ্গ উদ্গত হয়, কতই রক্তোৎপলদলরূপ দ্রোণীর বারিবর্ষণ হয়, কতই মধুমত্ত মধুব্রতাবলী বিলসিত হয়! ১০॥১৭॥

অনেকার্থপ্রতিপাদকতা যদি।
একার্থস্য তু শব্দস্য তদা শ্লেষঃ স কথ্যতে ॥
যথা ॥
উদয়তি যস্মিন্নুদয়তি
তিরোভবত্যপি তিরোভবতি।
জগদেব তত্র তমসাং নাশিনি
কৈঃ কৃষ্ণ তন্যতাং কোপঃ ॥

অত্রার্থস্যৈব শ্লেষো ন শব্দস্য পরিবৃত্তিসহত্বাৎ। অত্র বাক্যমেকার্থমেব তচ্চ সূর্য্যপ্রতিপাদকং তত্রাপি শ্রীকৃষ্ণং

একার্থস্য শব্দস্যানেকপদঘটিতবাক্যস্য যদ্যনেকার্থপ্রতিপাদকতা। হে কৃষ্ণ যস্মিন্ সূর্য্যে উদয়তি সতি জগদুদয়তি এবম্ভূতে তমসাং নাশিনি সূর্য্যে কৈঃ কোপস্তন্যতাং। অত্রোদয় তিরোধানাদি পদানাং পরিবৃত্তিসহত্বাৎ ন শব্দ-শ্লেষঃ। অপিত্বর্থশ্লেষ এব। এবমত্রোদয়াদ্যনেকপদঘটিতমেকং বাক্যং

একার্থশব্দের অনেকার্থপ্রতিপাদকতাস্থলে শ্লেষালঙ্কার হইয়া থাকে ॥

যথা—

যে তমোরাশিবিনাশীর সমুদয়ে এই জগৎ সমুদিত ও তিরোভাবে তিরোহিত হয়, হে কৃষ্ণ! তাহার উপরি আর কে কোপ বিস্তার করিতে পারে? ॥

এস্থলে শব্দের পরিবৃত্তিসহত্বপ্রযুক্ত শব্দের শ্লেষ না হইয়া অর্থের শ্লেষ হইয়াছে। বাক্যও একার্থক হইয়াছে এবং ঐ বাক্যে সূর্য্যপ্রতিপাদিত হইয়াছে। তথাপি ঐ বাক্যে এই-রূপ অন্য একটী অর্থ প্রতিপাদিত হইতেছে যে, যেন

প্রতি কাপ্যভিমানবতী বিচারেণাভিমানখণ্ডনপূর্ব্বকং বদতি যস্যোদয়ে সর্ব্বোদয়ঃ যস্য তিরোভাবে সর্ব্বতিরোভাবঃ। তত্র ত্বয়ি কো নাম মে কোপ ইত্যর্থান্তরং ॥

যথাবা ॥

বিলোলসংফুল্লকদম্বমাল ইত্যাদি। ১১ ॥ ১৮ ॥

শ্লিষ্টৈর্বিশেষণৈরেব বিশেষ্যস্যান্যথাস্থিতিঃ।

সমাসোক্তিঃ।

বিশেষ্যস্য কেবলস্য শ্লিষ্টৈর্বিশেষণৈরন্যথাস্থিতিরন্যথাভাষণং সমাসোক্তিনামালঙ্কারঃ ॥

যথা ॥

সূর্য্যরূপৈকার্থপ্রতিপাদকং। তত্রাপি কাপ্যভিমানবতী ব্রজসুন্দরী বিচারেণ স্বস্যাভিমানখণ্ডনপূর্ব্বকং শ্রীকৃষ্ণং প্রতি বদত্যত এতদ্বাক্যশ্লেষেণ শ্রীকৃষ্ণরূপার্থান্তরমপি বুধ্যতে। ১১ ॥ ১৮ ॥

শ্রীকৃষ্ণের প্রতি অভিমানবতী কোন ব্রজযুবতী বিচার পূর্ব্বক অভিমান খণ্ডন করিয়া কহিতেছেন, "যাহার উদয়ে সকলের উদয়, তিরোভাবে সকলের তিরোভাব হয়, তাদৃশ তোমার প্রতি আমাদিগের কোপের সম্ভাবনা কোথায়?" ॥

যথাবা ॥

"কৃষ্ণ ও মেঘ সমকালেই উদিত হইতেছেন। উভয়ই বিলোলসংফুল্লকদম্বমাল" ইত্যাদি পূর্ব্বোক্ত শ্লোক। ১১ ॥ ১৮ ॥

শ্লিষ্টবিশেষণদ্বারা কেবল বিশেষ্যের অন্যপ্রকারে ভাষণ হইলে তাহাকে সমাসোক্তি অলঙ্কার কহে ॥

যথা—

ত্বদঙ্গসঙ্গেন বিনৈব রাধে
ক্ষণে ক্ষণে গ্লায়তি নন্দসূনুঃ।
সদৈব বক্ষঃস্থলকেলিযোগ্যা
ন রোচতেঽস্মৈ বনমালিকাপি॥

অত্র বনমালিকায়াঃ প্রতিনায়িকাত্বং কেবলেন বনমালাশব্দেন নায়াতি অপি তু সদৈব বক্ষঃস্থলকেলীত্যাদিনা বিশেষণেনৈব সমাসঃ সংক্ষেপস্তেনোক্তিঃ। ১২॥

অসম্বন্ধরূপং যত্তূপমাকৃতিঃ। নিদর্শনৈষা দৃষ্টান্তপ্রায়া॥
নিদর্শনা নামালঙ্কারঃ॥
যথা॥

বিশেষ্যস্য কেবলস্যাশ্লিষ্টস্য। অত্র সদৈব বক্ষঃস্থলকেলিযোগ্যেতি পদেন যথা বনমালাবোধো জায়তে। তথা শ্লেষেণ প্রতিনায়িকাবোধোঽপি। ১২॥

যত্তূপমাকৃত্যসম্বন্ধরূপং এষা নিদর্শনা কিন্তু দৃষ্টান্তপ্রায়া চ॥

হে রাধে! নন্দনন্দন ত্বদীয় অঙ্গসঙ্গ ব্যতিরেকে ক্ষণে ক্ষণে গ্লানিপ্রাপ্ত হইতেছেন। সতত বক্ষঃস্থলকেলিযোগ্যা বনমালিকাও এক্ষণে তাঁহার রুচিকরী হইতেছে না॥

এই শ্লোকে বনমালিকার প্রতি নায়িকাত্ব কেবল বনমালা শব্দে উপলব্ধি হইতেছে না, সতত বক্ষঃস্থল কেলিযোগ্যা এই বিশেষণ বলেই উপলব্ধ হইতেছে॥

সমাসে অর্থাৎ সঙ্ক্ষেপে উক্তির নাম সমাসোক্তি। ১২॥

অসম্বন্ধরূপ উপমাকৃতি অলঙ্কার বিশেষকে নিদর্শনা অলঙ্কার কহে। নিদর্শনা অলঙ্কার অনেকাংশে দৃষ্টান্ত বলিয়া প্রতীয়মান হয়॥

যথা—

ক্ব নাম কৃষ্ণস্য কৃপাকটাক্ষঃ
ক্ব তাবদস্মিন্ বত নোঽভিলাষঃ।
রত্নাকরস্যোদরবর্ত্তি রত্নং
বয়ং করেণৈব জিহীর্ষবঃ স্মঃ॥

যথাবা॥

আকৃষ্যতাং তক্ষকমৌলিরত্ন-
মুল্লাস্যতাং হেমগিরিঃ করেণ।
আচ্ছিদ্যতাং কেশরিকেশরালী
ন স্পৃশ্যতাং কেশব মৎসখীয়ং॥

অস্মিন্ কৃপাকটাক্ষে নোঽস্মাকমভিলাষঃ ক্ব। অত্যন্তাসম্ভাবনায়াং ক্বদ্বয়ং। সমুদ্রস্যোদরবর্ত্তিরত্নং বয়ং করেণ জিহীর্ষবো হর্ত্তুমিচ্ছবো ভবাম ইত্যত্র দৃষ্টান্তপ্রায়ত্বমুপমাকৃতিত্বঞ্চ বর্ত্ততে॥

হেমগিরিঃ সুমেরুঃ করেণ উল্লাস্যতাং ধ্রিয়তাং। অসাধ্যে তক্ষকফণাস্থ-রত্নাকর্ষণে সাহসঃ ক্রিয়তাং। ততোঽপ্যত্যসাধ্যে মম সখীস্পর্শনে কদাপি

শ্রীকৃষ্ণের কৃপাকটাক্ষই বা কোথায় এবং উক্ত কৃপা-কটাক্ষলাভে আমাদিগের অভিলাষই বা কোথায়? হায়! রত্নরাজি রত্নাকরের উদরাভ্যন্তরে বিরাজ করিতেছে, আমারা দূর হইতে করদ্বারা তাহার উদ্ধার কামনা করিতেছি॥

যথাবা॥

ভুজগরাজ তক্ষকের ফণামণ্ডল হইতে বরং রত্ন আকর্ষণ কর, অথবা গিরিবর সুমেরুকে করদ্বারা উৎক্ষেপণ কর, কিম্বা কুপিত কেশরির কেশরাবলী সমুৎপাটন কর। তথাপি হে কেশব! আমার সখীকে তুমি স্পর্শ করিও না॥

মালারূপাপ্যেষা ॥ ১৯ ॥

যত্র ক্রিয়ৈব হি ব্যক্তি স্বরূপং হেতুং চ সাহন্যা।

যত্র একৈব ক্রিয়া স্বং রূপং হেতুঞ্চ ব্যক্তি সাহন্যা নিদর্শনা ॥

যথা ॥

অভিবন্দ্যবন্দনবিপর্য্যয়ঃ সদা
বিদধাতি নূনমিয়তীং হি যাতনাং।
অধিকণ্ঠসীমপরিধায় রাধিকা
রমণীমণির্ন হি মণীকৃতা যতঃ ॥

সাহসং মা কুর্ব্বিতি ভাবঃ। এষা নিদর্শনা মালারূপাপি ভবতি ॥ ১৯ ॥

কদাচিৎ শ্রীকৃষ্ণঃ শ্রীরাধিকাং সঙ্কেতকুঞ্জস্থাং বিধায় তস্যাঃ প্রতিপক্ষরমণী চন্দ্রাবলীকৃতপ্রতিবন্ধকবশাৎ তন্নিকটে গন্তুং ন শশাক তদা শ্রীরাধিকা মানিনী বভূব তস্যা মানভঙ্গার্থং কৃতেঽপি নানাযত্নে যদা মানশান্তির্ন বভূব তদা শ্রীকৃষ্ণঃ খিন্নঃ সন্ সাহায্যার্থং ললিতানিকটে জগাম তং প্রতি ললিতা আহ। অভিবন্দ্যেতি। বদি অভিবাদনস্তুত্যোঃ স্তুত্যর্হাণাং বন্ধনবিপর্য্যয়ঃ অনাদরাদিঃ হি নিশ্চিতমিয়তীং যাতনাং বিদধাতি। যতস্ত্বয়া গতরাত্রৌ অধিকণ্ঠসীম কণ্ঠসীমায়াং পরিধায় রাধিকারূপরমণীমণির্ন হি কৌস্তুভমণিবৎ

এই নিদর্শনাটী মালারূপা হইয়াছে ॥ ১৯ ॥

একমাত্র ক্রিয়াই যে স্থানে স্বকীয় রূপ ও হেতুকে ব্যক্ত করে। তথায় আর এক প্রকার নিদর্শনা অলঙ্কার হইয়া থাকে ॥

যথা—

বন্দনীয় ব্যক্তির বন্দনা বিপর্য্যয় ঈদৃশ যাতনাই বিধান করিয়া থাকে। যে হেতু রাধিকারূপ রমণীমণি তুমি কণ্ঠদেশে নিহিত করিয়া কৌস্তুভমণির ন্যায় আচরণ করিতে পার নাই॥

অত্র যাতনাং বিদধাতি ইতি ক্রিয়া স্বং রূপং রমণী-মণের্মণীকরণবিপর্য্যয়রূপং হেতুঞ্চ বক্তি। ১৩॥

অপ্রাসঙ্গিকস্য বাক্।
প্রাসঙ্গিককথায়াং স্যাদপ্রস্তুতপ্রশংসনং॥

অপ্রাসঙ্গিকস্যাপ্রাকরণিকস্যার্থস্য বাক্ কথনং যৎ প্রাসঙ্গিককথায়াং-তদপ্রস্তুপ্রশংসা স্যাৎ॥

কার্য্যকারণসামান্যবিশেষেষু তদন্যগীঃ।
প্রস্তুতেষু চ তুল্যে চ তুল্যগীঃ পঞ্চধৈব তৎ॥

তদপ্রস্তুতপ্রশংসনং প্রস্তুতেষু কার্য্যাদিষু তদন্যগীঃ কারণাদিনিরুক্তিঃ চকারাদন্যেষামপ্রস্তুতত্বপ্রসঙ্গঃ॥ তুল্যে প্রস্তুতে তুল্যস্যাপ্রস্তুতস্য গীশ্চেতি পঞ্চধা॥

কার্য্যে কারণকথনং কারণে কার্য্যকথনং সামান্যে

ক্তা। অত্র যাতনাবিধানরূপক্রিয়া স্বহেতুং বক্তি বোধয়তি। তথাচ যাতনা-বিধানক্রিয়ারূপকার্য্যলিঙ্গেন রমণীমণের্মণিকরণাভাবরূপং কারণমনুমীয়ত ইত্যর্থঃ। ১৩॥

প্রাসঙ্গিককথায়াং অপ্রাকরণিকস্য যৎ কথনং তদপ্রস্তুতপ্রশংসা স্যাৎ সা।

এখানে যাতনাবিধান রূপ ক্রিয়া স্বকীয় রূপকে এবং রমণী-মণির মণীকরণ বিপর্য্যয়রূপ হেতুকে প্রকাশ করিতেছে। ১৩॥

প্রাসঙ্গিক কথায় অপ্রাসঙ্গিক অর্থাৎ অপ্রাকরণিক অর্থের কথন হইলে তাহাকে অপ্রস্তুত প্রশংসা অলঙ্কার কহে॥

কার্য্যে কারণ কথন, কারণে কার্য্য কথন, সামান্যে বিশেষ

বিশেষকথনং বিশেষে সামান্যকথনং তুল্যে তুল্যস্যাপ্রস্তুতস্য কথনমিত্যর্থঃ॥ ২০॥

ক্রমেণোদা॥

গেহেন কিং তেন সদা সিতেন
দিনৈর্বৃথা তৈঃ কিমু যাপিতৈর্বা।
ন যত্র মে চন্দ্রকশেখরস্য
যাগোদয়ঃ সিধ্যতি সাধু সাধ্ব্যঃ॥

অত্র গৃহান্নিশি কচ্চিদ্বনায় গচ্ছসীতি কার্য্যে প্রশ্নে প্রস্তুতে অপ্রস্তুতস্য তৎকারণস্য প্রশংসা॥

পঞ্চধা ভবতি অতস্তস্যাঃ পঞ্চবিধত্বমেবাহ। কার্য্যেতি কার্য্যে প্রস্তুতে অপ্রস্তুতস্য কারণস্য প্রশংসেত্যর্থঃ॥ ২০॥

সদা সিতেন বন্ধনাধিকরণেন তেন গৃহেণ কিং। সিঙ্ বন্ধনে অধিকরণে ক্তঃ। হে সাধ্ব্যঃ যত্র গৃহে দিবসে বা মম চন্দ্রশেখরস্য মহাদেবস্য পক্ষে শ্রীকৃষ্ণস্য যাগোদয়ঃ পূজোদয়ঃ পক্ষে কন্দর্পযাগোদয়ো ন সাধুসিধ্যতি। অত্রেতি কচ্চিৎ প্রশ্নে। তথাচ হে সখি রাত্রৌ গৃহান্নিঃসৃত্য কিং বনায় গচ্ছ-

---

কথন, বিশেষে সামান্য কথন, তুল্যে তুল্যের কথন, এইরূপে পঞ্চপ্রকারে অপ্রস্তুত দ্বারা প্রস্তুতার্থ ব্যঞ্জিত হইয়া পঞ্চবিধ অপ্রস্তুত প্রশংসা অলঙ্কার হইয়া থাকে॥ ২০॥

ক্রমশঃ উদাহরণ, যথা—

হে সাধ্বীগণ! আমার সেই সদাসিত অর্থাৎ সর্ব্বদাই যাহাতে বন্ধন, এরূপ গৃহেই বা কি ফল, বৃথা অতিবাহিত সেই সকল দিবসেই বা কি প্রয়োজন, যে গৃহে বা যে সকল দিবসে আমার চন্দ্রকশেখরের যাগোদয় সম্যক্‌রূপে সিদ্ধ না হয়?॥

এস্থলে "নিশাকালে গৃহ হইতে নির্গত হইয়া কি বনে

কুতঃ সমাগচ্ছসি রাধিকে ত্বং
যত্র স্থিতা তস্য মুখং নিরীক্ষে।
ক্ব যাসি মুগ্ধাক্ষি সমং সখীভি-
র্ন কস্য পুষ্পাবচয়ো হ্যভীষ্টঃ ॥

অত্র কুত আগচ্ছসি ক্ব যাসীতি প্রশ্নে প্রস্তুতে অপ্রস্তুতস্য তস্য তৎকারণস্য তন্মুখাবলোকনস্য পুষ্পাবচয়নস্য চ প্রশংসা ॥

যত্র তন্মুখাবলোকনং ভবতি তত্রৈব যামঃ পুষ্পাবচয়স্তু ব্যাজ ইতি ধ্বনিঃ ॥

সীতি প্রস্তুতস্য কার্য্যস্য প্রশ্নে অপ্রস্তুতস্য তস্মিন্ বনগমনে কারণস্য গৃহে কন্দর্পযাগাভাবস্য সিদ্ধেঃ প্রশংসাকথনমিত্যর্থঃ ॥

গমন করিয়া থাকে ?" এই প্রস্তুত প্রশ্নরূপ কার্য্যে অপ্রস্তুত উক্ত বনগমন কারণের প্রশংসা করা হইয়াছে ॥

হে রাধিকে ! তুমি কোথা হইতে আগমন করিতেছ ? শ্রীরাধার উক্তি, যেখানে থাকিয়া তাঁহার মুখ দেখিতে পাইব। হে মুগ্ধাক্ষি ! তুমি সখীগণ সহ কোথা যাইতেছ ? এই প্রশ্নে শ্রীরাধা কহিলেন, পুষ্পচয়ন করা কাহারও অভীষ্ট নহে ॥

এই শ্লোকে, কোথা হইতে আসিতেছ এবং কোথা যাইবে এই প্রশ্নে, প্রস্তুতে অপ্রস্তুতের, সেই কারণের তন্মুখাবলোকনের এবং পুষ্পাবচয়নের প্রশংসা হইল ॥

যে স্থানে তাঁহার মুখাবলোকন হইবে সেই স্থানেই গমন করিব, পুষ্পাবচয়ন ছলমাত্র এইটী ধ্বনি ॥

অস্তাচলং চুম্বতি ভানুবিম্বে
গৃহে গৃহে গোকুলসুন্দরীণাং।
দিব্যানুলেপাভরণাম্বরাণি
কৃষ্ণাহ্রিয়ন্তে পরিতঃ সখীভিঃ॥
অত্র তদাগমনে প্রস্তুতে কারণে কার্য্যমুক্তং॥
অন্তর্লতাগৃহমনল্পতমং তমিস্র-
মালিঙ্গ্য সা তব তনুভ্রমতো বসন্তী।

হে কৃষ্ণ দূতীং প্রতি বনাৎ গোষ্ঠং কৃষ্ণঃ কদা আগমিষ্যতীতি ত্বদাগমন-কারণপ্রশ্নে কৃতে সতি ভানুবিম্বে অস্তাচলং চুম্বতি সূর্য্যে অস্তং গচ্ছতি সতি গৃহে গৃহে যূথেশ্বরীণাং সখীভিস্তাসাং বেশার্থং বস্ত্রাভরণাদীনি আহ্রিয়ন্তে। ইত্যপ্রস্তুতস্য বস্ত্রাভরণাদ্যাহরণরূপকার্য্যস্য প্রশংসা তয়া দূত্যা কৃতা। তথাচ সন্ধ্যাকালে বস্ত্রাভরণাদিভির্বিশিষ্টাস্তাঃ সর্ব্বাঃ শ্রীকৃষ্ণং মিলিষ্যন্তীতি ভাবঃ॥

অন্তর্লতাগৃহং লতাগৃহমধ্যে অনল্পতমং গাঢ়ং তমিস্রং তব তনুভ্রমত

হে কৃষ্ণ! ভানুবিম্ব অস্তাচল চূড়াবলম্বী হওয়ায় সম্প্রতি সখীগণ গৃহে গৃহে গোকুলসুন্দরীগণের নিমিত্ত দিব্য অনু-লেপন ও বসনাভরণ আহরণ করিতেছে॥

এই শ্লোকে "হে কৃষ্ণ! তুমি বন হইতে কখন্ গোষ্ঠে আগমন করিবে?" এই আগমনের কারণ প্রশ্নে অপ্রস্তুত বস্ত্রা-ভরণাদি আহরণরূপ কার্য্যের প্রশংসা কৃত হইয়াছে। সন্ধ্যা সময়ে তাঁহারা বস্ত্রাভরণাদি ভূষিতা হইয়া শ্রীকৃষ্ণের সহ সম্মিলিতা হইবেন, ইহাই ঐ শ্লোকের ভাবার্থ॥

হে কৃষ্ণ! লতাগৃহের অভ্যন্তরে শ্রীরাধা ত্বদীয় তনুভ্রমে অনল্পতম তমোরাশিকে আলিঙ্গন পূর্ব্বক সুখে বাস করিতে-

দৈবোদিতেন্দুকিরণৈর্বিরতেঽথ তস্মিন্
মাগাঃ প্রিয় ত্বমিতি সীদতি কৃষ্ণ রাধা॥

অত্র ত্বদাকারেঽপি সাঽনুরজ্যতীতি সামান্যে বিশেষ-কথনং॥

অনুরাগিবধূমনোজ্বর-
ক্ষতয়ে ত্বং ননু কৃষ্ণ ভেষজং।
স কৃতী স সুহৃৎ স বৎসলঃ
সুহৃদাধিপ্রতিকারকো হি যঃ॥

আলিঙ্গ্য বসন্তী রাধা দৈবাদুদিতচন্দ্রস্য কিরণৈস্তস্মিন্ তমিস্রে বিরতে সতি হে প্রিয় শ্রীকৃষ্ণ ত্বমস্মৎ গৃহাৎ ন অগাঃ ইত্যুক্ত্বা সীদতি। অত্র ত্বদাকারসামান্যে সা রজ্যতীতি সামান্যে প্রস্তুতে অপ্রস্তুতস্য বিশেষস্যান্ধকারস্য কথনং॥

ছিলেন। সহসা সমুদিত চন্দ্রকিরণে ঐ তমোরাশি অপসৃত হইতে দেখিয়া তিনি "হে প্রিয়তম! তুমি এই কুঞ্জগৃহ হইতে গমন করিও না" বলিয়া নিতান্ত বিষাদাপন্না হইতে লাগিলেন॥

এখানে তোমার অনুরূপ আকারেও তিনি অনুরাগ প্রকাশ করিতেছেন এই প্রস্তুত সামান্য স্থলে অপ্রস্তুত অন্ধকাররূপ বিশেষের কথন হইয়াছে॥

হে কৃষ্ণ! অনুরাগিণী কামিনীর মানসজ্বর বিনাশব্যাপারে তুমি ভেষজ স্বরূপ। আর তিনিই যথার্থ কৃতী, সুহৃৎ ও বৎসল, যিনি সুহৃজ্জনের মনোবেদনা প্রতিকারে তৎপর হয়েন॥

অত্র ত্বাং নীত্বা যদি তস্যা বিরহজ্বরং নাহহংশময়ে তদা সাহপি ন ভবিষ্যতি অহং চ ন কৃতিনী ন সুহৃৎ ন বৎসলা তস্যা মনোজ্বরশমনং বিনা ত্বদ্রূপেণ ভেষজেন ন সম্পৎস্যতে তস্মাৎ ত্বং শীঘ্রমেব গন্তুমর্হসীতি বিশেষপ্রস্তুতে সামান্যকথনং ॥ ২১ ॥

তুল্যে প্রস্তুতে তুল্যস্যাপ্রস্তুতস্যাভিধানে ত্রয়ঃ প্রকারাঃ শ্লেষসমাসোক্তিসাদৃশ্যরূপাঃ ॥

ক্রমেণোদা ॥

সা ন ভবিষ্যতি ন জীবিষ্যতি ত্বদ্রূপেণ ভেষজেন ঔষধেন বিনা তস্যা মনোজ্বরশমনং ন সম্পৎস্যতে অপ্রস্তুতস্য যঃ সুহৃদাং মনঃপীড়াপ্রতিকারকো ন ভবতি। স কৃতী ন ভবতীতি সামান্যস্য কথনং ॥ ২১ ॥

এই শ্লোকে "যদি তোমাকে লইয়া গিয়া আমি তাঁহার বিরহজ্বর উপশম করিতে না পারি, তাহা হইলে তিনিও জীবিতা থাকিবেন না, আমিও কৃতী, সুহৃৎ বা বৎসলা বলিয়া গণ্য হইতে পারিব না, তাঁহার মানসজ্বরের প্রশমনও তুমি-রূপ ঔষধ ব্যতিরেকে সম্পন্ন হইবে না, অতএব শীঘ্রই তোমার গমন কর্ত্তব্য" এইরূপ প্রস্তুত বিশেষ স্থলে সামান্যের কথন হইয়াছে ॥ ২১ ॥

প্রস্তুত তুল্যস্থলে অপ্রস্তুত তুল্যের কথনে যে অপ্রস্তুত প্রশংসা হইয়া থাকে, তাহাও শ্লেষ, সমাসোক্তি ও সাদৃশ্য আকারে ত্রিবিধ হইয়া থাকে ॥

যথাক্রমে উদাহরণ প্রদত্ত হইতেছে যথা—

ন দোষদর্শী ভবিতৈব বিদ্বান্
বপুঃস্বভাবেন সতাং বপুঃষু।
যুজ্যেত ফেণাদিভিরম্বুদোষৈ-
রঘৌঘবিধ্বংস্যপি গাঙ্গমম্বু॥

অত্র শ্লেষরূপঃ।

তুল্যে প্রস্তুতে তুল্যাপ্রস্তুতস্য কথনং॥

হংহো প্রেম তবাযশো বিরচিতং সদ্যোঽবিনির্গচ্ছতা
যেনানেন হতেন জীবিতমিদং তদেযন সন্ধার্য্যতে।

সাধূনাং শরীরেষু বপুঃস্বভাবেন কামাদিদোষা দৃশ্যমানা অপি পণ্ডিতস্তু তত্তদ্দোষদর্শী ন ভবিতা। গঙ্গাজলে জলস্বভাবেন ফেণাদিদোষা দৃশ্যমানা অপি তজ্জলং ব্রহ্মদ্রবরূপং অঘসমূহবিধ্বংস্যপি। অত্র দোষদর্শিশব্দো নানাবাচকত্বাৎ শ্লিষ্টঃ। অত্র প্রস্তুতে সাধুশরীরে দোষদর্শনাভাবে অপ্রস্তুতস্য সাধুশরীরতুল্যস্য গঙ্গাজলস্য পাপসমূহনাশকত্বস্য কথনং॥

মাথুরবিরহেণ ব্যাকুলা শ্রীরাধা স্বপ্রেমাণং সম্বোধ্যাহ। হংহো খেদে হে প্রেম সদ্যঃ শ্রীকৃষ্ণবিচ্ছেদক্ষণে অনির্গচ্ছতা যেন জীবিতেন তবাঽযশঃ বির-

---

সাধুগণের শরীরে শরীর ধর্ম্মবশতঃ যদি কোন দোষ দৃশ্যমান হয়, বিদ্বান্ ব্যক্তি কখনও তদ্দোষদর্শী হয়েন না। দেখ, জলস্বভাববশতঃ ফেণাদি দোষ থাকিলেও ভাগীরথীর জল ত পাপরাশির বিনাশে সমর্থ হইয়া থাকে॥

এখানে প্রস্তুত তুল্য স্থলে অপ্রস্তুত তুল্যের কথন শ্লেষরূপে সম্পন্ন হইয়াছে॥

হায়! প্রেম, আমার এই হতজীবিত শ্রীকৃষ্ণবিচ্ছেদক্ষণেই বিনির্গত না হইয়া তোমার যে অযশোরাশি উপার্জ্জন

তস্যৈবাবধিবাসরস্য সুমহান্ দোষঃ শরীরান্তরে
তৎপ্রাপ্তৌ সময়োঽধিকঃ কিমবধাবিত্থং ন যেনোহ্যতে ॥
অত্র সমাসোক্তিরূপঃ ॥
চন্দ্রাদি নানাবিধরম্যবস্তুনঃ
সৌন্দর্য্যমাদায় মুখাদি নির্ম্মমে।

চিতং তজ্জীবিতং যেনাবধিবাসরেণ ধার্য্যতে তস্যৈবাবধিবাসরস্য সুমহান্ দোষঃ যতঃ শরীরান্তরে তস্য শ্রীকৃষ্ণস্য প্রাপ্তৌ অবধৌ অবধিবাসরে কিং অধিকঃ সময়ো ভাবীতি যেনাবধিবাসরেণ ন উহ্যতে ন বিতর্ক্যতে তথাচ দেহানাং সদ্যঃ সুত্যজত্বাৎ দেহান্তরস্যাপি শীঘ্রভাবিত্বাৎ শরীরান্তরে তত্র স্বল্পঃ। সময়ো বিচারলব্ধ ইতি ভাবঃ। অত্রেতি শ্রীকৃষ্ণবিচ্ছেদসময়ে প্রাণ-গমনপ্রতিবন্ধকত্বরূপবিশেষণেন বিশেষ্যস্যাবধিবাসরস্য বৈরত্বারোপ ইতি সমাসোক্তিরূপ ইত্যর্থঃ ॥

যস্যা রাধায়া মুখাদি তাং রাধিকাং স্মরঃ কন্দর্পস্তৈশ্চন্দ্রাদিভিঃ করণৈরদ্য-হিনস্তি ॥

করিয়া দিয়াছে, ঐ জীবন যে অবধিদিনের অপেক্ষায় অবস্থিতি করিতেছে, সেই অবধিদিনেরই সুমহান্ দোষ আমি বিবেচনা করিতেছি। কেন না, শরীরান্তরে সেই শ্রীকৃষ্ণের প্রাপ্তি সম্বন্ধেও যে সে অধিক সময়লাভ করিতে পারিবে না, ইহা কেন সে বিতর্ক করিয়া দেখিল না ? ॥

এস্থলে শ্রীকৃষ্ণবিচ্ছেদ সময়ে প্রাণপ্রয়াণের প্রতিবন্ধকতা-রূপ বিশেষণ দ্বারা বিশেষ্যভূত অবধিবাসরে বৈরারোপ হওয়ায় সমাসোক্তিরূপ অলঙ্কার হইয়াছে।

কন্দর্প, চন্দ্রাদি বিবিধ রম্য বস্তুর সৌন্দর্য্যরাশি গ্রহণ পূর্ব্বক যাঁহার মুখাদি নির্ম্মাণ করিয়াছেন, হে কৃষ্ণ! অদ্য

যস্যাঃ স্মরেণ স্বয়মেব তামসৌ
হিনস্তি তৈরদ্য হরে ত্বয়া বিনা ॥

অত্র সাদৃশ্যরূপঃ। প্রতীয়মানস্যারোপানারোপাভ্যাং পুনর্দ্বিধা। পুনরিদমপ্রস্তুতপ্রশংসনং দ্বিধা প্রতীয়মানস্যার্থস্যারোপানারোপাভ্যাং ॥

যথা ॥

কা ত্বং পৃচ্ছসি দুঃখিনীং কিমিতি মাং কস্মাদয়ং তে শুভে
নির্ব্বেদো ননু মুক্তিরস্মি তদহো সর্ব্বোত্তমা ত্বং ন হি।

কাচিদ্দেবতা মুক্তিং পৃচ্ছতি ত্বং কা। মুক্তিরাহ। দুঃখিনীং মাং ইত্থং কিমিতি পৃচ্ছসি। পুনঃ পৃচ্ছতি কস্মাত্তবায়ং নির্ব্বেদঃ। ননু ভো অহং মুক্তিরস্মি তত্তস্মাদহো ত্বং সর্ব্বোত্তমা ভবসি কুতস্তে নির্ব্বেদসম্ভাবনা। মুক্তিরাহ হি

তোমার বিরহে তিনি স্বয়ং সেই সেই বস্তু দ্বারা তাঁহার প্রাণাপহরণে সমুদ্যত হইয়াছেন। এখানে সাদৃশ্যরূপ হইয়াছে।

প্রতীয়মান অর্থের আরোপ ও অনারোপ বশতঃ ঐ অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কার আবার দ্বিবিধ হইয়া থাকে ॥

যথা—

"তুমি কেগো বাছা?" "ভদ্রে! আমি অতিদুঃখিনী, কেন আমার কথা জিজ্ঞাসা কর?" "অয়ি শুভে! তোমার মনে কেন এত নির্ব্বেদ?" "সে কথা আর কি বলিব? আমার নাম মুক্তি।" "যদি তুমি মুক্তি হও, তবে ত তুমি সর্ব্বোত্তমা!" "না, দেবি! আমি সর্ব্বোত্তমা নহি। দেখ,

দূরস্থামপি সাদরোঽনুভজতে ভক্তিং মুকুন্দপ্রিয়ো
নোপেত্যার্থনকারিণীমপি দৃশঃ কোণেন মাং বীক্ষতে ॥
অত্র মুক্তেরপি ভক্তিঃ স্বরসেতি প্রতীয়মানস্যারোপঃ ॥২২
বহিশ্চেদস্যান্তর্ভবতি যদি চান্তর্ব্বহিরহো
জনঃ স্বস্মিন্ দেহে ভবতি ঘৃণয়া থূৎকৃতিপরঃ।
অভদ্রং ভদ্রং বা বিরচিতি বিশেষোপধি নহি
স্বতো ভদ্রং কিঞ্চিদ্ভবতি ভগবদ্ভাগবশতঃ ॥

নিশ্চিতমহং ন সর্ব্বোত্তমা। তত্র হেতুর্দূরস্থামপি ভক্তিং মুকুন্দপ্রিয়ঃ সাদরঃ সন্ ভজতে। উপেত্য নিকটে গত্বা প্রার্থনাকারিণীমপি মাং দৃশঃ কোণেন ন বীক্ষতে। মুক্তেঃ সকাশাদ্ভক্তিঃ স্বরসেতি প্রতীয়মানস্যারোপঃ প্রাধান্যেন কথনং ॥ ২২ ॥

দেহস্য বহির্ভাগো যদান্তর্ভবতি তথাঽন্তর্ভাগো যদি বহির্ভবতি তদা জনঃ স্বস্মিন্ দেহে ঘৃণয়া। রচনাবিশেষ এব উপাধির্যত্র এবম্ভূতং জগৎ স্বতোঽভদ্রং ভদ্রং নহি ভবতি কিন্তু উপাধিকৃতং ভদ্রাঽভদ্রাত্মকমুভয়রূপং ভবতি উপাধেঃ

মুকুন্দপ্রিয় ভক্তগণ দূরবর্ত্তিনী সেই ভক্তিকেও সাদরে ভজনা করিতেছেন, আর আমি সমীপে আগমন পূর্ব্বক স্বয়ং প্রার্থনা করিয়া বেড়াইতেছি, তথাপি তাঁহারা আমার প্রতি নয়নের কোণ দ্বারাও নিরীক্ষণ করিতেছেন না।”

এখানে মুক্তি অপেক্ষাও ভক্তি স্বরসা এই প্রতীয়মান অর্থের আরোপ হইয়াছে ॥ ২২ ॥

দেহের বহির্ভাগ যদি অভ্যন্তরগত হয় ও অভ্যন্তরভাগ যদি বহিঃ প্রকাশিত হয়, তাহা হইলে সকলেই স্বদেহে ঘৃণা বশতঃ থূৎকার প্রদানে তৎপর হয়। ফলতঃ রচনা বিশে-

অত্র প্রতীয়মানার্থস্যানারোপঃ বাচ্যস্যৈব প্রাধান্যাৎ।১৪॥

নিগীর্ণস্যোপমানেনোপমেয়স্য নিরূপণং। যৎ স্যাদতিশয়োক্তিঃ সা॥

যথা॥

ক্ষিতৌ শোণেঽম্ভোজে তদুপরি নবৌ হেমকদলী-
তরূ নীচীনাগ্রাবিহ কনকসিংহাসনমিদং।

রুভয়াত্মকত্বাৎ। সর্ব্বথা কিঞ্চিদ্ভদ্রন্তু ভগবদংশবশাদেব ভবতি ভগবদ্ভজনাদেঃ সর্ব্বথা ভদ্ররূপত্বাৎ অত্র প্রতীয়মানার্থস্য দেহে হেয়ত্বস্যানারোপোঽপ্রাধান্যেন কথনং বাচ্যার্থস্যৈব চমৎকারত্বেন প্রাধান্যাৎ। ১৪॥

উপমানেন নিগীর্ণস্যোপমেয়স্য যন্নিরূপণং সা অতিশয়োক্তিঃ। নিগীর্ণং গ্রস্তং চোপমানস্যৈব প্রয়োগো ন তূপমানেন গ্রস্তস্যোপমেয়স্য যথা উপমানস্য রক্তকমলস্যৈব প্রয়োগো ন তূপমেয়স্য চরণস্য ইত্যর্থঃ॥

ক্ষিতৌ পৃথিব্যাং চরণদ্বয়স্থানীয়ে রক্তকমলে। তদুপরি উরুদ্বয়স্থানীয়ৌ

যেই ভদ্র ও অভদ্র উপাধির ব্যবহার হয় নতুবা ভদ্রাভদ্র এ জগতে কিছুই নাই। কেবল ভগবানের অংশ বশতঃ তদীয় ভক্তজনেরই সর্ব্বথা কিঞ্চিৎ ভদ্র হইয়া থাকে।

এখানে বাচ্যার্থেরই প্রাধান্য বশতঃ প্রতীয়মানার্থের অনারোপ অর্থাৎ অপ্রাধান্যে কথন হইয়াছে। ১৪॥

উপমান দ্বারা যদি নিগীর্ণ অর্থাৎ শব্দোপাত্ত না হওয়ায় লুপ্তপ্রায় উপমেয়ের নিরূপণ হয়, তবে তাহাকে অতিশয়োক্তি অলঙ্কার কহে।

যথা—

বিধাতার কি বিচিত্র ঘটনা! দেখ, ভূতলে দুইটী রক্তোৎ-

ততঃ শূন্যং তস্যোপরি সুমিলিতং কোকামিথুনং
ততশ্চন্দ্রস্তস্মাত্তম ইতি বিধেঃ কা নু ঘটনা ॥
তদেবান্যতয়া যদি। নিরূপ্যতে সা দ্বিতীয়া।

তদেব প্রকৃতং বস্তু উপমানং বা অন্যদেবেদমিতি যদি নিরূপ্যতে তদা সাতিশয়োক্তির্দ্বিতীয়া ভবতি ॥

যথা ॥

নবীনস্বর্ণকদলীবৃক্ষৌ কথম্ভূতৌ নীচীনাগ্রৌ উরুদেশস্যোপরি স্থূলত্বমধঃ-কার্শ্যমিত্যভিপ্রায়াৎ ইহ তদুপরি নিতম্বস্থানীয়ং কনকসিংহাসনং। তত-স্তস্যোপরি মধ্যদেশস্থানীয়ং শূন্যমিতি মধ্যদেশস্য সূক্ষ্মত্বাভিপ্রায়েণোক্তং। মধ্যদেশোপরি স্তনদ্বয়স্থানীয়ং চক্রবাকমিথুনং। মুখস্থানীয়শ্চন্দ্রস্তস্মাৎ কেশ-স্থানীয়ং তম ইতি বিধেঃ কাপি অনির্ব্বচনীয়া ঘটনা ॥

প্রকৃতং বস্তু উপমেয়ং। তত্রাদাবুপমেয়স্যান্যত্বমাহ অন্যে ইতি। যানি শ্রবণেন্দ্রিয়াদীনি শ্রীকৃষ্ণস্য স্নিগ্ধকান্ত্যাদ্যামৃতং পিবন্তি ॥

পল, তদুপরি অধোমুখ নব-কনক-কদলী-তরুযুগল, তদুপরি স্বর্ণসিংহাসন, তৎপরে শূন্য, তদূর্দ্ধে সুসম্মিলিত কোকমিথুন, তাহার উপরি পূর্ণচন্দ্র, তৎপশ্চাৎ তমঃপুঞ্জ বিরাজ করি-তেছে।

উক্ত প্রকৃত বস্তুস্বরূপ উপমেয় অথবা উপমান যদি "ইহা অন্য বস্তুই বটে" এইরূপে নিরূপিত হয়, তাহা হইলে দ্বিতীয় প্রকার অতিশয়োক্তি অলঙ্কার হইয়া থাকে।

যথা—

অন্যে শ্রুতী তে রসনা চ সাঽন্যা
চেতঃ সতাং তৎ পুনরন্যদেব ।
শ্রীকৃষ্ণশীতদ্যুতিনামলীলা-
রূপামৃতং যানি সদা ধয়ন্তি ॥
অন্যৈবেয়ং কনকলতিকা চন্দ্রমাশ্চায়মন্য-
স্তস্মিন্নেতন্মদমদিরয়োর্যুগ্মকং চান্যদেব ।
অন্যৈবেয়ং তদুপরি মনো জন্মনশ্চাপবল্লী
রাধানাম স্ফুরতি মনসঃ কেয়মুন্মাথবীথী ॥ ২৩ ॥

উপমানস্যান্যত্বমাহ অন্যৈবেতি। মদিরয়োঃ খঞ্জনয়োরূর্দ্ধ্বল্লীস্থানীয়া কন্দর্পস্য চাপবল্লী ধনুর্ল্লতা। রাধানাম বিশেষ্যং কাপি অনির্ব্বচনীয়া মনস উন্মাদশ্রেণী তথাচ রাধানামশ্রবণমাত্রেণ শ্রীকৃষ্ণস্য মনস উন্মাদপরম্পরা জায়ত ইত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীকৃষ্ণচন্দ্রের নামলীলারূপ অমৃত যাঁহারা সর্ব্বদা পান করেন, সাধুগণের সেই শ্রবণও অন্যবিধ শ্রবণ, তাঁহাদিগের সে রসনাও পৃথক্ রসনা এবং তাঁহাদিগের সে চিত্তও স্বতন্ত্র একবিধ চিত্ত।

ইহা আর একরূপ কনকলতিকা, এ চন্দ্রও অন্যবিধ চন্দ্র এবং তাহাতে যে প্রমত্ত খঞ্জনযুগল দেখা যাইতেছে, তাহাও অন্যবিধ খঞ্জন। ঐ খঞ্জন যুগলের উপরি যে মনোভবের ধনুর্লতা দৃষ্ট হইতেছে, উহাও অন্য কোনরূপ ধনুর্লতা হইবে। ফলতঃ রাধানামে কে এই চিত্তের এক প্রমথনবীথী প্রাদুর্ভূত হইয়াছে! ॥ ২৩ ॥

যদ্যর্থেন তু কল্পনা ॥
যদ্যসম্ভাবিনোঽর্থস্য সা তৃতীয়া ॥
যথা ॥
পূর্ণো যদি স্যাদনিশং সুধাংশুঃ
স চেৎ কলঙ্কেন ভবেদ্বিহীনঃ।
চকোরপেয়োঽপি ন চেদয়ং স্যা-
ত্ত্বদাস্যদাস্যায় তদৈষ রাধে ॥
বিপর্য্যয়ে কার্য্যকারণয়োরন্যা।
অন্যা চতুর্থী ॥

যদি অসম্ভাবিতার্থস্য যদি শব্দার্থেন কল্পনা স্যাত্তদা তৃতীয়াতিশয়োক্তি-র্জ্ঞেয়া ॥

অয়ং চন্দ্রশ্চকোরেণ ন পেয়ো ভবেদিত্যনেন মাধুর্য্যসম্পূর্ণত্বমুক্তং। হে রাধে তদা এষ চন্দ্রস্ত্বন্মুখস্য দাস্যায় স্যাৎ ॥

আদৌ কারণং বিনৈব কার্য্যোৎপত্তিঃ পশ্চাৎ কারণোৎপত্তিরয়মেব কার্য্য-কারণয়োর্বিপর্য্যয়স্তত্র চতুর্থী অতিশয়োক্তির্জ্ঞেয়া ॥

যদ্যর্থ দ্বারা যদি অসম্ভাবিত অর্থের কল্পনা করা হয়, তাহা হইলে তৃতীয় প্রকার অতিশয়োক্তি অলঙ্কার হইয়া থাকে।

যথা—

অয়ি রাধে! যদি সুধাংশু নিরন্তর পরিপূর্ণ থাকেন এবং তাঁহাতে কলঙ্ক সম্পর্ক না থাকে, চকোরকুলও কদাচিৎ তদীয় সুধা পান না করে, তাহা হইলে তিনি তোমার আস্যমণ্ডলের দাস্যকর্ম্মের উপযুক্ত হইতে পারেন ॥

কার্য্যকারণের বিপর্য্যয়ে চতুর্থ প্রকার অতিশয়োক্তি অলঙ্কার হইয়া থাকে ॥

যথা ॥

অবিদ্ধ এব প্রবিবেশ যৎকৃতা
সরোরুহাক্ষ্যা হৃদি কৃষ্ণ বেদনা।
পরন্ততোঽনেন বিলোচনাঞ্চলী-
শরেণ বিদ্ধং হৃদয়ং ত্বয়াস্যাঃ। ১৫ ॥

প্রতিবস্তূপমা তদা।
সামান্যস্য স্থিতির্বাক্য উপমানোপমেয়য়োঃ।
উপমানবাক্যে উপমেয়বাক্যে চ সামান্যস্য সাধারণধর্ম্মস্য যদা স্থিতিরিত্যর্থঃ ॥

যথা ॥

অহমিব কথমিব সহতে রাধা নিবিড়ানুরাগভরবাধাং।

হে কৃষ্ণ সরোরুহাক্ষ্যাঃ শ্রীরাধায়াস্তব কটাক্ষশরেণাবিদ্ধ এব হৃদি যৎকৃতা তব কটাক্ষশরকৃতা বেদনা প্রবিবেশ ততঃপরং তৎপশ্চাৎ ত্বয়া অনেন কটাক্ষশরেণ করণেন অস্যা রাধায়া হৃদয়ং বিদ্ধং। অত্র কটাক্ষশরজন্যহৃদয়বেধরূপকারণোৎপত্তিঃ পূর্ব্বমেব তাদৃশবেধজন্যবেদনারূপকার্য্যোৎপত্তিরিত্যর্থঃ। ১৫ ॥

মথুরাস্থঃ শ্রীকৃষ্ণো ব্রজাদাগতমুদ্ধবং প্রত্যাহ। অহমিতি। নবীনকুঙ্কুমস্য

যথা—

হে কৃষ্ণ! সরোরুহাক্ষী শ্রীরাধার হৃদয়দেশ বিদ্ধ না হইতেই যৎকৃত বিষম বেদনা তাহাতে প্রবেশ লাভ করিয়াছিল, এক্ষণে সেই তোমার কটাক্ষশর তাঁহার সুকুমার হৃদয় গাঢ়তররূপে বিদ্ধ করিয়াছে। ১৫ ॥

উপমান বাক্যে ও উপমেয় বাক্যে যদি সাধারণ ধর্ম্মের স্থিতি হয়, তাহাকে প্রতিবস্তূপমা কহে ॥

যথা—

শ্রীরাধা কি প্রকারে আমার ন্যায় সেই নিবিড়ানুরাগ-

অসদ্যোগে যথা ॥

সংসারমার্গো হ্যধমঃ স্বভাবাৎ
কর্ম্মাণি তস্মিন্ কটুকণ্টকানি।
গতাগতাভ্যামিহ খেদ এব
তথাপি নাস্মিন্ কুজনো বিরজ্যেৎ ॥

সদসদ্যোগে যথা ॥

প্রিয়ঃ প্রণয়কোবিদঃ প্রণয়িনী সদৈবোৎসুকা
খলঃ ক্ষতপরাক্রমো গুরুজনঃ খলোক্ত্যসহঃ।
গৃহং গৃহপতিচ্যুতং মনসিজস্য পঞ্চেষবঃ
কলাবতি বহিশ্চরা ইব লসন্ত্যমী পঞ্চ নঃ ॥

সংসারমার্গস্যাধমত্বে তস্য স্বভাব এব মুখ্যং কারণং। যথা হিংস্রজন্তূনাং ক্রূরত্বে তেষাং স্বভাব এব কারণং। কর্ম্মাদীনাং তু গৌণকারণত্বং জ্ঞেয়ং ॥

প্রিয়ঃ কৃষ্ণো মম প্রণয়কোবিদঃ প্রণয়িনী অহং সদৈবোৎসুকা। ক্ষতো নষ্টঃ পরাক্রমো যস্য তথাভূতঃ খলজনঃ। যতো গুরুজনঃ খলস্য তস্য দুর্ব্বাদোক্তিং ন সহতে। যুষ্মাভির্মিথৈব্যব প্রবাদো দীয়তে মম বধূঃ সাধ্বীতি পৌর্ণমাসীমুখাৎ শ্রুতং। গৃহপতিনা স্বামিনা। অতোঽস্মদ্গৃহে শ্রীকৃষ্ণস্যা-

---

অসদ্যোগে, যথা—

এই সংসারমার্গ স্বভাবতঃ অধম, তাহাতে বিবিধ কর্ম্মবন্ধ কটুকণ্টক সদৃশ, ঈদৃশ কণ্টকাকীর্ণ পথে গতায়াত কেবল ক্লেশভোগমাত্র, তথাপি ইহাতে পামর লোকের বিরাগ উৎপন্ন হয় না! ॥

সদসদ্যোগে, যথা—

আমার প্রিয়তম প্রণয়রসজ্ঞ, প্রণয়িনী আমিও সতত উৎসুকা, খলজনও হতবিক্রম হইয়াছে, গুরুজন খলোক্তিতে কর্ণপাত করেন না, গৃহপতিও সতত গৃহবহির্ভূত থাকেন।

অত্র প্রিয়াদয়ঃ সন্তঃ খলোঽসন্ ॥

গুণো গুণক্রিয়াভ্যাঞ্চ ক্রিয়য়া চ ক্রিয়াপরঃ।

অপরঃ সমুচ্চয় ইত্যর্থঃ ॥

গুণেন গুণো যথা ॥

ব্রজপতিনন্দনহৃদয়ং রাধায়ামেধিতাভিলাষঞ্চ।

প্যানয়নে অবসরঃ। তস্মাৎ হে কলাবতি সখি নোঽস্মাকং অমী পঞ্চ কন্দর্পস্য বহিশ্চরাঃ পঞ্চবাণা ইব ন সন্তি। যত্রামীষাং পঞ্চানাং সমাগমস্তত্রৈব কন্দর্পস্য প্রাদুর্ভাবস্তত্র মুখ্যং কারণং শ্রীকৃষ্ণস্য প্রণয়কোবিদত্বমন্যেষাং গৌণ-কারণত্বং জ্ঞেয়ং ॥

যত্র গুণেন সহ গুণো নির্দ্দিষ্টো ভবতি এবং ক্রিয়য়া সহ গুণো নির্দ্দিষ্টো ভবতি তত্র অপরঃ পূর্ব্বোক্তলক্ষণাক্রান্তসমুচ্চয় ভিন্নসমুচ্চয় ইত্যর্থঃ। এধিতোঽভিলাষো যত্র এবম্ভূতং শ্রীকৃষ্ণস্য হৃদয়ং শ্রীরাধায়াং। এবং সা রাধাপি তস্মিন্ শ্রীকৃষ্ণে অনুরক্তা চকারাভ্যামভিলাষানুরাগয়োঃ সাহিত্যস্যাপি বোধো ভবতি। ননু রাধিকা কথং স্ববিষয়কং শ্রীকৃষ্ণস্যাভিলাষং জানাতি

হে কলাবতি! এই পঞ্চ ব্যাপার যেন মনসিজের বহিশ্চর পঞ্চবাণের ন্যায় বিরাজ করিতেছে বলিয়া আমার বোধ হইতেছে! এই শ্লোকে প্রিয়তমাদি সৎ, খল অসৎ ॥

গুণের সহিত গুণের অথবা ক্রিয়ার যোগে এবং ক্রিয়ার সহিত ক্রিয়ার যোগে আর এক প্রকার সমুচ্চয় হইয়া থাকে। যথা—

ব্রজেন্দ্রনন্দনের হৃদয়ও রাধিকাতে বর্দ্ধিতাভিলাষ হইয়াছিল, রাধিকাও সেই ব্রজেন্দ্রনন্দনে একান্ত অনুরক্ত হইয়াছিলেন। তাঁহাদের পরস্পরের প্রতি পরস্পরের যে ঐরূপ অনির্ব্বচনীয় প্রেম, তদ্বিষয়েও তাঁহাদের স্বাভাবিক সর্ব্বজ্ঞতা

সাপি চ ভৃশমনুরক্তা তস্মিন্নিতি সহজভাবসার্ব্বজ্ঞ্যং ॥

অত্র সাভিলাষত্বানুরক্তত্বে গুণৌ ॥

অঞ্চলেনান্যালঙ্কারঃ শুদ্ধোঽয়ং তথা ন চমৎকরোতি অতঃ সঙ্করতয়োদাহৃতং ॥

গুণঃ ক্রিয়য়া যথা ॥

অরুণঞ্চ নীলনলিনপ্রভমপি নয়নং প্রিয়ে ময়ি তে।
আসন্নশ্চ মমায়ং হৃদি কম্পশ্চম্পকদ্যোতে ॥

শ্রীকৃষ্ণো বা কথং স্ববিষয়কং রাধায়া অনুরাগং জানাতি তত্রাহ। সহজেতি। রাধামাধবয়োর্যঃ স্বভাবসিদ্ধো ভাবঃ প্রেমা তেন সার্ব্বজ্ঞ্যমিত্যর্থঃ। যথা যোগিজনো যোগনেত্রেণ অতীতানাগতান্ পশ্যতি তথা এতৌ প্রেমনেত্রেণ পরস্পরানুরাগং পশ্যত ইতি ভাবঃ ॥

এতৎপদ্যস্যাঞ্চলেন অন্যঃ সমনামালঙ্কারোঽপি জ্ঞেয়ঃ ॥

হে প্রিয়ে চম্পকদ্যোতে রাধে তব নীলকমলপ্রভং নয়নং ময়ি বিষয়ে ক্রোধবশাদরুণঞ্চ তদ্দৃষ্ট্বা ভয়াৎ মম হৃদি কম্প আসন্নশ্চ। অত্র হৃদয়নিষ্ঠ-কম্পক্রিয়য়া সহ নয়ননিষ্ঠারুণ্যগুণো নির্দ্দিষ্টঃ ॥

ছিল। এখানে সাভিলাষত্ব ও অনুরক্তত্ব এই গুণদ্বয়ের যোগ হইয়াছে। এই শ্লোকের শেষ ভাগে সম নামক অলঙ্কার হইয়াছে। উহা তাদৃশ চমৎকারকারক না হওয়ায় সঙ্কর-রূপেই উহার উদাহরণ প্রদর্শিত হইল ॥

ক্রিয়ার সহিত গুণ, যথা—

অয়ি চারুচম্পকদামগৌরি! তোমার নীলনলিনপ্রভ নয়ন অরুণবর্ণ হইয়া আমার প্রতি নিপতিত হইল, আমার হৃদয়তলেও সমকালে কম্প উপস্থিত হইল ॥

ক্রিয়য়া ক্রিয়া যথা ॥

হরিরত্তিযাস্যতি মথুরামিতি
বার্ত্তা নঃ শ্রুতী চ বিনিহন্তি।
মম তু সখী ভবতি ন বেত্যপি
শঙ্কা মে মনশ্চ মূর্চ্ছয়তি। ৩৬ ॥ ৪০ ॥

অনেকস্মিন্ ক্রমেণৈকং পর্য্যায়ঃ।

একং বস্তু ক্রমেণানেকস্মিন্ যদি ভবতি আরোপ্যতে বা তদা পর্য্যায়ঃ ॥

তত্র ভবতীতি পক্ষে যথা ॥

একস্ত্বং নিখিলবধূহৃদি প্রবিষ্টঃ
সংক্ষোভং জনয়সি গোকুলেন্দ্রসূনো।

অক্রূরে ব্রজে আগতে সতি ললিতা স্বসখীমাহ। শ্রুতী কর্ণৌ। মম তু সখী শ্রীরাধিকা এতদ্বার্ত্তাং শ্রুত্বা জীবতি ন বেতি শঙ্কা কর্ত্রী মে মনো মূর্চ্ছয়তি অত্র হননক্রিয়য়া সহ মূর্চ্ছনক্রিয়া নির্দ্দিষ্টা। ৩৬ ॥ ৪০ ॥

কলহান্তরিতা শ্রীরাধা কৃষ্ণং প্রতি ভঙ্গ্যা তস্যাকৃতজ্ঞত্বমাহ। একস্ত্বমিতি।

ক্রিয়ার সহিত ক্রিয়া, যথা—

হরি মথুরাপুরী গমন করিবেন, এই কঠোরবার্ত্তাও আমার কর্ণপথ আহত করিতেছে, আমার সখীও আর জীবিত থাকেন কি না থাকেন, এই শঙ্কাও সঙ্গে সঙ্গে আমার চিত্ত মূর্চ্ছিত করিতেছে। ৩৬ ॥ ৪০ ॥

এক বস্তু যদি ক্রমে অনেক স্থানে স্বয়ং স্থিত বা অন্যকর্ত্তৃক আরোপিত হয়, তাদৃশ স্থলে পর্য্যায় অলঙ্কার হইয়া থাকে ॥

ক্রমে উদাহরণ, যথা—

হে গোকুলেন্দ্রনন্দন! একমাত্র তুমি নিখিল ব্রজবধূ-

ত্বামেকং ন হি সকলাঃ প্রবেষ্টুমর্হাঃ
কিং ক্ষোভং বত জনয়ন্তু চেতসস্তে ॥
আরোপ্যত ইতি পক্ষে যথা ॥
মদনেনোজ্ঝিতং বাম্যং রাধে গৃহ্ণাতি তে মনঃ।
মনস্ত্যজতি তে রাগং লোচনে পরিগৃহ্নতঃ ॥

ত্বমেকঃ সন্ সর্ব্বাসাং হৃদি প্রবিষ্টঃ বয়ং বহ্ব্যোঽপি তব একস্মিন্ হৃদি প্রবেষ্টুং ন শক্যাঃ। তস্মাত্তবৈব সামর্থ্যাধিক্যং। এবঞ্চ প্রেমশূন্যেন ত্বয়া সহাস্মাকং প্রীতিরনুচিতেতি ধ্বনিঃ ॥

মানিনীং শ্রীরাধিকাং প্রতি শ্রীকৃষ্ণ আহ। মদনেনেতি। ত্বয়া ময়ি ক্রোধবশান্মদনো বাম্যং গ্রাহিতস্তত এব ত্বদ্ধৃদয়ে কন্দর্পাবেশাভাবান্মানোঽপি বর্ত্ততে সম্প্রতি মদ্দুঃখদর্শনাৎ করুণেন মদনেন ত্বামনাদৃত্য বাম্যং ত্যক্তং অতস্ত্বদ্ধৃদি সম্প্রতি কন্দর্পাবেশো দৃশ্যতে তদপি যত্ত্বং ময়া সহ ন মিলসি তত্র মদ্দুঃখদর্শনেঽপি কঠোরং তব মন এব কারণমতো মদনেন ত্যক্তং বাম্যং জগ্রাহ। তথা তব মনঃ রাগং মদ্বিষয়কানুরাগং। শ্লেষেণ রাগং রক্তিমানং তব লোচনে গৃহ্নতঃ। মদ্বিষয়কস্য তব ক্রোধস্যানুভাবরূপমিতি জ্ঞেয়ং। অত্র মদননিষ্ঠং বাম্যং মনসি আরোপ্যতে ॥

হৃদয়ে প্রবিষ্ট হইয়া তাহাদিগের সংক্ষোভ জন্মাইতেছ, কিন্তু অসংখ্য তাহারা একমাত্র তোমাতে কখনই প্রবেশের যোগ্য নয়, কি রূপে তোমার হৃদয়ে ক্ষোভ জন্মাইবে ? ॥

নিদারুণ মদন যে বামতা বিতরণ করিতেছেন, হে রাধে ! তোমার চিত্ত তাহাই গ্রহণ করিতেছে এবং তোমার চিত্ত যে রাগ পরিত্যাগ করিতেছে, তোমার নয়নদ্বয় তাহাই পরিগ্রহ করিতেছে ॥

যথা বা॥

ত্বয়া ত্যক্তাং রাধে রুষমহহ গৃহ্ণাতি মদন-
স্ত্বদক্ষিভ্যাং ত্যক্তং পরিবহতি রাগং তব মনঃ।
ধিয়া কৌটিল্যং তে পরিহৃতমপাঙ্গোঽধিকুরুতে
পুনঃ সন্ধানার্থং কিমুচিতপদে ন্যস্তমখিলং॥

অন্যো বিপর্য্যয়াৎ।

মানভঙ্গানন্তরং কলহান্তরিতাং শ্রীরাধাং প্রতি শ্রীকৃষ্ণ আহ। ত্বয়েতি। রুষং ক্রোধং মদনো জগ্রাহ। অতএব ক্রুদ্ধঃ সন্ তন্মিলনমপ্রাপ্তং মাং শরেণ বিদ্ধং করোতীতি ভাবঃ। অক্ষিভ্যাং ত্যক্তং রাগং মনঃ পরিবহতি স্বীকরোতীত্যর্থঃ। তথাচ ক্রোধাভাবান্নেত্রয়ো রাগো গতঃ মনসি চানুরাগঃ প্রাদুর্বভূবেতি ভাবঃ। বুদ্ধ্যা পরিহৃতং ত্যক্তং কৌটিল্যং অপাঙ্গোঽধিকুরুতে জগ্রাহেত্যর্থঃ পূর্ব্বং মানসময়ে শ্রীকৃষ্ণস্য দর্শনমপি ন কৃতং অধুনা তু প্রসন্না সতী তমপাঙ্গেন পশ্যতীতি ভাবঃ। তত্রোৎপ্রেক্ষামাহ। পুনর্মান-সময়ে এতেষাং পুনঃ সন্ধানার্থং স্বস্বস্থানে স্থাপনার্থং উচিতপদে যোগ্যস্থানে কিং ত্বয়াঽখিলং ন্যস্তং॥

যথা বা—

হে রাধে! তুমি যে রোষ পরিত্যাগ করিয়াছ, মদন তাহাই গ্রহণ করিতেছে, তোমার অক্ষিযুগল যে রাগ বিসর্জ্জন করিয়াছে, তোমার মন তাহাই গ্রহণ করিতেছে, তোমার বুদ্ধি যে কৌটিল্য পরিহার করিয়াছে, তোমার অপাঙ্গ তাহাই অধিকার করিতেছে। হে সখি! তুমি পুনর্ব্বার মান গ্রহণ সময়ে সন্ধানার্থ কি উহাদিগকে সমুচিত পদে স্থাপিত করিলা?॥

বিপর্য্যয়াৎ উক্তপ্রকারস্য বৈপরীত্যাৎ একস্মিন্নেক-মিত্যর্থঃ ॥

যথা ॥

ভবতীতি পক্ষে।

একস্মিংস্তব হৃদয়ে ব্রজেন্দ্রসূনো
ভূয়স্যো নলিনদৃশঃ কৃতপ্রবেশাঃ।
নাস্ত্যস্মিন্নবসর এব গাঢ়পূর্ণে
তাদৃশ্যো গুণবহুলাঃ কথং বিশন্তু ॥

আরোপপক্ষেতু যথা ॥

শশিমুখি তব রাধিকে কটাক্ষঃ
প্রথমমভূদমৃতদ্রবাতি বর্ষী।

অন্যঃ পর্য্যায়ালঙ্কারঃ ॥

শ্রীরাধিকায়া মানভঙ্গার্থমুদ্যতং শ্রীকৃষ্ণং প্রতি ললিতা আহ। একস্মিন্নিতি। তাদৃশী গুণবহুলা শ্রীরাধিকা কথং বিশতু। গৌরবে বহুবচনং ॥

উক্তপ্রকারের বৈপরীত্যে অর্থাৎ অনেক বস্তুর এক স্থানে ঘটনা বা আরোপণ হইলে আর এক প্রকার পর্য্যায়ালঙ্কার হইয়া থাকে ॥

ক্রমে উদাহরণ, যথা—

হে ব্রজেন্দ্রকুমার! তোমার একমাত্র অন্তঃকরণে বহুসংখ্য সীমন্তিনী লব্ধপ্রবেশ হইয়াছে, তথায় অনুমাত্রও আর অবকাশ নাই। তাদৃশ গাঢ় পূর্ণস্থলে অনন্ত গুণগৌরবসম্পন্না শ্রীরাধা কি রূপে প্রবেশ লাভ করিবেন? ॥

অয়ি শশিমুখি রাধিকে! তোমার নয়ন নিক্ষিপ্ত কটাক্ষ প্রথমতঃ অমৃতদ্রববর্ষী হইয়া ছিল, অনন্তর হৃদয়ে বিনিবিষ্ট

অথ হৃদি বিনিবিষ্ট এব হালা-
হলপরিদিগ্ধশরায়মাণ আস্তে ॥
অত্রৈকস্মিন্ কটাক্ষেঽনেকস্যারোপঃ। ৩৭ ॥ ৪১ ॥
সাধ্যসাধনসদ্ভাবেঽনুমানমনুমানবৎ।
অনুমানে যথা ত্রিবিধো হেতুস্তথাত্রাপি ॥
যথা ॥
ইন্দিবরাক্ষি ভবদক্ষি মনোভবস্য
বাণঃ সুধাংশুমুখি মানসভেদকত্বাৎ।
যেনাহতো মনসি গোকুলরাজসূনুঃ
সন্ধুক্ষতে ন হি বহিঃ কুরুতেঽবহিত্থাং ॥

পরিদিগ্ধো লিপ্তঃ। ৩৭ ॥ ৪১ ॥

অনুবাদিত্যস্য ব্যাখ্যা অনুমান ইত্যাদি ॥

হে ইন্দিবরাক্ষি। যেন ভবাক্ষিরূপবাণেনাহতো বিদ্ধঃ শ্রীকৃষ্ণো ন হি সন্ধুক্ষ্যতে ন হি জীবতি। হে সখে শ্রীকৃষ্ণ কথং ভবানার্ত্ত ইব দৃশ্যতে ইতি সখিভিঃ পৃষ্টোঽপি বহিরবহিত্থামাকারগোপনং করোতি ন তু তত্ত্বতঃ কথয়তি ॥

হইয়া সম্প্রতি বিষদিগ্ধ শরের ন্যায় আচরণ করিতেছে। এখানে একমাত্র কটাক্ষরূপ বস্তুতে অনেকের আরোপ হইয়াছে। ৩৭ ॥ ৪১ ॥

অনুমানে যেমন ত্রিবিধ হেতু থাকে, সেইরূপে কার্য্য-কারণের সদ্ভাব স্থলে অনুমান অলঙ্কার হইয়া থাকে ॥

যথা—

অয়ি ফুল্লেন্দীবরনয়নে! চন্দ্রবদনে! তোমার নয়ন মানসভেদকতা হেতু সাক্ষাৎ মনোভবের বাণস্বরূপ। যে

অত্র ভবদক্ষিপক্ষঃ মনোভবস্য বাণ ইতি সাধ্যং মানসভেদকত্বাদিতি হেতুঃ॥

যথা বা॥

নাভী গৃহং তব কলাবতি মন্মথস্য
লীলাগ্নিহোত্র ভুজদর্পকৃশানুশালি।
এতদ্বলগ্নগগনাঞ্চলচুম্বিচারু-
গন্ধোল্লসত্তনুরুহাবলিধূমহেতোঃ॥

কলাবত্যা নাভী এব মন্মথস্য গৃহমিতি রূপকং তদেব পক্ষঃ। সম্ভোগরূপলীলা এবাগ্নিহোত্রং শ্রীকৃষ্ণস্য ভুজদর্প এব তাদৃশাগ্নিহোত্রস্য কৃশানুরগ্নিঃ স এব সাধ্যং। এতস্যাঃ কলাবত্যা অবলগ্নো মধ্যদেশঃ। বষ্টিভাগুরিরল্লোপমবাপ্যোরুপসর্গয়োঃ আপঞ্চৈব হসান্তানাং যথা বাচা নিশা দিশা ইত্যনেনাল্লোপঃ। স এবাত্যন্তক্ষীণত্বেন গগনপ্রদেশস্তৎসম্বন্ধিনীচারুগন্ধেনোল্লসল্লোমাবলিরেব ধূমঃ স এব হেতুঃ। তথাচ যাজ্ঞিকব্রাহ্মণা যথা গৃহাদুত্থিতং গগনপ্রদেশে উড্ডীয়মানং সুগন্ধধূমবিশেষং হেতূকৃত্যাগ্নিহোত্রীয়বহ্নেরনুমানং কুর্ব্বন্তি তথৈব সখ্যোঽপি নাভিরূপগৃহাদুত্থিতং মধ্যদেশরূপগগনস্পর্শিসুগন্ধরোমাবলী ধূমবিশেষং হেতূকৃত্য সম্ভোগরূপাগ্নিহোত্রীয়স্য ভুজদর্পরূপবহ্নেরনুমানং কুর্ব্বন্তীত্যর্থঃ। ৩৮॥ ৪২॥

বাণে আহত হইয়া গোকুলেন্দ্রনন্দন জীবনাশা বিসর্জ্জন পূর্ব্বক বহির্ভাগে কেবল আকার গোপন করিয়া রহিয়াছেন। এই শ্লোকে রাধিকার নয়নপক্ষ, মনোভবের বাণসাধ্য, মানসভেদকতা হেতু॥

যথা বা—

অয়ি কলাবতি! তোমার নাভি মন্মথের আশ্রয়নিকেতন! ঐ নিকেতনে স্মরলীলা অগ্নিহোত্র যজ্ঞস্বরূপ ও শ্রীহরির ভুজবীর্য্য কৃশানুস্বরূপ। কেন না, সমুন্নত ও সুগন্ধি লোমাবলিরূপ ধূমশিখা মধ্যদেশরূপ গগনতল স্পর্শ করিতেছে, এখানে

অত্র রূপকগর্ভমনুমানং। ৩৮ ॥ ৪২ ॥

বিশেষ্যোক্তিঃ পরিকরঃ স্যাৎ সাকূতৈর্বিশেষণৈঃ ॥

যথা ॥

আত্মারামৈর্বিগতহৃদয়গ্রন্থিভির্মুক্তবন্ধৈ-
র্দেহাধ্যাসপ্রশমশমিভির্ব্রহ্মভূয়ং ব্রজদ্ভিঃ।
চিত্তে চিন্ত্যং কথমপি চিরং ধাম যচ্ছ্যামলং ত-
দ্গোপস্ত্রীণাং কুচকলসয়োর্নীলরত্নং বভূব ॥

অত্রাত্মারামৈরিত্যস্য বিশেষ্যস্য সর্ব্বাণ্যেব বিশেষণানি সাকূতানি। ৩৯ ॥

যত্র সাকূতৈর্বিশেষণৈর্বিশেষ্যস্যোক্তিঃ কথনং তত্র পরিকরনামালঙ্কারঃ। দেহাধ্যাসস্য প্রশমেন শান্ত্যা শমিভির্জিতেন্দ্রিয়ৈরতএব ব্রহ্মস্বরূপং প্রাপ্নুবদ্ভি-রাত্মারামৈঃ কথমপি যথাকথঞ্চিৎ চিত্তে চিন্ত্যং যচ্ছ্রীকৃষ্ণস্বরূপং শ্যামলং ধাম কান্তিবিশেষস্তদেব গোপস্ত্রীণাং নীলরত্নং বভূব। ৩৯ ॥

রূপকগর্ভ অনুমান অলঙ্কার হইয়াছে। ৩৮ ॥ ৪২ ॥

সাভিপ্রায় বিশেষণ দ্বারা বিশেষ্যের উক্তি হইলে পরিকর অলঙ্কার হয় ॥

যথা—

যাঁহাদের হৃদয়গ্রন্থি বিভেদ প্রাপ্ত, যাঁহারা সংসারবন্ধ হইতে বিমুক্ত, দেহাধ্যাসের প্রশমনে যাঁহারা শমদমাদিসম্পন্ন ও ব্রহ্মভাব মগ্ন হইয়াছেন, সেই আত্মারাম ব্যক্তিগণ যাঁহার শ্যামল কান্তি সুচিরকাল ব্যাপিয়া চিত্তক্ষেত্রে চিন্তা করিয়া থাকেন, সেই শ্রীহরি ব্রজসুন্দরীগণের কুচরূপ কাঞ্চনকলসোপরি নীলরত্নরূপে বিরাজ করিয়াছিলেন ॥

এই শ্লোকে "আত্মারাম ব্যক্তিগণ" এই বিশেষ্যের সকল গুলিই সাভিপ্রায় বিশেষণ হইয়াছে। ৩৯ ॥

প্রকৃতস্থগনং ছদ্মব্যাজোক্তিরনিষেধভাক্ ॥

অপহ্নুতিস্তু নিষেধপূর্ব্বা ইয়ং তু ন তথেত্যনিষেধ-ভাগিত্যুক্তং ইয়ন্তু ছদ্মপূর্ব্বৈব ॥

যথা ॥

অহো শৈত্যস্য মহিমা হিমানিল তবেদৃশঃ।
ন শক্যতে গোপয়িতুং কৃতো যেনাধরব্রণঃ ॥

যথা বা ॥

যত্র প্রকৃতার্থস্য স্থগনং সম্বরণং তত্তু ছদ্মমিষমাত্রং কিন্তু প্রকৃতার্থে এব বক্তুস্তাৎপর্য্যং তত্র ব্যাজোক্তির্জ্ঞেয়া এষা অনিষেধভাক্। অপহ্নুতিস্থলে তু প্রকৃতার্থস্য নিষেধপূর্ব্বকসম্বরণমত্র তু প্রকৃতার্থস্য নিষেধং বিনৈব সম্বরণমিতি ভেদো জ্ঞেয়ঃ ॥

হে শীতকালীন হিমানিল তব শৈত্যস্যেদৃশো মহিমা কিয়ান্ বক্তব্যস্ত্বয়াপি গোপয়িতুং ন শক্যতে যেন তব শৈত্যেন জনানামধরে ব্রণঃ কৃতঃ। অত্র হিম-পবনস্য সর্ব্বেষামধরব্রণজনকত্বেন দুঃখদায়িত্বাদমাহাত্ম্যরূপপ্রকৃতার্থস্য সম্বরণং তত্তু মিষমাত্রং কিন্তু দুঃখদায়িত্বাদমাহাত্ম্যে এব বক্তুস্তাৎপর্য্যং ॥

যথায় নিষেধ ব্যতিরেকে ছলক্রমে প্রকৃতের আচ্ছাদন করা যায়, তথায় ব্যাজোক্তি অলঙ্কার হইয়া থাকে ॥

অপহ্নুতি নিষেধ পূর্ব্বক হয়, ইহা সে রূপ না হইয়া ছদ্ম পূর্ব্বক হইয়া থাকে ॥

যথা—

হে হিমানিল! তোমার শৈত্যের ঈদৃশ অপূর্ব্ব মহিমা যে, জনগণের অধরে সেই শৈত্য কর্ত্তৃক সমুৎপাদিত ব্রণ কোন প্রকারেই গোপন করিয়া রাখিবার উপায় নাই ॥

যথা বা—

অলমলমভিলাষেণামুনা বারিখেলা-
কুতুকিনি কমলানামাহৃতেঃ কৌতুকস্য।
কলয় কলিতমঙ্গং কণ্টকৈর্নাললগ্নৈঃ
শিবশিব পরিদষ্টং ষট্পদেনাধরোষ্ঠং। ৪০ ॥ ৪৩ ॥

প্রশ্নপূর্ব্বকমাখ্যানং তৎসামান্যব্যপোহনং॥
তস্য তস্যাপি চ জ্ঞেয়ে ব্যঙ্গ্যত্বে স্যাদথাপরং।
অপ্রশ্নপূর্ব্বকং বাচ্যং পরিসংখ্যা চতুর্ব্বিধা॥

তস্য তস্য চেতি প্রশ্নপূর্ব্বাখ্যানস্য তৎসামান্যব্যপো-

শ্রীরাধিকা কাঞ্চিৎ স্বসখীং স্তনাধরাদৌ সম্ভোগচিহ্নং দৃষ্ট্বা পরিহসন্তী আহ। হে জলখেলাকুতুকিনি কমলাহরণরূপকৌতুকস্যাভিলাষেণালমলং। কণ্টকৈঃ কলিতং বিদ্ধমঙ্গং পশ্য। তথাচ ত্বয়া কুঞ্জমধ্যে জলক্রীড়ার্থমেব গতং তত্র জলমধ্যে স্থিতানাং কমলানামাহরণার্থে গতায়াস্তবাঙ্গস্য কমলনালস্থ-কণ্টকৈঃ করণৈঃ ক্ষতাদিকং জাতং। এবং কমলস্থভ্রমরৈস্তবাধরোষ্ঠং দষ্টং। অত্র প্রকৃতার্থস্য শ্রীকৃষ্ণেন সহ সম্ভোগস্য সম্বরণমাত্রং কিন্তু তাৎপর্য্যং তত্রৈ-বেতি ভাবঃ। ৪০ ॥ ৪৩ ॥

যত্র প্রশ্নপূর্ব্বকমাখ্যানং তত্র পরিসংখ্যেত্যেকং। যত্র চ তৎসামান্যধর্ম্মস্য ব্যপোহনং নিষেধস্তত্রাপি পরিসংখ্যেতি দ্বিতীয়ং। এবং যত্র প্রশ্নপূর্ব্বকাখ্যা-নস্য তৎসামান্যব্যপোহনস্য চ ব্যঙ্গ্যত্বমেব ন তু বাচ্যত্বং তত্রাপরং তৃতীয়ং

অয়ি সলিলক্রীড়াকুতুকিনি! তোমার কমলাহরণরূপ কৌতুকে আর প্রয়োজন নাই। দেখ, তোমার সুকুমার অঙ্গ কমলনাললগ্ন কণ্টকে বিদ্ধ ও অধরোষ্ঠ মত্ত মধুকর কর্ত্তৃক পরিদষ্ট হইয়াছে। ৪০ ॥ ৪৩ ॥

যথায় প্রশ্ন পূর্ব্বক আখ্যান হয় অথবা তাহার সামান্য ধর্ম্মের নিষেধ করা হয়, যথায় উক্ত প্রশ্ন পূর্ব্বক আখ্যান বা তদীয় সামান্য ধর্ম্মনিষেধ ব্যঙ্গ্য হয়, কিম্বা যথায় অপ্রশ্ন পূর্ব্ব-

হনস্য চ ব্যঙ্গ্যত্বং অপ্রশ্নপূর্ব্বকস্য তৎসামান্যব্যপোহনস্য চ বাচ্যত্বং চেতি চতুর্দ্ধা ॥

ক্রমেণোদা ॥

কিং গেয়ং ব্রজকেলিকর্ম্ম কিমতি শ্রেয়ঃ সতাং সংগতিঃ
কিং স্মর্ত্তব্যমনন্তনাম কিমনুধ্যেয়ং মুরারেঃ পদং।
ক্ব স্থেয়ং ব্রজ এব কিং শ্রবণয়োরানন্দি বৃন্দাবন-
ক্রীড়ৈকা কিমুপাস্যমত্র মহসী শ্রীকৃষ্ণরাধাভিধে ॥
কা বিদ্যা হরিভক্তিরেব ন পুনর্বেদাদিনিষ্ণাততা
কীর্ত্তিঃ কা ভগবৎপরোঽয়মিতি যা খ্যাতির্ন দানাদিজা।

যত্রাপ্রশ্নপূর্ব্বকস্য সামান্যব্যপোহনস্য চ বাচ্যত্বং প্রশ্নপূর্ব্বকত্বস্য ব্যঙ্গ্যত্বং তত্র চতুর্থমেবং ক্রমেণ চতুর্দ্ধা পরিসংখ্যা জ্ঞেয়া ॥

রাধাকৃষ্ণাভিধে মহসী পীতশ্যামকান্তী উপাস্যমিত্যর্থঃ ॥

বেদাদিষু নিষ্ণাততা পারঙ্গততা ॥

কের বাচ্যত্ব হয়, তাদৃশ স্থলে পরিসঙ্খ্যা অলঙ্কার হয়। উল্লিখিত স্থলচতুষ্টয়ভেদে পরিসংখ্যা চতুর্ব্বিধ হইয়া থাকে ॥

ক্রমে উদাহরণ, যথা—

কি কীর্ত্তনীয়? ব্রজকেলিকথা, কি অতি শ্রেয়স্কর? সাধুসঙ্গ, কি স্মরণীয়? অনন্তদেবের অনন্ত নাম, কি ধ্যেয়? মুরারির পাদপদ্ম, কোথায় অবস্থান কর্ত্তব্য? ব্রজপুরে, শ্রবণযুগলের পরমানন্দজনক কি? বৃন্দাবনক্রীড়া, উপাস্য কি? রাধাশ্যামনামধারী পীত ও কৃষ্ণকান্তি ॥

বিদ্যা কি? হরিভক্তিই বিদ্যা, বেদাদি বিচক্ষণতা বিদ্যা নহে। কীর্ত্তি কি? ইনি পরম ভাগবত এই বলিয়া যে খ্যাতি, তাহাই কীর্ত্তি, দানাদিজনিতা খ্যাতি কীর্ত্তি নহে।

কা শ্রীঃ কৃষ্ণরতির্ন বৈ ধনজনগ্রামাদি ভূয়িষ্ঠতা
কিং দুঃখং ভগবৎপ্রিয়স্য বিরহো নো হৃদ্ব্রণাদি ব্যথা ॥
বক্রতা মৃগদৃশাং কচপাশে পাণিপাদনয়নাদিষু রাগঃ।
নীবিকেশবসনাদিষু বন্ধঃ সান্দ্রচন্দনরসাদিষু পঙ্কঃ ॥

অত্র ক্ব বক্রতেত্যাদি প্রশ্নপূর্ব্বকাখ্যানস্য তৎসামান্য-ব্যপোহনস্য চ ব্যঙ্গ্যতা ॥

তথাহি ॥

ক্ব বক্রতা মৃগদৃশাং গোপীনাং কচপাশ এব নান্তঃকরণাদৌ কস্যাপীত্যাদি ॥

ব্রজে বক্রতাশব্দঃ স্ত্রীণাং কেশপাশে এব শ্রূয়তে নান্যত্র। তথাচ ব্রজে কুটিলান্তঃকরণজনা ন সন্তীতি ধ্বনিঃ। রাগশব্দো জনানাং পাণিপাদনেত্রেষ্বেব শ্রূয়তে নান্যত্র। তথাচ ব্রজে বিষয়েষু রাগযুক্তা জনা ন সন্তীতি ভাবঃ। এবং ব্রজে কস্যাপি নিগড়াদি বন্ধনং নাস্তি। তথা মৃত্তিকাদীনাং পঙ্কঃ কর্দ্দমো নাস্তীতি জ্ঞেয়ং ॥

শ্রী কি? শ্রীকৃষ্ণে রতিই শ্রী, ধনজনগ্রামাদিবহুলতা শ্রী নহে। দুঃখ কি? ভগবৎ প্রিয় ব্যক্তির বিরহই দুঃখ, হৃদয়-ব্রণাদি ব্যথা দুঃখ নহে ॥

ব্রজপুরীতে হরিণনয়না ললনাগণের কেশপাশেই কুটিলতা ছিল, তাহাদিগের কর-চরণ-নয়নাদিতেই রাগ ছিল, নীবি-কেশ-বসনাদিতেই বন্ধন ছিল ও সান্দ্রচন্দন-রসাদিতেই পঙ্ক ছিল ॥

এখানে "কুটিলতা কোথায়?" এই প্রশ্ন পূর্ব্বক আখ্যানের এবং ললনাগণের কেশপাশেই কুটিলতা ছিল অর্থাৎ কাহারও অন্তঃকরণাদিতে কুটিলতা ছিল না, এই সামান্যধর্ম্ম নিষেধের ব্যঙ্গ্যতা হইয়াছে ॥

প্রত্যাসত্তির্হরিচরণয়োঃ সানুরাগে ন রাগে
প্রীতিঃ প্রেমাতিশয়িনি হরের্ভক্তিযোগে ন যোগে।
আস্থা তস্য প্রণয়রভসস্যোপদেহে ন দেহে
যেষাং তে হি প্রকৃতিকৃতিনো হন্ত মুক্তা ন মুক্তাঃ ॥

অত্র প্রশ্নপূর্ব্বকং ব্যঙ্গ্যং তদন্যব্যপোহনং বাচ্যমিতি ভেদঃ। ৪১ ॥ ৪৪ ॥

যথোত্তরং পূর্ব্বপূর্ব্বহেতুকস্য তু হেতুতা।
তদা কারণমালা স্যাৎ ॥

হরিচরণয়োঃ সানুরাগে বৈষ্ণবে আসক্তিঃ ন বিষয়রাগে। ন যোগেন জ্ঞানকর্ম্মাদৌ। প্রণয়রভসস্য প্রেমাতিশয়স্য উপযোগি সিদ্ধদেহে আস্থা নিত্যত্ববুদ্ধির্ন তু পাঞ্চভৌতিকে সাধকদেহে। তথাচ কে মুক্তা ইতি প্রশ্নো ব্যঙ্গ্যস্তত্রোত্তরং যেষাং বৈষ্ণবাদিষু আসক্ত্যাদিঃ ত এব প্রকৃত্যা স্বভাবেন কৃতিনো মুক্তাঃ ন মুক্তাঃ মুক্তাভিমানিনো মুক্তা ন ভবন্তীত্যর্থঃ। তেষাং ভক্ত্যভাবাৎ। তথাচোক্তং শ্রীদশমে। যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন ইত্যাদৌ তেষামধঃপতনমেবোক্তং। ৪১ ॥ ৪৪ ॥

হরিপাদপদ্মে সানুরাগ ব্যক্তিতেই যাঁহাদের প্রত্যাসত্তি, বিষয়রাগে প্রত্যাসত্তি নাই, প্রেমপ্রকর্ষশালী ভক্তিযোগেই প্রীতি, যোগে প্রীতি নাই, ভগবানের প্রেমাতিশয়ের উপযুক্ত সিদ্ধাদি দেহেই আস্থা, পাঞ্চভৌতিক দেহে আস্থা নাই, তাঁহারাই প্রকৃত কৃতী ও মুক্তপুরুষ, মুক্তাভিমানিগণ মুক্ত নহেন ॥

এখানে প্রশ্নপূর্ব্বকত্ব ব্যঙ্গ্য ও সামান্য ধর্ম্মের নিষেধ বাচ্য হইয়াছে। ৪১ ॥ ৪৪ ॥

পূর্ব্ব পূর্ব্ব হেতুক পদার্থের যদি উত্তরোত্তর হেতুতা হয়, তাহা হইলে কারণমালা অলঙ্কার হইয়া থাকে ॥

পূর্ব্বপূর্ব্বস্য হেতুকার্থস্য উত্তরোত্তরপদার্থস্য যদি হেতুতা তদা তদৈবেত্যর্থঃ॥

যথা॥

সৎসঙ্গমেনৈব ভবেদ্বিরাগো
বিরাগতঃ স্যান্মনসো বিশুদ্ধিঃ।
মনো বিশুদ্ধ্যৈব হরেঃ প্রকাশো
হরেঃ প্রকাশেন কৃতার্থতা স্যাৎ। ৪২॥

ক্রিয়য়ান্যোঽন্যকারণং।
বস্তুদ্বয়ং তদান্যোঽন্যং॥

বস্তুদ্বয়ং যদি ক্রিয়য়াঽন্যোন্যকারণং স্যাত্তদাঽন্যোন্যমিত্যুচ্যতে॥

যথা॥

রাধাভাসো মরকতময়ীং কুর্ব্বতে কৃষ্ণকান্তিং

যদি বস্তুদ্বয়ং স্বস্বক্রিয়য়া পরস্পরকারণং ভবতি তত্র অন্যোঽন্যনামালঙ্কারঃ। যদি শ্রীকৃষ্ণাদ্দূরবর্ত্তিন্যাঃ শ্রীকৃষ্ণস্য কান্তৌ অকস্মাদ্দূরাদেব রাধা-

---

যথা—

সৎসঙ্গেই বৈরাগ্য জন্মে, বৈরাগ্যেই চিত্তশুদ্ধি হয়, চিত্তশুদ্ধি হেতুই হরি প্রকাশ প্রাপ্ত হন এবং হরিপ্রকাশেই কৃতার্থতা প্রাপ্তি ঘটে। ৪২॥

বস্তুদ্বয় যদি ক্রিয়া দ্বারা পরস্পরের প্রতি কারণ হয়, তথায় অন্যোন্য অলঙ্কার হইয়া থাকে॥

যথা—

শ্রীরাধার কান্তিচ্ছটা শ্রীকৃষ্ণকান্তিকে মরকতময়ী করে,

কৃষ্ণস্যাভা অপি চ হরিতী কুর্ব্বতে ধাম তস্যাঃ।
স্থানে স্থানে যদি নিবসতস্তৌ তদা গৌরনীলা-
বেকস্থানে যদি বত তদা তুল্যভাসৌ বিভাতঃ। ৪৩ ॥

প্রশ্নস্যোন্নয়নং যদি।
উত্তরশ্রুতিমাত্রেণোত্তরং স্যাৎ।

প্রতিবচনশ্রবণাদেব পূর্ব্ববচনস্যোত্তরস্য যদ্যুন্নয়নং ভবতি তদা উত্তরালঙ্কারঃ॥

যথা॥

ভম কহ্ন অণ্ণঘরং বিরমহু দে কাবি বঅণপরিবাড়ী।

কান্তয়ঃ স্বক্রিয়য়া লগন্তি তদা কৃষ্ণকান্তিং মরকতময়ীং কুর্ব্বন্তি। এবং তস্যা রাধায়া ধাম কান্তিং দূরাদেব শ্রীকৃষ্ণস্যাভাঃ কান্তয়ঃ স্বক্রিয়য়া হরিতী কুর্ব্বন্তি। যদি তৌ রাধাকৃষ্ণৌ পৃথক্ তয়া স্বস্বস্থানে নিবসতস্তদা গৌরনীলৌ ভবতঃ। কান্তীনাং পরস্পরমিলনাভাবাৎ রাধাকান্তির্গৌরবর্ণা শ্রীকৃষ্ণকান্তির্নীলবর্ণেত্যর্থঃ। যদ্যেকস্মিন্ স্থানে তৌ বসতস্তদা কান্তীনাং পরস্পরপ্রাধান্যেন স্বস্বক্রিয়য়োপমর্দ্দাভাবাদ্বর্ণান্তরাভাবেন তুল্যভাসৌ তৌ বিভাবতঃ। ৪৩ ॥

ভ্রম কহ্ন ইতি। ভ্রম কৃষ্ণান্যগৃহং বিরমতু তে কাপি বচনপরিপাটী।

শ্রীকৃষ্ণের আভাও শ্রীরাধার প্রভাপুঞ্জকে হরিতবর্ণ করিয়া ফেলে, যদি পৃথক্ পৃথক্ স্থানে তাঁহারা অবস্থান করেন, তাহা হইলে দিব্য গৌর ও নীলকান্তি বিলাস করিতে থাকে, আর যদি এক স্থানে স্থিত হয়েন, তাহা হইলে তুল্যপ্রভায় প্রভাসিত হয়েন। ৪৩ ॥

উত্তর শ্রবণমাত্র প্রশ্নের উন্নয়ন হইলে উত্তরালঙ্কার হয়॥

যথা:—

হে কৃষ্ণ! তুমি অন্য নিকেতনে ভ্রমণ কর, তোমার বচনপরিপাটীতে আর প্রয়োজন নাই। আমার সখী এখানে

অম্ম সহী ইধ এক্কা ণ এথ তুহ ওসরো ঠাতুং ॥

অত্র সখ্যাঃ প্রতিবচনে কৃষ্ণস্য কোঽপি প্রশ্নঃ পূর্ব্বং জাত ইতি বুধ্যতে ন চৈতদনুমানং ব্যাপ্ত্যভাবাৎ। ন চাপি কাব্যলিঙ্গং হেতোঃ পদবাক্যার্থতাভাবাৎ। ন তু প্রশ্নস্য প্রতিবচনং জনকো হেতুঃ। তেনেদমলঙ্কারান্তরমেব ॥

প্রশ্নতোঽপি বা।

প্রশ্নতঃ পশ্চাৎ উত্তরং বা উত্তরং ॥

মম সখী অত্রৈকা নাত্র তবাবসরঃ স্থাতুং। ন চাত্রানুমানালঙ্কারো বক্তব্যঃ প্রতি বচনপ্রশ্নয়োঃ পরস্পরব্যভিচারেণ ব্যাপ্ত্যভাবাৎ। নাপ্যত্র কাব্যলিঙ্গালঙ্কারো বক্তব্যঃ। হেতোঃ জনকরূপহেতোঃ তথাচ পদবাক্যার্থতানিষ্ঠজনকরূপহেতুত্বাভাবাদিত্যর্থঃ। এতদেবাহ নত্বিতি প্রশ্নং প্রতি প্রতিবচনং ন জনকো হেতুঃ অপি তু জ্ঞাপক এব হেতুঃ কাব্যলিঙ্গে জনকরূপস্য হেতোরেব গ্রহণাৎ ॥

প্রশ্নানন্তরং যত্রোত্তরং করোতি তত্রোত্তরনামালঙ্কারঃ ॥

একাকিনী আছেন, এস্থানে তোমার অবস্থানের অবসর নাই ॥

এই শ্লোকে সখীর প্রতিবচন শ্রবণে বোধ হইতেছে যে ইহার পূর্ব্বে শ্রীকৃষ্ণ কোন প্রশ্ন করিয়াছিলেন। এস্থলে অনুমানালঙ্কার বলিতে পার না। কেন না প্রতিবচন ও প্রশ্নের পরস্পর ব্যভিচার হেতু ব্যাপ্তির অভাব হইয়াছে। কাব্যলিঙ্গও বলিতে পার না। কেন না, হেতুর বাক্যার্থতা বা পদার্থতা হয় নাই। এবং প্রতিবচন প্রশ্নের প্রতি জনকহেতুও নহে। সুতরাং ইহা পৃথক্ অলঙ্কারই বলিতে হইবে ॥

প্রশ্নানন্তর যথায় উত্তর কৃত হইয়া থাকে, তথায় উত্তরালঙ্কার হয় ॥

যথা ॥

কিং দুর্ল্লভং যন্মনসো ন গোচরঃ
কিং প্রার্থনীয়ং ক্ব চ যন্ন লভ্যতে।
কিং হ্লাদকং যৎ স্মরণেঽপি স স্যাৎ
তত্তচ্চ তৎ কিং ব্রজরাজনন্দনঃ ॥

অত্র চতুর্ব্বিধপরিসংখ্যাতো বিলক্ষণতা। তত্র তত্র সর্ব্বত্রান্যব্যপোহে তাৎপর্য্যং ক্বচিদ্বাচ্যমুখেন ক্বচিদ্ব্যঙ্গ্য-মুখেন। ইহ তু শুদ্ধপ্রশ্নস্য শুদ্ধমুত্তরমিতি ভেদঃ ।৪৪॥৪৫

স হ্লাদঃ। তথাচ যস্য কেবলস্মরণমাত্রাদেবানন্দঃ স্যাৎ স এবানন্দজনক ইত্যর্থঃ। তত্তচ্চ তদ্বস্তু কিমিতি প্রশ্নত্রয়স্যোত্তরং শ্রীকৃষ্ণ এবেতি। তথাচ ঘটপটাদয়ো মনসঃ সামর্থ্যাদেব মনোগোচরা ভবন্তি যথা তথা শ্রীকৃষ্ণো ন কিন্তু যদি স কদাচিন্মনোগোচরো ভবতি তদা স্বপরৈবেতি জ্ঞেয়ং। ৪৪।৪৫॥

যথা—

দুর্ল্লভ পদার্থ কি ? যাহা মনের গোচর নহে, তাহাই দুর্ল্লভ। প্রার্থনীয় কি ? যাহা কোথাও পাওয়া যায় না, তাহাই প্রার্থনীয়। আহ্লাদক কি ? যাহার স্মরণ মাত্র আহ্লাদ উপস্থিত হয়, তাহাই আহ্লাদক। তাদৃশ তত্তৎ বস্তুই বা কি ? ব্রজরাজ নন্দনই তাদৃশ তত্তৎ বস্তু। এখানে পূর্ব্বোক্ত চতুর্ব্বিধ পরিসংখ্যা হইতে এই উত্তরালঙ্কারের বিভিন্নলক্ষণতা হইয়াছে। পরিসংখ্যার চতুর্ভেদেই অন্য নিষেধে তাৎপর্য্য আছে। ঐ নিষেধ কোথাও বাচ্যমুখে, কোথাও ব্যঙ্গ্যমুখে। এখানে শুদ্ধ প্রশ্নের শুদ্ধ উত্তর হওয়ায় তাহা হইতে ভেদ হইতেছে। ৪৪ ॥ ৪৫ ॥

আকারেণেঙ্গিতেনাপি সূক্ষ্মার্থো যত্র লক্ষ্যতে।
প্রকাশ্যতে বাঽন্যস্মৈ চ স সূক্ষ্মঃ কীর্ত্ত্যতে দ্বিধা॥
ক্রমেণোদা॥
রাধায়াঃ করকমলে শিখণ্ডদলপক্ষ্ম লগ্নমালোক্য।
প্রাতঃ সখী বিদগ্ধা লিলেখ তত্রৈব কার্ম্মুকং সশরং॥

অত্র হি বিপরীতরতে কৃষ্ণকেশাকর্ষণবিলগ্নতদ্বর্হাবতংসপক্ষ্মদর্শনেন পুরুষায়িতং তবেদং ময়াবগতমিতি সখী স্ববৈদগ্ধ্যং প্রকটয়িতুং পুরুষস্যৈব ধনুর্দ্ধরত্বং সংগচ্ছত ইতি সশরকার্ম্মুকং লিখিতমিতি সূক্ষ্মং॥

আকারেণ সম্ভোগচিহ্নেন যত্র সূক্ষ্মার্থঃ লক্ষ্যতে। অথবা ইঙ্গিতেন সূক্ষ্মার্থোঽন্যস্মৈ প্রকাশ্যতে তত্র সূক্ষ্মনামালঙ্কারো জ্ঞেয়ঃ॥

রাধায়াঃ করকমলে শিখণ্ডদলপক্ষ্মময়ূরপুচ্ছং লগ্নমালোক্য। তত্রৈব রাধা-করকমলে তথাচ রাধামূর্ত্তিং লিখিত্বা পশ্চাৎ তস্যাঃ করে শরসহিতং ধনুর্লিলেখ। বিপরীতরতে বিপরীতরমণে। তস্য শ্রীকৃষ্ণস্য চূড়াস্থময়ূরপুচ্ছরূপস্যাবতংসস্য শিরোভূষণস্য। সখ্যাং শ্রীরাধিকায়াং স্ববৈদগ্ধ্যং প্রকটয়িতুং তয়া কার্ম্মুকং লিখিতমিত্যর্থঃ॥

যথায় আকারে সূক্ষ্মার্থ লক্ষিত হয়, অথবা যথায় ইঙ্গিতে অন্যের নিকট সূক্ষ্মার্থ প্রকাশিত হয়, তত্তৎস্থলে সূক্ষ্মালঙ্কার হইয়া থাকে॥

ক্রমে উদাহরণ, যথা—

সুচতুরা সখী প্রভাতে শ্রীরাধার করকমলে ময়ূরপুচ্ছ পক্ষ্ম সংলগ্ন দেখিয়া সেই করপল্লবে সশর শরাসন লিখিয়া দিলেন॥

এই শ্লোকে বিপরীত সুরতে কৃষ্ণকেশাকর্ষণ কালে তদীয় বর্হাবতংস পক্ষ্ম পাণিপল্লবে সংলগ্ন হইয়াছে, বিবেচনা করিয়া

ভবনপ্রাঙ্গণসঙ্গতমনঙ্গরসমঙ্গলং কৃষ্ণং ।
সকৃদবলোক্য সলীলং রাধা পিদধেঽবগুণ্ঠনেন মুখং ॥

অত্র চন্দ্রাস্তসময়ে সমাগন্তব্যমিতি কৃষ্ণং প্রতি সঙ্কেতোঽনয়া প্রকটিতঃ স চ সূক্ষ্মঃ। ৪৫ ॥

সারঃ সাঽবধিরুৎকর্ষো যদ্ভবেদুত্তরোত্তরং ॥

সারোঽলঙ্কারঃ ॥

যথা ॥

বর্ষেষু ভারতাভিধমিহ সারো ভারতে চ তীর্থানি ।

বর্ষেষু মধ্যে ভারতাভিধং বর্ষং সারো ভবতি ভারতভূমিঃ সর্ব্বোৎকৃষ্টা ভবতীত্যর্থঃ। ৪৫ ॥

সখী নিজে যে তাঁহার পুরুষায়িত ব্যাপার অবগত হইয়াছেন, ইহা বিদগ্ধতার সহিত বুঝাইবার নিমিত্ত রাধিকার সেই হস্তে ধনুর্ব্বাণ লিখিয়া দিলেন। কেন না, ধনুর্ব্বাণ ধারণ পুরুষের পক্ষেই সঙ্গত ॥

অনঙ্গরসের মঙ্গলময় নিকেতন নন্দনন্দনকে ভবনপ্রাঙ্গণে সঙ্গত দেখিয়া শ্রীরাধা তাঁহার প্রতি একবারমাত্র সবিলাস দৃষ্টিপাত পূর্ব্বক অবগুণ্ঠনে মুখমণ্ডল আবৃত করিলেন। এই শ্লোকে রাধিকা শ্রীকৃষ্ণের প্রতি চন্দ্রাস্তসময়ে যে সমাগমন সঙ্কেত প্রকাশ করিলেন, তাহা অতি সূক্ষ্ম বলিয়া সূক্ষ্মালঙ্কার হইয়াছে। ৪৫ ॥

উত্তরোত্তর যে সাবধি উৎকর্ষ, তাহার নাম সার অলঙ্কার ॥

যথা—

বর্ষের মধ্যে ভারতবর্ষই শ্রেষ্ঠ, ভারতবর্ষে তীর্থ সমূহ

তীর্থেষু চ মথুরৈকা বৃন্দারণ্যং মথুরায়াং ॥ ৪৬ ॥

অত্যন্তভিন্নাধারত্বে যুগপদ্ভাষণং যদি।
ধর্ম্ময়োর্হেতুফলয়োস্তদা সা স্যাদসঙ্গতিঃ ॥

যদাধারো হেতুস্তদাধারং ফলমিতি নিয়মঃ যথা পাপ-পুণ্যকৃতে একাধারে এব দুঃখসুখে তদন্যথাভাবে সঙ্গতি-স্তত্রাপি যুগপদেব হেতুঃ ফলং চ নতু পাপাদিকৃতদুঃখাদি-বৎ কালান্তরব্যবধানং ॥

হেতুফলরূপধর্ম্ময়োরত্যন্তভিন্নাধারত্বে সতি যুগপদেকস্মিন্নেককালে যদি তয়োর্ভাসনং ভবতি তদা অসঙ্গতিনামালঙ্কারঃ। যস্মিন্নেবাধারে হেতুস্তথা স এবাধারো যস্য তথাভূতং ফলং ভবতীতি। তথাচ যস্মিন্নেবাধিকরণে হেতু-স্তস্মিন্নেবাধিকরণে ফলোৎপত্তিরিতি সর্ব্বত্র নিয়মঃ তস্যান্যথা ভাবঃ কারণস্যা-ধিকরণং ভিন্নং কার্য্যোৎপত্তেরধিকরণং ভিন্নমিত্যন্যথা ভাব ইত্যর্থঃ। যথা পাপপুণ্যজন্যে দুঃখসুখে একস্মিন্নেবাত্মনি ভবতঃ। তস্যান্যথা ভাবেঽসঙ্গতিঃ স্যাদিতি। তত্রাপি অসঙ্গতাবপি অসঙ্গত্যন্তরমাহ যুগপদিতি একস্মিন্নেব কালে হেতুঃ ফলং চ ভবতি ॥

শ্রেষ্ঠ, তীর্থের মধ্যে মথুরা ও মথুরা মধ্যে বৃন্দারণ্য শ্রেষ্ঠ পদার্থ। ৪৬ ॥

হেতু ও ফলরূপ ধর্ম্মদ্বয়ের অত্যন্ত ভিন্নাধারত্ব স্থলে যদি সমকালে উৎপত্তি কথন হয়, তাহা হইলে অসঙ্গতি নামে অলঙ্কার হইয়া থাকে। হেতুর যে আধার, ফলেরও সেই আধার হইয়া থাকে, ইহাই নিয়ম। যেমন পাপপুণ্য জন্য আত্মারূপ একমাত্র আধারেই দুঃখ ও সুখ হইয়া থাকে। ঐ নিয়মের ব্যতিক্রম স্থলে অসঙ্গতি হইয়া থাকে। আবার পাপপুণ্যকৃত দুঃখ ও সুখ যেমন কালান্তরে হইয়া থাকে,

যথা॥

তবাধরৌষ্ঠে ক্ষতমঞ্জনঞ্চ মম ব্যথার্ত্তং মলিনং চ চেতঃ।
পীতস্তয়া তে বদনাসবস্ত্বং মত্তঃ কুতোঽনর্থপরম্পরেয়ং॥
নায়ং বিরোধঃ স ত্বেকাশ্রয়ঃ। ৪৭॥ ৪৬॥
কারণান্তরসাহায্যাৎ কার্য্যং যৎ সুকরং ভবেৎ।
বিনা প্রযত্নেন কর্ত্তুঃ স সমাধিরিতীর্য্যতে॥

কাচিন্মানিনী প্রাতঃকালে মানভঙ্গার্থমাগতং শ্রীকৃষ্ণং তস্যাধরে সম্ভোগ-চিহ্নং ক্ষতাদিকং বীক্ষ্যাহ। হে কৃষ্ণ তবৌষ্ঠাধরে ক্ষতমুৎপন্নং মম চেতো ব্যথয়া আর্ত্তং ভবতি। তথা তবৌষ্ঠে অঞ্জনং লগ্নং মম চেতো মলিনং ভবত্যতোঽসঙ্গতিঃ। তত্রাপি রাত্রৌ যস্মিন্নেব ক্ষণে তবাধরে তয়া ক্ষতং কৃতং তদৈব তস্য স্মরণান্মম মনসি ব্যথা জাতা ন তু পাপদুঃখয়োরিব কালব্যবধানমিত্যসঙ্গতিরপি জ্ঞেয়া। এবং তয়া তবাধরাসবঃ পীতস্ত্বং মত্তঃ। সম্ভোগচিহ্নং ধৃত্বা মানভঙ্গার্থমাগতমিদমেব মত্ততাচিহ্নমিতি ভাবঃ॥ ৪৭॥ ৪৬॥

অসঙ্গতি স্থলে সেরূপ না হইয়া সমকালেই কার্য্যকারণের স্থিতি আবশ্যক॥

যথা—

হে কৃষ্ণ! তোমার অধরৌষ্ঠে ক্ষত ও অঞ্জন রহিয়াছে, কিন্তু আমার চিত্ত ব্যথাকাতর ও মলিন হইয়াছে। সে তোমার অধরাসব পান করিয়াছে, কিন্তু তুমিও মত্ত হইয়াছ, এ কি বিচিত্র অনর্থপরম্পরা দেখিতেছি!॥

ইহা বিরোধালঙ্কার নহে। কেন না, একাশ্রয়ত্ব স্থলেই তাহা ঘটিয়া থাকে। ৪৭॥ ৪৬॥

কর্ত্তার বিনা প্রযত্নে কারণান্তরের সাহায্য ঘটনা বশতঃ কার্য্য যদি সুকর হয়, তাদৃশ স্থলে সমাধি নামক অলঙ্কার হইয়া থাকে॥

যথা ॥

ময়ি ব্যগ্রে তস্যাঃ প্রণয়কলহম্লানমনসঃ
প্রসাদে রাধায়াঃ পদপতনমারিপ্সিতবতি।
অকস্মাদম্ভোদব্যতিকরকৃতঃ স্ফূর্জথুরভূৎ
সখে ত্রাসাদেষা সপদি মম কণ্ঠং ধৃতবতী ॥ ৪৮ ॥

শ্লাঘ্যত্বেন ভবেদ্যোগ্যো যদি যোগস্তদা সমং।
সমমিত্যলঙ্কারঃ ॥

যথা ॥

ললামং নারীণামিয়মহহ পুংসাময়মহো
বয়োঽস্যা অস্যাপি প্রকৃতিনবকৈশোরকমিদং।

ময়ীতি। হে সখে সুবল। মানিন্যাঃ শ্রীরাধায়াঃ প্রসাদে প্রসন্নতা-নিমিত্তং তস্যাঃ পাদপতনং ময়ি আরিপ্সিতবতি সতি অকস্মাৎ মেঘসমূহকৃতঃ স্ফূর্জথুর্মহান্ গর্জনশব্দোঽভূৎ ॥ ৪৮ ॥

শ্লাঘ্যত্বেন উভয়োর্যদি যোগ্যো যোগঃ সংযোগো ভবেৎ তদা সমনামা-

যথা—

হে সখে! প্রণয়কলহে কলুষিতচিত্তা রাধিকার প্রসন্নতা সম্পাদনার্থ আমি ব্যগ্র হইয়া তাঁহার চরণধারণে উপক্রম করিলে অকস্মাৎ নভোমণ্ডলে মেঘমণ্ডলীর এরূপ প্রবল গর্জ্জন হইল যে তাহাতে ত্রাস বশতঃ রাধিকা তৎক্ষণেই আমার কণ্ঠালিঙ্গন করিলেন। ৪৮ ॥

শ্লাঘ্যত্বরূপে উভয় বস্তুর অনুরূপ সংযোগ হইলে সম অলঙ্কার হয় ॥

যথা—

শ্রীরাধা রমণীকুলের শিরোমণিস্বরূপা, কৃষ্ণও পুরুষকুলের

প্রসূনেষোর্ভাগ্যান্মিলিতমিব রত্নদ্বয়মিদং
ন রাধাকৃষ্ণাখ্যাং ভজতু কথমাদ্যোঽপি চ রসঃ ॥
এবমশ্লাঘ্যত্বেপ্যূহ্যমুদাহরণং। ৪৯ ॥ ৪৭ ॥
অত্যন্তবৈসাদৃশ্যেন যোগো যদতিদুর্ঘটঃ।
কর্ত্তুঃ ক্রিয়াফলাভাবঃ প্রত্যুতানর্থসম্ভবঃ।
গুণক্রিয়াভ্যাং তে এব কার্য্যকারণয়োশ্চ যৎ।

লঙ্কারঃ। ইয়ং রাধা নারীণাং ললামং শিরোভূষণং। অয়ং শ্রীকৃষ্ণঃ পুংসাং ললামং। অস্যাঃ রাধায়াস্তথা অস্য শ্রীকৃষ্ণস্যাপি প্রকৃত্যা স্বভাবেন সদা নবকৈশোরকমিদং বয়ঃ। কন্দর্পস্য ভাগ্যান্মিলিতমিদং রাধাকৃষ্ণাখ্যং রত্নদ্বয়ং আদ্যঃ শৃঙ্গারো রসঃ কথং ন ভজতু অপি তু ভজত্যেবেত্যর্থঃ। এবমশ্লাঘ্যত্বেনোহ্যং যদুদাহরণং তত্তু কৃষ্ণসম্বন্ধরাহিত্যেন বিগীতত্বাৎ গ্রন্থকারেণ পরিহৃতং ॥ ৪৭ ॥

যত্র ধর্ম্মদ্বয়োরত্যন্তবৈশাদৃশ্যেনাতিদুর্ঘটো যোগো ভবতি। তাদৃশদুর্ঘটমপি যোগং কর্ত্তুর্জনকস্য দ্বয়োর্যোগকরণরূপক্রিয়ায়াঃ সুখরূপফলাভাবঃ প্রত্যুত-দুঃখরূপানর্থস্য সম্ভবশ্চ তত্র বিষম-নামালঙ্কারঃ স চতুর্ব্বিধো ভবতি। চতুর্ব্বিধত্বমেবাহ। গুণক্রিয়াভ্যামিতি। গুণক্রিয়াভ্যাং তে এব গুণক্রিয়ে এব বিরুদ্ধ্যেতে। তথাচ গুণেন গুণো যদি বিরুদ্ধ্যতে তত্র একো বিষমঃ। এবং

শিরোরত্ন সদৃশ। উভয়েরই স্বভাবতঃ নবকৈশোর বয়ঃক্রম। পুষ্পবাণের পরম ভাগ্যবশে এই যে রত্নদ্বয় পরস্পর সুসম্মিলিত হইয়াছে, আদ্যরস কেন ইহাদিগকে ভজনা না করিবে?

অশ্লাঘ্য স্থলেও এইরূপ উদাহরণ ঊহ্য। ৪৯ ॥ ৪৭ ॥

ধর্ম্মদ্বয়ের অত্যন্ত বৈসাদৃশ্য বশতঃ যথায় যোগ নিতান্ত দুর্ঘট, তথায় কর্ত্তার যদি উক্ত যোজনক্রিয়াজনিত সুখাদি ফলের উৎপত্তি না হইয়া প্রত্যুত অনর্থেরই উৎপত্তি হয়, তথায় বিষম নামক অলঙ্কার হইয়া থাকে। ঐ বিষম চতুর্ব্বিধ। গুণ ও ক্রিয়ার সহিত যদি গুণ ও ক্রিয়ার বিরোধ

পরস্পরং বিরুদ্ধ্যেতে বিষমঃ স চতুর্বিধঃ ॥
তে এব গুণক্রিয়ে এব ॥
ক্রমেণোদা ॥
শিরীষকুসুমাদপি প্রকৃতিকোমলং তদ্বপুঃ
কুকূলবিষশূলয়োর্ব্যতিকরোঽনুরাগজ্বরঃ।
তথাপি সহতেতরাং তমমুনৈব রাধা চিরং
ন বাঙ্মনসগোচরঃ সহজভাববন্ধক্রমঃ ॥

ক্রিয়য়া ক্রিয়া যদি বিরুদ্ধ্যতে তদা দ্বিতীয়ঃ। তথা কার্য্যকারণয়োর্গুণ-ক্রিয়াভ্যাং তে এব বিরুদ্ধ্যেতে। তথাচ যদি কার্য্যকারণনিষ্ঠগুণেন কার্য্য-কারণনিষ্ঠগুণো বিরুদ্ধ্যতে তদা তৃতীয়ঃ। এবং তন্নিষ্ঠক্রিয়য়া বিরুদ্ধ্যতে চেত্তদা চতুর্থঃ। এবং ক্রমেণ চতুর্ব্বিধো বিষমো ভবতি ॥

তস্যাঃ রাধায়া বপুঃ প্রকৃত্যা স্বভাবেন সদা কোমলং। কুকূলবিষশূলয়ো-স্তুষাগ্নিবিষাক্তশূলয়োঃ সমূহরূপঃ শ্রীকৃষ্ণবিষয়কানুরাগজ্বরঃ। তথাপি অমুনা বপুষা তং অনুরাগজ্বরং সহতে ন তু ত্যজতি অতএব ন বাঙ্মনসেত্যাদি। সহজভাবঃ স্বভাবসিদ্ধপ্রেমা। অত্র কোমলস্পর্শগুণেনানুরাগরূপগুণো বিরু-দ্ধ্যতে ॥

হয়, তাহা হইলে দুই প্রকার এবং কার্য্যকারণনিষ্ঠ গুণ ও ক্রিয়ার সহিত যদি কার্য্যকারণ নিষ্ঠগুণ ও ক্রিয়ার বিরোধ হয়, তাহা হইলে দুই প্রকার, সাকল্যে এই চারি প্রকার হয় ॥

ক্রমে উদাহরণ, যথা—

শ্রীরাধার শরীর স্বভাবতঃ শিরীষকুসুমাপেক্ষাও সুকুমার, শ্রীকৃষ্ণবিষয়ক অনুরাগজ্বরও তুষাগ্নি ও বিষাক্তশূলের সন্নিপাত সদৃশ সুদারুণ। তথাপি তিনি সেই শরীর দ্বারাই এই বিষম অনুরাগজ্বর সুচিরকাল সহ্য করিতেছেন! স্বভাবসিদ্ধ সদ্ভাব-বন্ধনক্রম এইরূপই বাক্যমনের অগোচর ॥

অত্র গুণো গুণেন ॥

সংসারদাবগ্লপিতং মনো মে
শিশ্রায় তাপপ্রশমায় কৃষ্ণং।
স নির্ঘৃণস্তদ্বত লব্ধমাত্রং
সমূলমুন্মূলিতমেব চক্রে ॥

অত্র ক্রিয়া ক্রিয়য়া ॥

পীযূষবীরুধো বীজমেকমেব মমান্তরে।
অঙ্কুরাঃ কিমমী তস্মাদ্বহবো বিষবীরুধাং ॥

অত্র কার্য্যভূতানামঙ্কুরাণাং বহুত্বেন গুণেন কারণভূতস্য বীজস্যৈকত্বং গুণো বাধ্যতে ॥

সংসাররূপদাবাগ্নিনা গ্লানিযুক্তং মম মনঃ শ্রীকৃষ্ণং শিশ্রায়। স শ্রীকৃষ্ণঃ নির্ঘৃণঃ কৃপারহিতঃ শরণার্থং লব্ধমাত্রং তন্মনঃ সমূলং বাসনাসহিতং উন্মূলিতং চকারঃ। তথা শ্রীকৃষ্ণশ্চরণারবিন্দাশ্রয়ণমাত্রেণ সংসারজ্বালায়া মূলভূতস্য মনোঘটিতলিঙ্গদেহস্য নাশং চকারেত্যহো তস্য কৃপালুতা ইতি ব্যাজস্তুতিরপি জ্ঞেয়া। অত্রাশ্রয়ণক্রিয়য়া উন্মূলনক্রিয়া বিরুদ্ধ্যতে ॥

এই শ্লোকে গুণের সহিত গুণের বিরোধ হইয়াছে ॥

সংসারদাবানলে গ্লানিপ্রাপ্ত হইয়া আমার চিত্ত তাপপ্রশমনের নিমিত্ত শ্রীকৃষ্ণের পাদপল্লবের ছায়া আশ্রয় করিল, কিন্তু তিনি এমনি নিষ্করুণ যে আশ্রয় লাভ করিবামাত্র সেই চিত্তকে সমূলে উন্মূলিত করিলেন ॥

এই শ্লোকে ক্রিয়ার সহিত ক্রিয়ার বিরোধ হইয়াছে ॥

আমার হৃদয়ে অমৃতলতার একটীমাত্র বীজ ছিল। সেই বীজ হইতে বিষলতার এই অসংখ্য অঙ্কুর কিরূপে উদ্ভূত হইল! ॥

এই শ্লোকে প্রেম অমৃতলতার বীজ, তাহা হইতে বিরহ-

পীযূষবিষয়োশ্চ কার্য্যকারণরূপত্বাদ্বৈধর্ম্ম্যং।
প্রেমবীজপরানন্দস্যন্দিরোপিতমন্তরে।
তস্যাঙ্কুরাঃ কুকূলস্য স্ফুলিঙ্গা ইব দাহকাঃ॥

অত্র কার্য্যস্য দহনক্রিয়য়া কারণস্য পরমানন্দস্যন্দনক্রিয়া বিরুদ্ধ্যতে। ৫০॥ ৪৮॥

আধেয়াধারয়োর্ভূম্নোর্মিথস্তৎপ্রতিযোগিনৌ।
ততোঽপ্যধিকভূমানৌ স্যাতাং তদধিকং ভবেৎ॥
অধিকনামালঙ্কারঃ॥

পীযূষবীরুধো বীজং প্রেম তত্র একমেব তস্যাঙ্কুরা বিরহজন্যজ্বালারূপা-বহবঃ। একস্য বীজস্য বহবোঽঙ্কুরা ন সম্ভবন্ত্যতো বিরোধঃ পীযূষবিষয়োরপি বিরোধশ্চ॥

তস্য প্রেম্নোঽঙ্কুরাঃ অনুরাগাদ্যাঃ দাহকাঃ শ্রীকৃষ্ণেন সহ বিচ্ছেদাদিতি ভাবঃ। ৫০॥ ৪৮॥

ভূম্নোঃ ব্যাপকয়োঃ। তৎপ্রতিযোগিনাবিতি আধেয়স্য প্রতিযোগী আধারঃ আধারস্য প্রতিযোগী আধেয় ইত্যর্থঃ। তথাচাধেয়াপেক্ষয়া যদি আধারো ব্যাপকো ভবতি। অথবা আধারাপেক্ষয়া যদি আধেয়ো ব্যাপকো ভবতি তদা অধিকনামালঙ্কারঃ॥

জন্য জ্বালাদি বহুতর অঙ্কুর উৎপন্ন হইয়াছে। কিন্তু কার্য্যভূত অঙ্কুরের বহুত্বগুণের সহিত কারণভূত বীজের একত্বগুণের বাধ্যবাধকতা হইয়াছে। অমৃত ও বিষের কার্য্যকারণভাবহেতু বৈধর্ম্ম্য হইয়াছে॥

পরমানন্দনিস্যন্দী প্রেমবীজ অন্তঃকরণে রোপণ করিয়াছিলাম। তাহারই অঙ্কুর সকল তুষাগ্নির স্ফুলিঙ্গের ন্যায় দাহকারী হইয়াছে। এখানে কার্য্যভূত দহনক্রিয়ার সহিত কারণভূত পরনানন্দস্যন্দনক্রিয়া বিরুদ্ধ হইয়াছে। ৫০। ৪৮॥

ব্যাপক আধার ও আধেয়ের প্রতিযোগিদ্বয়ও যদি ততো-

ক্রমেণোদা ॥

অহো তে মনসঃ সুভ্রু বিশালত্বমিদং মহৎ
ত্রিলোক্যাং যো ন মাত্যেষ যত্র মাভি রমাপতিঃ ॥
অত্রাধেয়স্য ভূয়স্ত্বেঽপি আধারস্য ততোঽপি ভূয়স্ত্বং ॥
আং বেদ্মি যস্যাং প্রতিরোমকূপং
ব্রহ্মাণ্ডভাণ্ডানি সমুল্লসন্তি।
তস্যাং তনৌ তে ন মমৌ মুকুন্দ
তস্যাঃ সমালোকমহোৎসবোঽয়ং ॥

অত্রাধেয়স্য শ্রীকৃষ্ণস্য। আধারস্য রাধিকামনসঃ ॥

পূর্ব্বরাগানন্তরং শ্রীরাধায়া সহ মিলনাজ্জাতং শ্রীকৃষ্ণস্যাহত্যুৎসবং দৃষ্ট্বা পৌর্ণমাসী সপরিহাসমাহ। আমিতি। হে মুকুন্দ তস্যাং তব তনৌ তস্যাঃ রাধায়া দর্শনজন্যমহোৎসবঃ ন মমৌ স্থাতুমবকাশং ন লভত ইত্যর্থঃ ॥

ধিক ব্যাপক হয়, তাহা হইলে অধিক নামক অলঙ্কার হইয়া থাকে ॥

ক্রমে উদাহরণ, যথা—

হে সুভ্রু! তোমার অন্তঃকরণের বিশালত্ব কি বিস্ময়কর! কেন না, ত্রিলোকীতেও যাঁহার পরিমাণ হয় না, সেই ত্রিলোকীতিলক রমাপতি সেই অন্তঃকরণে পরিমিত হইয়াছেন ॥

এখানে আধেয়ের বহু বিস্তার হইলেও আধারের তাহা হইতেও বিপুলতা হইয়াছে ॥

হে মুকুন্দ! আমি বুঝিয়াছি, তোমার যে শরীরের প্রতি লোমকূপে অনন্ত ব্রহ্মাণ্ড বিরাজ করে, তথায় আজি রাধাবলোকনজনিত অতিবিপুল মহোৎসব স্থান প্রাপ্ত হইতেছে না॥

অত্রাধারভূয়স্ত্বেঽপি আধেয়স্য ততোঽপি ভূয়স্ত্বং। ৫১ ॥

অপকর্য্যপকারার্থ সসামর্থ্যেন তৎপরং।
হিনস্তি যত্তদীয়োক্তিঃ প্রত্যনীকং স্তবো যদি ॥

অপকারিণোঽপকারাসামর্থ্যেন তৎপ্রিয়স্য যোঽপকারস্তদুক্তিঃ স্তবরূপা যদি ভবতি তদা প্রত্যনীকং ॥

যথা ॥

মাধুর্য্যমাদায় তবাননেন
কলঙ্কসারো বিহিতঃ শশাঙ্কঃ।
তেনৈষ রাধে তব বল্লভত্বা-
দসন্নিধানে তব মাং হিনস্তি। ৫২ ॥ ৪৯ ॥

অপকর্ত্তুরপকারাসামর্থ্যেন তৎপ্রিয়স্য যত্রাপকারবর্ণনং এবং তদুক্তিস্তদ্বর্ণনরূপোক্তিস্তবরূপা ভবতি চেত্তদা প্রত্যনীকনামালঙ্কারঃ। ৫১ ॥

হে রাধে তবাননেন চন্দ্রস্য মাধুর্য্যমাদায় চন্দ্রঃ কলঙ্কসারো বিহিতঃ কৃতস্তেন হেতুনা এষ চন্দ্রস্তব প্রিয়ত্বাৎ মাং তবাসন্নিধানে হিনস্তি বিচ্ছেদে চন্দ্রস্যোদ্দীপকত্বেন পীড়াকরত্বং জ্ঞেয়মিতি ভাবঃ। ৫২ ॥ ৪৯ ॥

এস্থলে আধারের বাহুল্যসত্ত্বেও আধেয়ের ততোঽধিক বিপুলতা হইয়াছে। ৫১ ॥

অপকারি ব্যক্তির অপকার করণে অসামর্থ্যহেতু তাহার প্রিয় ব্যক্তির যদি অপকার করণ বর্ণনা হয় এবং ঐ বর্ণনা যদি স্তবরূপা হয়, তাহা হইলে প্রত্যনীক অলঙ্কার হইয়া থাকে ॥

যথা—

হে রাধে! তোমার বদনমণ্ডল শশাঙ্কের সমগ্র মাধুর্য্য সংগ্রহ পূর্ব্বক তাহাকে কলঙ্কসার করিয়াছে। সেই হেতু সেই শশাঙ্ক তোমার অসন্নিধানমাত্র তোমার প্রিয় বলিয়া আমাকে নিতান্ত ব্যথিত করিতেছে। ৫২ ॥ ৪৯ ॥

তুল্যেন লক্ষ্মণাস্তোকেনান্যদ্যদি নিগূহ্যতে।
সহজেনেতরেণাপি তন্মীলিতমপি দ্বিধা ॥

একেন বস্তুনাঽন্যদ্বস্তু যদি তুল্যেন অস্তোকেন চিহ্নেন নিগূহ্যতে সহজেন স্বাভাবিকেন ইতরেণ আগন্তুকেন বা স মীলিতনামালঙ্কারঃ ॥

ক্রমেণোদা ॥

স্বতশ্চপললোহিতে সুমুখি রাধিকে তে দৃশৌ
গতং সহজমানসং প্রকৃতিমন্দমন্দস্মিতং।
স্বভাবমৃদুবক্রতা ললিতমর্দ্ধমর্দ্ধং বচো
মদশ্চ মদনোঽথ বা মধুমদশ্চ কৈর্লক্ষ্যতাং ॥

একেন অস্তোকেন মহতা তুল্যেন চিহ্নেন। কথম্ভূতেন স্বাভাবিকেনাথবা আগন্তুকেন অন্যদ্বস্তুনিগূহ্যতে সম্বরণং ক্রিয়তে যদি তদা মীলিতালঙ্কারঃ ॥

হে রাধে তব নেত্রং স্বভাবতশ্চঞ্চলং তথা আরক্তং চ ভবতি এব মত্ততাজন্যমপি নেত্রস্য তদ্দ্বয়ং তবত্যতস্তব মদো যৌবনমত্ততা মদনঃ কন্দর্পবিকারঃ মধুমদো মধুপানজন্যমত্ততা। তথাচ এতত্ত্রয়ং কৈর্লক্ষ্যতামিত্যর্থঃ। অত্র চ সভাবসিদ্ধেন মহতা নেত্রস্য চাঞ্চল্যেনারুণ্যেন চ যৌবনমত্ততাদিজন্যত্রয়ং সম্বৃতং বভূব। এবমুত্তরত্রাপি জ্ঞেয়ং। গতং গমনং। স্বভাবাদেব তব মৃদুতা কদাচিদ্বক্রতা চ এবং মত্তস্যাপ্যেবং ভবতি ॥

স্বাভাবিক বা আগন্তুক, সদৃশ ও সুস্পষ্ট চিহ্ন দ্বারা এক বস্তু কর্ত্তৃক যদি অন্য বস্তু নিগূহিত হয়, তাহা হইলে মীলিত-নামা অলঙ্কার হয়।

ক্রমে উদাহরণ, যথা—

অয়ি রাধিকে! তোমার নয়নযুগল স্বভাবতঃ চঞ্চল ও লোহিত, গমন সহজ-মন্থর, হাস্য স্বভাবতঃ মৃদুমন্দ, বাণীও

সংজাতকম্পোৎপুলকাং হিমাগমে
স্নানোত্থিতাং কৃষ্ণ দৃগন্তপাতিনীং।
শীতার্দ্দিতা ভাববতী নু বেতি তাং
বিজ্ঞাপি ন জ্ঞাতবতী সখীং সখী॥

পূর্ব্বত্র সহজমুত্তরত্রাগন্তুকং। ৫৩॥ ৫০॥

স্থাপ্যতে খণ্ড্যতে বাপি পূর্ব্বং পূর্ব্বং পরেণ যৎ।
বিশেষেণ তয়া বস্তু সা দ্বিধৈকাবলী ভবেৎ॥

পরেণ পরেণেত্যর্থঃ॥

শ্রীকৃষ্ণে দৃগন্তপাতিনীং। তথাচ স্নানাদুত্থিতা শ্রীরাধা যদা শ্রীকৃষ্ণং পশ্যতি তদা দ্বিবিধঃ কম্পো জাতঃ কিন্তু স্নানাদুত্থিতেনাগন্তুকেন কম্পেন শ্রীকৃষ্ণদর্শনজন্যঃ কম্প আবৃতো বভূবাতঃপরমবিজ্ঞাপি সখী কিমপি ন জ্ঞাতবতী। ৫৩॥ ৫০॥

যদি পরেণ পরেণ বিশেষণেন পূর্ব্বং পূর্ব্বং বস্তু স্থাপ্যতে কিম্বা খণ্ড্যতে তত্র একাবলীনামালঙ্কারঃ॥

প্রকৃতি সুকুমার, বক্রতা-ললিত ও অসম্যক্ উচ্চারিত। অতএব হে সুমুখি! তোমার যৌবনমদ, মধুমদ ও মদন, কে ইহাদিগকে লক্ষ্য করিতে সমর্থ হইবে?॥

স্নানোত্থিতা ও পরক্ষণেই শ্রীকৃষ্ণের লোচন-গোচরে নিপতিতা হইয়া শ্রীরাধা কম্প ও লোমাঞ্চে পরিব্যাপ্তা হইলেন। কিন্তু তিনি শীতাতুরা অথবা ভাববতী হইয়া উক্ত কম্প ও রোমাঞ্চে অঞ্চিতা হইয়াছেন, বিজ্ঞা সখীও তাহা বিজ্ঞাত হইতে পারিল না॥

এখানে প্রথমোদাহরণে চিহ্ন সহজ, দ্বিতীয়ে আগন্তুক। ৫৩॥ ৫০॥

যদি পর পর বিশেষণ দ্বারা পূর্ব্ব পূর্ব্ব বস্তু স্থাপিত বা

ক্রমেণোদা ॥

যস্যাং রজন্যঃ স মণিপ্রদীপা
মণিপ্রদীপাশ্চ রতেঽপ্যহার্য্যাঃ।
রতঞ্চ কৃষ্ণপ্রণয়ৈকসারং
কৃষ্ণশ্চ সর্ব্বাস্ববলাসু তুল্যঃ ॥

স্থাপনং ॥

প্রীতির্ন সা প্রৈতি ন যা পরং জনু-
র্ন তজ্জনুর্যন্ন মহাকুলোদ্ভবং।
মহাকুলং তচ্চ ন যন্ন বৈষ্ণবং
ন বৈষ্ণবঃ সোঽপি ন যো ব্রজপ্রিয়ঃ ॥

যস্যাং পূর্য্যাং রাত্রৌ মণিপ্রদীপাঃ সদা তিষ্ঠন্ত্যতস্তেষাং নায়িকাকর্ত্তৃক-নির্ব্বাণাসামর্থ্যাৎ রতেঽপি রমণসময়েঽপি। অহার্য্যা নির্ব্বাণং কর্ত্তুমশক্যাঃ। রমণঞ্চ শ্রীকৃষ্ণেন সহ প্রণয়ৈকমূলং নতু কামোপাধিকং ॥

যাঽপরং স্বভিন্নজীবমাত্রং ন প্রৈতি ন ব্যাপ্নোতি সা প্রীতিরেব ন ভবতি। তথাচ স্বস্মিন্নেব সর্ব্বে প্রীতিং কুর্ব্বন্ত্যতঃ সা প্রীতিরেব ন ভবতীতি ভাবঃ। তজ্জন্মৈব ন যৎ জন্ম যন্মহাকুলং অবৈষ্ণবং বৈষ্ণবসম্বন্ধি ন ভবতি। স বৈষ্ণবোঽপি ব্রজপ্রিয়ো যস্য তথাভূতো ন ভবতি ॥

খণ্ডিত হয়, তাদৃশস্থলে একাবলী অলঙ্কার হইয়া থাকে। ঐ একাবলী দ্বিবিধা ॥

ক্রমে উদাহরণ, যথা—

যে নগরীতে নিশা সময় মণিময় প্রদীপে পরিশোভিত হয়, মণিময়-প্রদীপপুঞ্জ সুরতসময়েও নির্ব্বাপণের অযোগ্য হয়, ঐ সুরত সমুদয়ও কৃষ্ণপ্রণয়সর্ব্বস্ব, শ্রীকৃষ্ণও সর্ব্বসীমন্তিনীতে তুল্য দৃশ্য ॥

যাহা পরজন্মে সম্বদ্ধ না হয়, সে প্রীতি প্রীতিই নহে, যে

অত্র খণ্ডনং ॥ ৫৪ ॥

পূর্ব্বানুভূতস্মরণং তৎসমানে বিলোকিতে।

স্মরণং।

উদা ॥

বিসশকলমেকমদতা বিলোলদীর্ঘং রথাঙ্গযুগলেন।

ছিন্নার্দ্ধহাররাধাস্তনঘটয়োঃ স্মারিতঃ কৃষ্ণঃ ॥ ৫৫ ॥

ভ্রান্তিমান্ তদ্ধীরতস্মিন্ সাম্যভাজি যৎ।

সাম্যং সাদৃশ্যং ॥

যত্র তৎসদৃশবস্তুদর্শনাৎ তস্য স্মরণং ভবতি তত্র স্মরণনামালঙ্কারঃ। একং বিসশকলং মৃণালখণ্ডং অদতা ভোজনং কুর্ব্বতা চক্রবাকযুগলেন ছিন্নার্দ্ধহার-বিশিষ্টয়োঃ রাধাস্তনঘটয়োঃ শ্রীকৃষ্ণঃ স্মারিতঃ অত্র স্মরণার্থকধাতুযোগে কর্ম্মণি ষষ্ঠী। অত্র মৃণালখণ্ডদর্শনেন ছিন্নার্দ্ধহারস্য স্মরণং চক্রবাকদ্বয়দর্শনেন স্তনয়োঃ স্মরণং জ্ঞেয়ং ॥

অত্র অস্মিন্ তদ্ভিন্নে অথ চ তৎসদৃশে বস্তুনি যত্র তস্য বুদ্ধিস্তত্র ভ্রান্তিমান্

জন্ম মহাকুলে গৃহীত না হয়, তাহা জন্মই নহে, যে মহাকুল বিষ্ণুপরায়ণ নহে, তাহা মহাকুলই নহে এবং সে ব্যক্তি বিষ্ণু-পরায়ণই নহে, যে ব্রজপ্রিয় নহে ॥

উদাহরণদ্বয়ের প্রথমটীতে স্থাপন ও দ্বিতীয়ে খণ্ডন হইয়াছে ॥ ৫৪ ॥

সদৃশবস্তু বিলোকনে পূর্ব্বানুভূত পদার্থের স্মরণ হইলে স্মরণ নামক অলঙ্কার হয় ॥

উদাহরণ, যথা—

চক্রবাকযুগল সুদীর্ঘ ও সুচঞ্চল মৃণালখণ্ড ভক্ষণ করিতেছে দেখিয়া শ্রীকৃষ্ণের অন্তঃকরণে ছিন্নার্দ্ধহারধারী রাধাপয়োধরযুগল স্মরণ হইল ॥ ৫৫ ॥

যথা ॥

তাপিঞ্ছদ্রুমমঞ্জরীতি নখরৈশ্ছিত্বা শ্রুতৌ কুর্ব্বতে
যাং কাশ্চিৎ কবরীভরে কুবলয়শ্রেণীতি যাং কাশ্চন।
গাহন্তে কুলসুভ্রুবোঽপি যমুনাবন্যেতি যা মঙ্গনে
কৃষ্ণস্য ব্রজরঞ্জনী জয়তি সা তেজস্তরঙ্গাবলিঃ ॥

যথা বা ॥

পৃষ্ঠে মণীন্দ্রমহসি প্রতিবিম্বমেব
কেশস্য কেশপরিশেষ ইতি ভ্রমেণ।

অলঙ্কারঃ। শ্রীকৃষ্ণস্য তেজোরূপনদ্যা দূরদেশব্যাপিনী তরঙ্গাবলির্জয়তি। যাং তেজস্তরঙ্গাবলিং কাশ্চিদ্‌ব্রজস্ত্রিয়স্ত মানবৃক্ষস্য মঞ্জরীতি বুদ্ধ্যা কর্ণে কুর্ব্বতে। কাশ্চিৎ নীলোৎপলশ্রেণীতি বুদ্ধ্যা। কাশ্চিৎ যমুনায়া বন্যা জলসমূহ ইতি বুদ্ধ্যা স্বস্যাঙ্গনে এব গাহন্তে স্নানং কুর্ব্বন্তি ॥

সা ব্রজসুন্দরী শ্রীকৃষ্ণস্য কেশবন্ধনে কর্ম্মণি ব্যগ্রধীরজনি ব্যগ্রত্বে কারণ-

---

সাদৃশ্যবশতঃ অতদ্বস্তুতে তদ্বস্তু বুদ্ধি হইলে ভ্রান্তিমান্ অলঙ্কার হয় ॥

যথা—

শ্রীকৃষ্ণের সেই ব্রজরঞ্জনকারিণী, দিগন্তব্যাপিনী শ্রীদেহ-দীপ্তিলহরী, যাহাকে তমালতরুর তরুণপল্লববোধে কতিপয় গোপী নখরে ছেদন পূর্ব্বক কর্ণাবতংসকরণের কামনা করিয়াছিল, কেহ বা কুবলয়াবলী বিবেচনায় কবরীভারে আরোপণোদ্যম করিয়াছিল, কেহ কেহ বা যমুনাজলরাশি ভ্রমে অঙ্গনেই অবগাহনের উপক্রম করিয়াছিল, তাহা এই ত্রিলোকীতলে অতুল উৎকর্ষ প্রাপ্ত হউক ॥

যথা বা ॥

ইন্দ্রনীলমণিপ্রভ পৃষ্ঠদেশে নিপতিত কেশপ্রতিবিম্বদর্শনে

উল্লাসয়ন্ত্যসকৃদঙ্গুলিপল্লবেন
সা ব্যগ্রধীরজনি কেশব কেশবন্ধে। ৫৬॥ ৫১॥
উপমানস্য ধিক্কার উপমেয়স্তুতৌ যদি।
প্রতীপমুপমানস্য ধিক্কৃত্যৈ চোপমেয়তা॥

উপমেয়স্তুত্যর্থং উপমানধিক্কারো যদি তদা প্রতীপং যদি বা ধিক্কারায়ৈব উপমানস্যৈবোপমেয়তা তদা চেতি দ্বিবিধং॥

ক্রমেণোদা॥
তব জয়তি জগত্যাং রাধিকে ভ্রূবিভঙ্গে
কিমিতি কুসুমচাপশ্চাপমন্যং বিভর্ত্তি।

মাহ। মণীন্দ্রঃ ইন্দ্রনীলমণিস্তদ্বন্মহস্তেজো যস্য তথাভূতে পৃষ্ঠে কেশস্য প্রতিবিম্বমেব কেশস্য পরিশেষোঽগ্রভাগ ইতি ভ্রমেণ অসকৃৎ উল্লাসয়ন্তী ঊর্দ্ধং নয়ন্তী। ৫৬॥ ৫১॥

তবেতি হে রাধিকে তব ভ্রূবিভঙ্গে চাপে বিজয়তি সতি কিমর্থং কুসুমচাপঃ কন্দর্পঃ অন্যং চাপং ধনুর্বিভর্ত্তি। অত্র রাধিকাভ্রূচাপস্য স্তুত্যর্থং

উহা কেশরাশিরই শেষভাগ এই বিবেচনায় ব্রজবিলাসিনী অঙ্গুলিদলে উত্তোলনপূর্ব্বক কেশবের ঐ কেশকলাপের বন্ধনবিষয়ে আগ্রহবতী হইয়াছিলেন। ৫৬। ৫১॥

উপমেয়ের প্রশংসার্থ যদি উপমানের তিরস্কার করা যায়, অথবা তিরস্কারাভিপ্রায়ে উপমানকেই উপমেয়রূপে কল্পনা করা যায়, তাহা হইলে ঐ ঐ স্থলে প্রতীপ নামে অলঙ্কার হইয়া থাকে॥

ক্রমে উদাহরণ, যথা—

অয়ি রাধিকে! তোমার ভ্রূভঙ্গ ভুবনে বিদ্যমান থাকিতে কুসুমশরাসন কেন কুসুমশরাসন ধারণ করেন? এবং তোমার

বিলসতি মুখবিম্বে বেধসা বা কিমর্থং
ব্যরচি বিধুবিধানে নিষ্ফলোঽয়ং প্রয়াসঃ ॥
বরতনু নন্বু কৃষ্ণো হন্ত বৈদগ্ধ্যমুগ্ধঃ
শিব শিব ভুবি ভদ্রাভদ্রভাবেঽনভিজ্ঞঃ।
তব বিগতকলঙ্কেনাননেনৈব যোঽয়ং
শশিনমুপমিমীতে নৈব লজ্জাং করোতি ॥
মম বদনমেব নয়নানন্দকমিতি মাকৃথাঃ সুতনু গর্ব্বং।
অপরোঽপি কশ্চিদেবং রাকায়াং শরদি শীতাংশুঃ ॥

কন্দর্পচাপরূপস্যোপমানস্য ধিক্কারঃ কৃষ্ণেন কৃতঃ। বিধাত্রা কিমর্থং চন্দ্রনির্ম্মাণে নিষ্ফলপ্রয়াসো ব্যরচি চক্রে। অত্রাপ্যুপমানস্য ধিক্কারঃ ॥

হে বরতনু রাধে বৈদগ্ধ্যেন রহিতঃ যোঽয়ং শ্রীকৃষ্ণঃ তব বিগতকলঙ্কেন মুখেন চন্দ্রমুপমিমীতে ন তু লজ্জাং করোতি। তথাচ তব মুখমুপমানং কৃত্বা চন্দ্রমুপমেয়ং করোতীত্যর্থঃ। সর্ব্বত্র মুখস্য উপমানরূপশ্চন্দ্রঃ অত্র তু তস্য নিন্দার্থং স উপমেয়ঃ কৃতঃ ॥

হে সুতনু শরৎকালে রাধিকায়াং পূর্ণিমায়াং শীতাংশুশ্চন্দ্রঃ অতিশয়োক্ত্যা শ্রীকৃষ্ণঃ প্রাহ ॥

মুখমণ্ডল বিদ্যমান থাকিতে বিধাতাই বা কি নিমিত্ত বিধুবিধানে বৃথা প্রয়াস পরম্পরা স্বীকার করেন ? ॥

অয়ি বরতনু ! শ্রীকৃষ্ণ বৈদগ্ধ্যবিহীন ও বস্তুর উৎকর্ষাপকর্ষবিজ্ঞানে নিতান্ত অনভিজ্ঞ ! দেখ, তিনি কলঙ্কশূন্য তোমার মুখমণ্ডলের সহিত কলঙ্কপূর্ণ পূর্ণচন্দ্রের উপমাপ্রদান করেন ও তাহাতে কিছুমাত্র লজ্জা বোধ করেন না ॥

হে সুতনু ! আমার বদনই সর্ব্বনয়নের আনন্দসদন এই বলিয়া গর্ব্ব করিও না। আরও কোন একটী বস্তু ঐরূপ নয়নানন্দকর আছে, সেটী শরৎকালীন পূর্ণিমার চন্দ্রমা ॥

অহমেব দারুণতম ইতি মাকুরু কালকূট গুরুগর্ব্বং ।
ত্বত্তোঽপি দারুণতমো দুর্ল্লভলোকে মনোরাগঃ ॥
ইত্যাদ্যপি তদ্ভেদান্তর্গতং । ৫৭ ॥ ৫২ ॥
প্রস্তুতস্যাপ্রস্তুতেন গুণৈকত্ববিবক্ষয়া ।
ঐক্যং নিবধ্যতে যোগাদ্যৎসামান্যং তদিষ্যতে ॥
যথা ॥
রাধে তড়িদ্গৌরি তবৈব গণ্ডয়োঃ
কর্ণান্তলম্বী নবকেতকীচ্ছদঃ ।

হে কালকূট অত্যন্তদুঃখদত্বেন দারুণতম ইত্যধিকগর্ব্বং । দুর্ল্লভলোকে শ্রীকৃষ্ণে ইত্যাদিপদ্যদ্বয়োক্তমুদাহরণমপি তদ্ভেদান্তর্গতং প্রতীপভেদান্তর্গতং । ৫৭ ॥ ৫২ ॥

যত্র প্রস্তুতস্য অপ্রস্তুতেন সহ যোগাৎ গুণেন করণেন একত্ববিবক্ষয়া ঐক্যং নিবধ্যতে বর্ণ্যতে তত্র সামান্যনামালঙ্কারঃ ॥

হে তড়িদ্গৌরি রাধে তব গণ্ডদ্বয়ে কর্ণপ্রান্তলম্বী কনককেতক্যাশ্ছদঃ পত্রং । গণ্ডকেতকীপত্রয়োরুভয়োঃ সুগন্ধত্বেন সৌরভেণাপি কেতকীচ্ছদো ন ভিন্নতাং প্রাপ্তঃ কিন্তু ভ্রমরেণৈব গণ্ডস্থলাৎ কেতকীপত্রং ভিন্নমিতি বিবিচ্য বোধিতঃ । তথাচ পূর্ব্বানুভূতে কর্ণস্থোৎপলে পতিতুমাগতো ভ্রমরঃ পশ্চাৎ

"এ জগতে আমিই দারুণতম" হে কালকূট ! তুমি এরূপ গুরুতর গর্ব্ব করিও না। দুর্ল্লভজনের প্রতি অনুরাগ তোমা অপেক্ষাও দারুণতম ॥

এই সকল পদ্যও প্রতীপের ভেদের অন্তর্গত । ৫৭ ॥ ৫২ ॥

অপ্রস্তুতের সহিত প্রস্তুতের গুণ দ্বারা একত্ববিবক্ষায় যে ঐক্য বর্ণিত হয়, তাহাকে সামান্য অলঙ্কার কহে ॥

যথা—

অয়ি বিদ্যুদ্দামগৌরি শ্রীরাধে ! তোমার কর্ণান্তবিলম্বী এই যে কনককেতকীদল গণ্ডযুগলে বিরাজ করিতেছে, উহা

ন সৌরভেণাপি গতো বিভিন্নতাং
মধুব্রতেনৈব বিবিচ্য বোধিতঃ ॥

যথা বা ॥

দ্বিরদরদনকৢপ্তে চারুপর্য্যঙ্করাজে
কৃতকশিপুনি তল্পে মল্লিকাপত্রিকাভিঃ।
শশিমহসি নিদাঘে প্রাঙ্গণে নির্ব্বিতানে
জয়তি নিরবলম্বস্বাপশালীব কৃষ্ণঃ। ৫৮ ॥

কর্ণস্থকেতকীপত্রগন্ধেনান্ধঃ সন্ পলায়িতস্তদ্দৃষ্ট্বা সর্ব্বেষামিদং কেতকীপত্রমিতি জ্ঞানং জাতমিতি ভাবঃ। কেতকীগন্ধো ভ্রমরস্যাসহ্য ইতি সর্ব্বত্র প্রসিদ্ধেঃ। অত্র প্রস্তুতস্য গণ্ডস্থলস্যাপ্রস্তুতেনাগন্তুকেন কেতকীপত্রেণ সহ যোগাৎ পীতবর্ণরূপগুণেন একত্ববিবক্ষয়া ঐক্যং বর্ণিতমতঃ সামান্যালঙ্কারঃ ॥

নিদাঘকালে শশিনঃ চন্দ্রস্য শ্বেতকিরণযুক্তে এবং নির্ব্বিতানে উপরি চন্দ্রাতপরহিতে প্রাঙ্গণে শ্বেততল্পে শ্রীকৃষ্ণো জয়তি কথম্ভূতঃ চন্দ্রিকাপ্রাঙ্গণশয্যানাং সর্ব্বেষাং শ্বেতত্বেন ঐক্যাৎ নিরবলম্ব-স্বস্বাপশালীব। তথাচ সর্ব্বশ্বেতত্বেন রদাদীনাং বিবেশষজ্ঞানভাবাৎ শ্রীকৃষ্ণঃ শূন্যপ্রদেশে স্বপতীতি বুদ্ধ্যতে ইত্যর্থঃ। তল্পস্য শ্বেতত্বমাহ। দ্বিরদস্য হস্তিনঃ শ্বেতদন্তেন কৢপ্তে পুনশ্চ মল্লিকায়াঃ শ্বেতপুষ্পৈঃ কৃতঃ কশিপুস্তূলিকা যত্র তথাভূতে। ৫৮ ॥

কি বর্ণে, কি সৌরভে কিছুতেই গণ্ডস্থল হইতে বিভিন্নতা প্রাপ্ত হয় নাই, কেবল ভ্রমরই উহার ভেদ উপলব্ধি করত অসহ্য গন্ধভরে পলায়ন পূর্ব্বক সকলকে ঐ ভেদ বুঝাইয়া দিতেছে ॥

যথা বা ॥

বিশদ শশিকিরণোজ্জ্বল নিদাঘকালে নির্ব্বিতান প্রাঙ্গণস্থলে দ্বিরদদন্তবিরচিত, মল্লিকাদলে বিচিত্রিত সুচারু পর্য্যঙ্কোপরি শ্রীহরিকে শয়ান দেখিয়া বোধ হইতেছে তিনি অবলম্বনশূন্য শূন্যোপরিই শয়ন করিয়া রহিয়াছেন। ৫৮ ॥

আধারস্য প্রসিদ্ধস্যাভাবেঽপ্যাধেয়দর্শনং।
একস্য যুগপদ্বৃত্তিরনেকত্র স্বরূপতঃ॥
একস্যৈবাতিচিত্রস্য বস্তুনঃ করণেন হি।
তৎসামান্যান্যবস্তূনাং করণং স ভবেত্রিধা॥
বিশেষঃ॥

যেন প্রযত্নেন চিত্রবস্তুকরণারম্ভস্তেনৈব প্রযত্নেন তথাবিধাঽশক্যবস্ত্বন্তরমপ্যারভত ইতি কেচিৎ॥

ক্রমেণোদা॥

লোকান্তরান্তঃসুহৃদাং গতানাং
গিরশ্চ রূপাণি চ কেলয়শ্চ।
তথৈব সন্তীহ সুহৃজ্জনানাং
মনস্যহো সৌহৃদ তে প্রভাবঃ॥

বিশেষ ইতি বিশেষনামালঙ্কার ইত্যর্থঃ॥

কেচিদিতি কেষাঞ্চিন্মতে যেন প্রযত্নেনেত্যাদিলক্ষণাক্রান্তস্তৃতীয়বিশেষনামালঙ্কার ইত্যর্থঃ॥

লোকোত্তরান্তঃ পরলোকমধ্যে গতানাং সুহৃদাং বাক্যরূপাদয়ঃ সুহৃজ্জনানাং মনসি তথৈব বিদ্যমানত্বেনৈব সন্তি হে সৌহৃদ হে প্রেম তবায়ং প্রভাবঃ।

প্রসিদ্ধ আধারের অভাবেও যদি আধেয়ের দর্শন হয়, অথবা এক বস্তুর অনেক স্থানে সমকালে স্বরূপে অবস্থিতি হয়, কিম্বা কোন বিচিত্র বস্তুর করণ দ্বারা যদি তৎসাধারণ অন্য বস্তুগুলির করণ হয়, তাহা হইলে ঐ তিনস্থলে ত্রিবিধ বিশেষ নামক অলঙ্কার হইয়া থাকে॥

ক্রমে উদাহরণ, যথা—

লোকান্তরপ্রাপ্ত সুহৃদ্গণের বাক্যরূপ ও কেলিবিলাসাদি

অত্র প্রসিদ্ধ আধারঃ সুহৃদেব তদভাবেঽপি আধেয়ানাং রূপাদীনাং স্থিতিঃ নায়ং বিরোধঃ ॥

পূর্ব্ববদেকবিষয়ত্বাভাবাৎ ॥

দ্বিতীয়োঽপি যথা ॥

রাধাগ্রতশ্চ পরতোঽপি চ পার্শ্বতশ্চ
শ্রোত্রে চ চক্ষুষি চ বাচি চ মানসে চ।
কেনাধ্বনৈষ মদনো হৃদি মে প্রবিশ্য
মাং হন্তি হন্ত কিমিয়ং ন নিরাচকার ॥

অত্রৈকস্যৈব বস্তুনো যুগপদেবানেকত্র স্থিতিঃ ॥

অত্র বিরোধালঙ্কারো ন সম্ভবতি একস্মিন্নেবাধিকরণে বিরোধস্যাসত্ত্বাৎ অত্র তু পরলোকগতসুহৃদাং এতল্লোকগতসুহৃজ্জন মনসাং চ ভিন্নত্বান্নদোষঃ ॥

মম সর্ব্বেষ্বেবেন্দ্রিয়াদিষু রাধা বর্ত্ততে অত ইয়ং রাধা কথং মদনং ন নিরাচকার। অত্র বক্রোক্তিরপি জ্ঞেয়া ॥

পূর্ব্ববৎ অবিকলভাবে তদীয় সুহৃজ্জনের অন্তঃকরণে অবস্থিতি করে। হে সৌহার্দ্দ! তোমার প্রভাব কি বিচিত্র! ॥

এখানে সুহৃদই প্রসিদ্ধ আধার, কিন্তু তাহার অভাবেও আধেয়স্বরূপ তদীয় রূপাদির অবস্থিতি হইয়াছে। এস্থলে বিরোধ অলঙ্কার বলা যায় না। কেন না, এখানে পূর্ব্ববৎ একাধিকরণের অভাব আছে ॥

দ্বিতীয়, যথা—

শ্রীরাধা অগ্র, পশ্চাৎ ও পার্শ্বে এবং শ্রবণ, নয়ন, বাক্য ও মনে সর্ব্বত্রই বিরাজ করিতেছেন। অথচ কন্দর্প কোন্ পথে আমার হৃদয়ে প্রবেশ পূর্ব্বক প্রহার করিতেছে, তিনি জানিয়াও তাহার কিছুই প্রতিকার করিতেছেন না। এস্থলে এক বস্তুরই যুগপৎ অনেক স্থলে অবস্থিতি হইয়াছে ॥

তৃতীয়ো যথা॥

আনন্দো নিধিরমৃতং হ্রীঃ শ্রীর্বিদ্যা ধৃতিঃ পুষ্টিঃ।
অনুকূলেন হি বিধানা ত্বাং দদতা মে ন কিং দত্তং॥

করণেন হীতি করণমত্র ক্রিয়ামাত্রং ন তু নির্ম্মাণমেব। তেন প্রতিকূলেন হি বিধিনা ত্বাং হরতা হন্ত কিং ন হৃতং॥

অতিনিপুণেন হি বিধিনা ত্বাং সৃজতা ভুবি ন কিং সৃষ্টমিত্যাদীন্যপি॥

সর্ব্বত্র চৈবং বিধেষু বক্রোক্তিরেবান্তর্ভূতা॥

অনুকূলেন বিধিনা মে মহ্যং ত্বাং দদতা কিং ন দত্তং। অপি তু আনন্দপদ্মনিধিপ্রভৃতি সর্ব্বমেব বস্তু মহ্যং দত্তমিত্যর্থঃ॥

অত্র লক্ষণস্থকরণেন হি পদেন ক্রিয়াসামান্যমেবোক্তং ন তু নির্ম্মাণমাত্রং॥ এবং সতি অত্রাদ্ভুতবস্তুনো দানক্রিয়য়া তৎসামান্যস্যৈব দানক্রিয়া সিদ্ধিঃ। এবঞ্চ ত্বাং হরতেত্যনেন ত্বদ্ধরণক্রিয়য়া সর্ব্বেষাং হরণক্রিয়া সিদ্ধিঃ॥

তৃতীয়, যথা—

অয়ি রাধে! তুমি আনন্দ, নিধি, অমৃত, হ্রী, শ্রী, বিদ্যা, ধৃতি ও পুষ্টি স্বরূপা, অতএব অনুকূল বিধাতা তোমায় আমাকে প্রদান করিয়া কি না প্রদান করিয়াছেন?॥

এই অলঙ্কারের সূত্রে "কোন বিচিত্র বস্তুর করণ দ্বারা" এই স্থলে যে করণপদের উল্লেখ আছে, উহার অর্থ ক্রিয়ামাত্র, কেবল নির্ম্মাণ উহার অর্থ নহে। অতএব প্রতিকূল বিধাতা তোমাকে হরণ করিয়া আমার কি না হরণ করিয়াছেন? অতিনিপুণ বিধাতা তোমার সৃষ্টি করিয়া ভূতলে কি না সৃষ্টি করিয়াছেন? ইত্যাদি উদাহরণ উক্ত সূত্রানুসারে সিদ্ধ হইবে। এবম্বিধ স্থলমাত্রেই বক্রোক্তি অন্তর্ভূত থাকে॥

তথাপি কিঞ্চিদ্বৈলক্ষণ্যমাশ্রিত্য ভেদঃ ক্রিয়তে।
বস্তুতস্তু সর্ব্বেষ্বেবালঙ্কারেষু বক্রোক্তিরেব বৈচিত্র্যকারিণী॥
যথোক্তং॥
বক্রোক্তিঃ কাব্যজীবিতং।
অন্যৈশ্চোক্তং।
বক্রোক্তিরেব কাব্যানাং সর্ব্বালঙ্কারমার্জ্জিকা।
তস্মাদেষা প্রযত্নেন সম্পাদ্যা কবিপুঙ্গবৈঃ। ৫৯॥ ৫৩॥
স্বগুণং ত্যক্ত্বা প্রগুণস্য সমীপগং।
তস্যৈব গুণমাদত্তে যদ্বস্তু স্যাৎ স তদ্গুণঃ॥

নন্বু ত্রিবিধ বিশেষালঙ্কারস্থলে সর্ব্বত্র বক্রোক্তিনামালঙ্কার এব সম্ভবতি কিমত্র স্বতন্ত্রালঙ্কারকরণেনেতি তত্রাহ। সর্ব্বত্রেতি। তথাপি। কিঞ্চিদ্বৈলক্ষণ্যং স্বীকৃত্য বিশেষালঙ্কারঃ কৃতঃ। অধুনা বক্রোক্ত্যলঙ্কারঃ সর্ব্বেষ্বেবালঙ্কারেষু বর্ত্ততে অতোঽত্র ন দোষ ইত্যাহ। বস্তুতস্তু ইতি কবিপুঙ্গবৈঃ কবিশ্রেষ্ঠৈঃ। ৫৯॥ ৫৩॥

প্রকৃষ্টগুণস্য পদার্থস্য সমীপগং বস্তু তস্যৈব প্রকৃষ্টগুণপদার্থস্যৈব গুণ-

---

তথাপি কিঞ্চিৎ বৈলক্ষণ্য আশ্রয় করিয়া বিশেষালঙ্কারাদি ভেদ অঙ্গীকৃত হইয়াছে। বস্তুতঃ সর্ব্বালঙ্কারেই বক্রোক্তিই বৈচিত্র্যবিধায়িনী॥

পণ্ডিতগণ বলিয়াছেন, বক্রোক্তিই কাব্যের জীবন স্বরূপ॥

অন্যে বলিয়াছেন, বক্রোক্তিই কাব্যে সর্ব্বালঙ্কার মার্জ্জিকা। অতএব সুকবি কুল প্রযত্ন পূর্ব্বক উহার সমাবেশ সম্পাদন করিবেন। ৫৯॥ ৫৩॥

গুণাতিশয়শালী বস্তুর সমীপবর্ত্তী হইয়া যদি কোন বস্তু উক্ত বস্তুর গুণ গ্রহণ করে, তাহা হইলে তদ্গুণালঙ্কার হয়॥

যথা ॥

বিম্বাধরোষ্ঠমহসা সমুদিত্বরেণ
বর্ণান্তরে লসতি দাড়িম্ববীজবুদ্ধ্যা ।
নাসাবলম্বি গজমৌক্তিকমুল্লিলেখ
খেলাশুকঃ করমুপেত্য স রাধিকায়াঃ ॥ ৬০ ॥

ন গৃহ্যতে যদি গুণস্তস্য স স্যাদতদ্গুণঃ ॥

যথা ॥

সদানুরক্তে মনসীহ বর্ত্তসে
তথাপি চ ত্বং ন দধাসি রক্ততাং ।

মাদত্তে । সমুদিত্বরেণ সম্যগুদয়শীলেন বিম্বাধরোষ্ঠয়োর্মহসা কান্ত্যা রাধিকায়া নাসাবলম্বি গজমৌক্তিকে বর্ণান্তরে লসতি সতি । খেলাশুকঃ গৃহস্থপালিতঃ শুকঃ মৌক্তিকং উল্লিলেখ স্বচঞ্চ্বা উল্লিখিতং চকারেত্যর্থঃ ॥

ভক্তানামনুরক্তে মনসি সদা ত্বং বর্ত্তসে তথাপি রক্ততাং ন দধাসি কিন্তু

যথা—

নাসাগ্রবিলম্বী গজমৌক্তিক পক্কবিম্বাভ অধরোষ্ঠের সমুদ্গত সুরক্ত প্রভাচ্ছটায় রক্তিমা প্রাপ্ত হইলে ক্রীড়াশুকের তাহাতে পরিণত দাড়িমবীজবুদ্ধি উদিত হওয়ায় সে সত্বরে শ্রীরাধার করে উপনীত হইয়া চঞ্চুপুটদ্বারা তাহা স্পর্শ করিতে লাগিল ॥ ৬০ ॥

উৎকৃষ্ট গুণশালি বস্তুর সন্নিহিত থাকিয়াও যদি কোন বস্তু উহার গুণগ্রহণ না করে, তাহাকে অতদ্গুণ কহে ॥

যথা—

হে নাথ শ্রীকৃষ্ণ ! তুমি সতত এই অনুরক্ত চিত্তে অবস্থিতি করিতেছ । তথাপি ত রক্তভার ধারণ করিতেছ না

সদানুসক্তং ত্বয়ি নাথ কৃষ্ণ হে
মনোঽপি মে নৈব বিভর্ত্তি কৃষ্ণতাং ॥

যথা বা ॥

ক্ষীরোদধিজঠরভবঃ
সহজন্মা কালকূটস্য।
তদপি চ ন সিতো ন শিতিঃ
কৌস্তুভঃ একঃ স্বভাবতো রক্তঃ ॥ ৬১ ॥

যদ্বস্তু সাধিতং যেন করণেন তদন্যথা।
তেনৈব যদি তস্য স্যাত্তদা ব্যাঘাত ইষ্যতে ॥

শ্যামত্বমেব। তথা। ত্বয়ি সদা সক্তং মম মনস্ত্বদীয়কৃষ্ণতাং ন বিভর্ত্তি কিন্তু রক্তত্বমেব ॥

ক্ষীরসমুদ্রজঠরভবঃ কৌস্তুভঃ ন সিতঃ ন শ্বেতবর্ণঃ তথা কালকূটস্য সহ জন্মাপি ন শিতিঃ ন শ্যামঃ কিন্তু স্বভাবতো রক্ত এব ॥

যেনৈব করণেন যৎ প্রস্তুতসাধিতং ভবতি তেনৈব করণেন তস্যান্যথা ভাবঃ স্যাদ্যদি তদা ব্যাঘাতালঙ্কারঃ। কালকূটঃ বস্তুসামান্যং সন্তাপয়তি ন শীতলীচকারঃ। তথা সুধাতরঙ্গোঽপি শীতলীকরোতি ন সন্তাপয়তি। কিন্তু

এবং আমার এই চিত্তও সতত তোমাতে আসক্ত রহিয়াছে। তথাপি সে ত কিছুমাত্র কৃষ্ণভাব প্রাপ্ত হইল না ॥

যথা বা ॥

কৌস্তুভমণি ধবলোজ্জ্বল ক্ষীরোদ-সমুদ্রের জঠরে জন্ম-গ্রহণ করিয়াছে এবং বিকট কালকূটের সহিত সোদরভাবে সদা সংসর্গ করিয়াছে। তথাপি সে ধবল বা শ্যামল কিছুই হয় নাই, সে স্বভাবতঃ যেমন সুরক্ত, তেমনি সুরক্তই আছে ॥ ৬১ ॥

যাহার দ্বারা যে বস্তু সাধিত হয়, তাহা দ্বারাই যদি সেই

যথা ॥

সন্তাপয়ামাস য এব চিত্তং
স এব ভূয়ঃ শিশিরীচকার।
ন কালকূটো ন সুধাতরঙ্গঃ
স কীদৃশঃ কেশিকৃষঃ কটাক্ষঃ। ৬২ ॥ ৫৪ ॥
উপমাদয় এতেঽমী ব্যাঘাতান্তাঃ ক্রমেণ হি।
দ্বিষষ্টিসংখ্যা এবৈতেঽলঙ্কারা বহবঃ পুনঃ।
সংসৃষ্ট্যা সঙ্করেণাপি ভূয়ঃ সংসৃষ্টিরপ্যসৌ।
ক্রিয়াশব্দার্থোভয়ভূঃ সা ক্রমেণ প্রদর্শ্যতে ॥

য এব চিত্তং সন্তাপয়ামাস স এব ভূয়ঃ শীতলীচকার এবম্ভূতঃ স কীদৃশঃ পদার্থ ইতি প্রশ্নে কেশিকৃষঃ কেশিহন্তুঃ শ্রীকৃষ্ণস্য কটাক্ষ ইত্যুত্তরং। ৬২ ॥৫৪॥

এতে দ্বিষষ্টিসংখ্যা অলঙ্কারাঃ পুনঃ সংসৃষ্ট্যা সঙ্করেণ চ করণেন বহবো ভবন্তি। অসৌ সংসৃষ্টিরপি শব্দালঙ্কারভূঃ অর্থালঙ্কারভূঃ শব্দার্থালঙ্কারভূঃ। ত্রিরূপা সংসৃষ্টিঃ ক্রিয়াপ্রধানা ইত্যর্থঃ ॥

বস্তুর অন্যথাভাব সাধিত হয়, তাহা হইলে ব্যাঘাত অলঙ্কার হইয়া থাকে ॥

যথা—

যে, চিত্তকে তাদৃশ সন্তাপিত করিয়াছিল, সেই আবার তাহাকে এরূপ সুশীতল করিল। হে সখি! কেশবের কটাক্ষ যে কীদৃশ গুণসম্পন্ন, তাহা কিছুই বুঝিতে পারি না। সে কালকূটও নহে, সুধাতরঙ্গও নহে। ৬২ ॥ ৫৪ ॥.

উপমাদি ব্যাঘাতান্ত এই দ্বিষষ্টিসংখ্যক অলঙ্কার ক্রমে কথিত হইল। সংসৃষ্টি ও সঙ্কর দ্বারা ঐ অলঙ্কার বহু সংখ্যক হইয়া থাকে। শব্দালঙ্কারভূ, অর্থালঙ্কারভূ ও শব্দার্থোভয়া-

শব্দঃ শব্দালঙ্কারঃ। অর্থঃ অর্থালঙ্কারঃ। উভয়ং শব্দার্থোলঙ্কারঃ॥

এতে ত্রয়ঃ ক্রিয়াপ্রধানা ইত্যর্থঃ॥

এতেষামন্যোঽন্যনিরপেক্ষত্বেন বিশকলিতয়াঽবস্থানং সংসৃষ্টিঃ॥

তত্র শব্দালঙ্কারসংসৃষ্টির্যথা॥

সুরতরুরেষ নতানাং
সুরতরুচির্গোপরমণীনাং।
ত্রিভুবনজনকমনীয়ো
জয়তি ব্রজরাজ যুবরাজ॥

ইত্যত্রৈব যমকানুপ্রাসয়োঃ॥

অর্থালঙ্কারসংসৃষ্টির্যথা॥

সা সংসৃষ্টিঃ ক্রমেণ দর্শ্যতে সংসৃষ্টের্লক্ষণমাহ এতেষামিতি। নতানাং ভক্তানাং সুরতরুঃ কল্পবৃক্ষঃ। গোপরমণীনাং সুরতে রুচির্যস্য তথাভূতঃ। অত্র সুরতশব্দস্য সাপেক্ষত্বেনৈকদেশান্বয়েঽপি ন ক্ষতি॥

লঙ্কারভূ হইয়া সংসৃষ্টি নানাবিধ হইয়া থাকে। ঐ সংসৃষ্টি ক্রিয়া প্রধান হয়। অলঙ্কার গুলি পরস্পর নিরপেক্ষভাবে সম্মিলিত হয় বলিয়া উহার সংসৃষ্টি সংজ্ঞা হইয়াছে॥

শব্দালঙ্কার সংসৃষ্টি, যথা—

প্রণতজনের সুরতরু-স্বরূপ, গোপতরুণীর সুরত-রুচিশালী, ত্রিভুবনজনকমনীয় আভীররাজ-যুবরাজের জয় হউক॥

এস্থলে যমক ও অনুপ্রাসের সংসৃষ্টি হইয়াছে॥

অর্থালঙ্কার সংসৃষ্টি, যথা—

আলুম্পতীব পরিতো মনসঃ প্রসাদ-
মালুঞ্চতীব পদবীং নয়নদ্বয়স্য।
উদ্বেলকজ্জলমহোদধিবদ্গভীরো
মোহোঽন্ধকার ইব মোহ ইবান্ধকারঃ॥
অত্র উৎপ্রেক্ষা সমাসগাঽন্যোঽন্যোপমাভিঃ সংসৃষ্টিঃ॥
শব্দার্থালঙ্কারয়োঃ সংসৃষ্টির্যথা॥
মেঘে মাঘবনে মণাবপি ঘৃণানির্ব্বাহকো নীলিমা।
সামানাধিকরণ্যমত্র কিমহো চিত্রং তমস্তেজসোঃ॥

উদ্বেল উদ্গততীরমর্য্যাদঃ কজ্জলমহোদধিঃ শ্যামসমুদ্রস্তদ্বদ্গভীরো মোহোঽন্ধকারশ্চ। তথাচ মোহোঽন্ধকার ইব এবমন্ধকারো মোহ ইব। পরস্পরোপমালঙ্কারঃ। মোহো বিষয়ে অত্যাসক্তিঃ অন্ধকারশ্চ মনসঃ প্রসাদং লুম্পতীব। মোহে সতি মনসঃ প্রসাদলোপো ভবতি। তথা অন্ধকারেঽপি চৌরসর্পবৃশ্চিকাদ্যাগমনশঙ্কয়া মনসঃ প্রসন্নতা ন তিষ্ঠতি। এবং নেত্রদ্বয়স্য পদবীমালুঞ্চতীব অন্ধকারে নেত্রদ্বয়স্য পদবীলোপাৎ জনোঽন্ধো ভবতি। তথা মোহে সতি বিষয়েন জনোঽন্ধঃ সন্ পুরঃ সতোঽপি সাধূন্। ন পশ্যতি দণ্ডপাণিং যমমপি ন পশ্যতীতি ভাবঃ॥

মেঘে ইত্যাদি পূর্ব্বোক্তসম্পূর্ণশ্লোকস্যার্দ্ধশ্লোকোঽয়মিতি জ্ঞেয়ং। মঘবান্·

উদ্বেল কজ্জল-মহাসমুদ্রের ন্যায় সুগভীর মোহরূপ অন্ধকার এবং তাদৃশ অন্ধকারের ন্যায় সুগভীর মোহ সর্ব্বতোভাবে মনঃপ্রসাদ অপহৃত করিতেছে ও নয়নযুগলের পদবী বিলুপ্ত করিতেছে॥

এখানে সমাসগা উৎপ্রেক্ষা ও অন্যোন্যোপমা ইহাদিগের সংসৃষ্টি হইয়াছে॥

শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের সংসৃষ্টি, যথা—

হে সখি! এ কি বিচিত্র ব্যাপার যে, অন্ধকার ও তেজঃ

অত্রানুপ্রাসবিরোধৌ।

সঙ্করস্ত্বঙ্গাঙ্গিভাবঃ। এষামলঙ্কারাণামঙ্গাঙ্গিভাবঃ সঙ্করঃ॥

স চানুগ্রাহ্যানুগ্রাহকভাবেন॥

যথা॥

কপোলয়োঃ কুণ্ডলপদ্মরাগ-
ময়ূখবিম্বং ব্রজরাজসূনোঃ।
স্বচুম্বলগ্নাধররাগবুদ্ধ্যা
স্ববাসসা লুম্পতি কাপি মুগ্ধা॥

ইন্দ্রস্তৎসম্বন্ধিমণৌ ইন্দ্রনীলমণৌ ঘৃণাজনকঃ শ্রীকৃষ্ণনীলিমা। অনুপ্রাসঃ শব্দালঙ্কারঃ॥

স চ সঙ্কর অনুগ্রাহ্যানুগ্রাহকভাবেন ভবতি। কপোলেতি কুণ্ডলস্থপদ্মরাগস্য রক্তিমাণং কপোলো গৃহ্নাত্যতস্তদ্গুণনামালঙ্কারঃ। তাদৃশ রক্তিম্নি মুগ্ধায়া স্বীয়াধররাগস্য ভ্রান্ত্যা ভ্রান্তিমানলঙ্কারঃ॥

এই দুইটী পরস্পর বিরুদ্ধ পদার্থ, এই শ্রীকৃষ্ণরূপ একমাত্র অধিকরণে এককালে অবস্থিতি করিতেছে। দেখ, ইহাঁর অদ্ভুত নীলিমা অসংখ্য সুধাকর ও প্রভাকরের প্রভা অপহরণ এবং মেঘমণ্ডল ও মহেন্দ্রনীলমণিতেও ঘৃণা উৎপাদনপূর্ব্বক লোকলোচনের অপূর্ব্ব প্রীতি বিস্তারকারী আলোকরূপে বিরাজ করিতেছে॥

এখানে অনুপ্রাস ও বিরোধালঙ্কারের সমাবেশ হইয়াছে॥

এই সকল অলঙ্কারের অঙ্গাঙ্গিভাবকে সঙ্কর কহে। উহা অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাবস্থলেই হইয়া থাকে॥

যথা—

ব্রজরাজকুমারের কপোলযুগলে কুণ্ডলস্থিত পদ্মরাগমণির কিরণচ্ছটা প্রতিফলিত হওয়ায় কোন মুগ্ধা কামিনী তাহা

অত্র তদ্গুণোঽঙ্গী ভ্রান্তিমানঙ্গং উভয়োরনুগ্রাহকানুগ্রাহ্যভাবেন সঙ্করঃ ॥

যথা বা ॥

নিরস্য করলীলয়া তিমিরনীলচেলাঞ্চলীং
রথাঙ্গমিথুনস্তনাবপি নিপীড্য জাতস্মিতঃ ।
হ্রিয়েব নিমিষৎ কুশেশয়দৃশং সরাগাং প্রিয়ঃ
প্রিয়ামিব সুধাকরো হরিহরিদ্বধূং চুম্বতি ॥

সুধাকরশ্চন্দ্রঃ হরেরিন্দ্রস্য হরিৎ পূর্ব্বদিক্ সা এব বধূস্তাং চুম্বতি। অন্যো নায়কঃ মস্তকস্য পটং দূরীকৃত্য চুম্বতি চন্দ্রোঽপি সন্ধ্যাকালীনান্ধকাররূপ নীলচেলাঞ্চলীং কিরণ এব করস্তস্য লীলয়া নিরস্য দূরীকৃত্য চুম্বতি। পূর্ব্বদিক্স্থিত চক্রবাকমিথুনরূপস্তনাবপি করস্পর্শেন নিপীড্য জাতস্মিতঃ। জ্যোৎস্নৈব চন্দ্রস্য স্মিতং। অন্যা নায়িকাচুম্বনসময়ে মুদ্রিতনেত্রা ভবতি ইয়মপি চন্দ্রদর্শনাৎ মুদ্রিতকুশেশয়ং কমলমেব লজ্জয়া মুদ্রিতা দৃক্ যস্যাস্তথাভূতা ॥ ৫৫ ॥

স্বকীয় চুম্বনলগ্ন অধররাগ বিবেচনা করিয়া বস্ত্র দ্বারা অপনীত করিবার চেষ্টা করিতেছে ॥

এখানে তদ্গুণ অঙ্গী ও ভ্রান্তিমান্ অঙ্গ, এতদুভয়ের অনুগ্রাহ্য অনুগ্রাহকভাবে সঙ্কর হইয়াছে ॥

যথা বা—

করলীলায় তিমিররূপ সুনীলবসনাঞ্চল নিরাস ও চক্রবাক মিথুনরূপ পয়োধরযুগল নিপীড়নপূর্ব্বক সুধাকর, প্রিয়তম যেমন প্রিয়তমাকে চুম্বন করে, তেমনি লজ্জাবশতই যেন নিমীলিত নয়নকমলা সরাগা প্রাচীবধূকে পরিচুম্বন করিতেছেন ॥

রূপকমুৎপ্রেক্ষা শ্লেষ উপমা সমুচ্চয়শ্চেতি পরস্পর-মঙ্গাঙ্গিতয়ৈব পঞ্চালঙ্কারাঃ ॥

তথাহি ॥

তিমিরস্য নীলচেলত্বারোপাদ্রূপকং হ্রিয়েবেত্যুৎপ্রেক্ষা করলীলয়েতি শ্লেষঃ প্রিয়ঃ প্রিয়ামিবেত্যুপমা নিরস্য নিপীড্যেতি সমুচ্চয়ঃ। এষু যো মুখ্যঃ সোঽঙ্গী অন্যে অঙ্গানি ॥ ৫৫ ॥

এবং শব্দালঙ্কারা অপি ॥

যথা ॥

সসারসা সসারসেত্যাদৌ যমকানুপ্রাস দ্ব্যক্ষর মুরজবন্ধ গোমূত্রিকাবন্ধ বদ্ধকবাট মুক্তকবাট শৃঙ্খলাদয়ঃ ॥

বহূনাং বা দ্বয়োশ্চ বা ॥

রূপক, উৎপ্রেক্ষা, শ্লেষ, উপমা ও সমুচ্চয় এই পাঁচটী অলঙ্কারেরই এখানে পরস্পর অঙ্গাঙ্গিভাবে সঙ্কর হইয়াছে ॥

তথাহি ॥

তিমিরের নীলবসনরূপে আরোপ হওয়ায় রূপক, "লজ্জা বশতই যেন" এই স্থলে উৎপ্রেক্ষা, "প্রিয়তম যেমন প্রিয়-তমাকে" এস্থলে উপমা, "নিরাস ও নিপীড়ন পূর্ব্বক" এস্থলে সমুচ্চয়। ইহাদিগের মধ্যে যে মুখ্য সেই অঙ্গী, অবশিষ্ট-গুলি অঙ্গ ॥ ৫৫ ॥

শব্দালঙ্কারস্থলেও ঐরূপ। যেমন "সসারসা সসারসা" ইত্যাদি মূলস্থ শ্লোকে যমক, অনুপ্রাস, দ্ব্যক্ষর, মুরজবন্ধ, গোমূত্রিকাবন্ধ, বদ্ধকবাট, মুক্তকবাট ও শৃঙ্খলাদির সদ্ভাব হইয়াছে ॥

সহাবস্থানবাধেন ভবেন্নোবেত্যনিশ্চয়ে ।
সঙ্করোঽনিশ্চয়াখ্যঃ স্যাদযথাস্থানং প্রদর্শ্যতে ॥

দ্বয়োর্বহূনাং বা অলঙ্কারাণাং সহাবস্থানবাধেন অয়ং ভবেন্ন বা ভবেদিত্যনিশ্চয়েঽনিশ্চয়াখ্যো দ্বিতীয়ঃ সঙ্করঃ ॥

যথা ॥

যথানন্দস্যন্দী দৃশি দৃশি যথাঽয়ং বহুকলো
যথা নক্ষত্রাণাং পতিরপি যথা তাপহরণঃ ।
যথায়ং ভানোরপ্যুপরি পরিসর্ত্তা কথমহো
তথা নায়ং ধাত্রা বিধুরনিশপূর্ণো বিরচিতঃ ॥

আনন্দস্যন্দীতি। অয়ং চন্দ্রঃ সর্ব্বেষাং দৃশি দৃশি আনন্দস্যন্দী। তথা বহুকলাযুক্ত এবং ভানোঃ সূর্য্যস্যাঽপ্যুপরি পরিভ্রমণকর্ত্তা সূর্য্যমণ্ডলস্যাপ্যুপরি চন্দ্রমণ্ডলমিতি পঞ্চমস্কন্ধোক্তেঃ। এবম্ভূতোঽপি চন্দ্রো বিধাত্রা সদা পরিপূর্ণো ন কৃতঃ। শ্লিষ্টৈরেতৈর্বিশেষণৈশ্চন্দ্রনিষ্ঠস্যাঽপ্রস্তুতস্য কস্যচিৎ ধর্ম্মবিশেষস্য প্রতীত্যা কিং সমাসোক্তিনামালঙ্কারঃ। কিম্বা তত্রৈব চন্দ্রনিষ্ঠ তাদৃশধর্ম্মপ্রতীত্যৈব। তথাবিধস্য চন্দ্রনিষ্ঠ তাদৃশধর্ম্মবিশিষ্টস্য সাধোর্দেহনিষ্ঠ ক্ষীণত্বাদি ধর্ম্মস্য প্রস্তুতস্য প্রতীত্যা অপ্রস্তুতপ্রশংসেতি নিশ্চয়াভাবাদনিশ্চয়সঙ্করো জ্ঞেয়ঃ ॥ ৫৬ ॥

দুই বা বহু অলঙ্কারের একত্র অবস্থানে বাধাবশতঃ এই অলঙ্কারই হইবে, অথবা হইবে না, এইরূপ অনিশ্চয়স্থলে অনিশ্চয় নামক দ্বিতীয় সঙ্কর হইয়া থাকে ॥

যথা—

যেমন ইনি প্রতিনয়নে প্রীতিধারাবর্ষণকারী ও সন্তাপহারী, বহুকলাশালী ও অতিবহুসংখ্য নক্ষত্রপতি, যেমন ভানুবিম্বের উপরিও ইনি পরিভ্রমণ করিয়া থাকেন, বিধাতা

অত্র বিশেষ্যস্য চন্দ্রস্য প্রস্তুতস্য শ্লিষ্টৈরেব বিশেষণৈরপ্রস্তুতস্য কস্যচিদ্ধর্ম্মস্য প্রতীতিরূপা কিং সমাসোক্তিঃ কিম্বা তয়ৈব চন্দ্রস্যাপ্রস্তুতস্য শংসনমুখেন কস্যচিৎ সাধো স্তথাবিধস্য কস্যচিৎ ক্ষীণতাদি ধর্ম্মস্য প্রস্তুতত্ব প্রত্যায়িনী অপ্রস্তুতপ্রশংসেতি নিশ্চয়াভাবাদনিশ্চয়সঙ্করঃ ॥ ৫৬ ॥

যত্রানুকূলতা প্রতিকূলতা বা স্ফুটতয়া স্ফুরতি তত্র নিশ্চয়ান্ন। অনুকূলতা সাধকত্বং প্রতিকূলতা বাধকত্বং ॥ যথা ॥

ইদং তে রদনদ্যোতৈরেতৈরুপচিতং স্মিতং।

যত্রেতি। যত্র সাধকতা কিম্বা প্রতিকূলতা স্ফুটতয়া স্ফুরতি তত্র একতরালঙ্কারস্য নিশ্চয়ান্নানিশ্চয়সঙ্করঃ। এতৈরেব রদনদ্যোতৈর্দন্তকিরণৈরুপ-

---

তেমনি এই সুচারু চন্দ্রমণ্ডলকে কেন নিরন্তর পরিপূর্ণ মণ্ডল করিয়া সৃষ্টি না করিলেন ! ॥

এই শ্লোকে বিশেষ্য ও প্রস্তুত যে চন্দ্রমণ্ডল, তাহার শ্লিষ্ট বিশেষণগুলি দ্বারা কোন অপ্রস্তুত ধর্ম্মের প্রতীতিরূপা সমাসোক্তি হইয়াছে, অথবা চন্দ্রমণ্ডলগত তাদৃশ ধর্ম্ম প্রতীতি হেতু অপ্রস্তুত চন্দ্রের প্রশংসা দ্বারা তাদৃশ ধর্ম্মবিশিষ্ট কোন সাধুর দেহাদিনিষ্ঠ ক্ষীণতাদি ধর্ম্মের কথনে অপ্রস্তুত প্রশংসা হইয়াছে, ইহার নিশ্চয় না হওয়ায় অনিশ্চয় সঙ্কর হইয়াছে ॥

যথায় অনুকূলতা বা প্রতিকূলতা অর্থাৎ সাধক বা বাধকধর্ম্ম পরিস্ফুটরূপে স্ফুরিত হয়, তথায় উক্ত অলঙ্কার হয় না ॥ যথা—

তোমার দন্তকান্তিভরে উপচিত এই মৃদুহসিত মুখচন্দ্রের

জ্যোৎস্নেব মুখচন্দ্রস্য কামমামোদকং দৃশোঃ ॥

অত্র প্রধানতয়া স্মিতং মুখ এবানুকূলং ন তু চন্দ্রে তেনোপমায়াঃ সাধকং ন রূপকস্য অতো মুখচন্দ্রস্যেতি রূপকং ন ভবতি তেন ন সন্দেহঃ তদভাবাৎ সঙ্করোঽপি ন ॥

অহো বত মহত্যস্য ধৃষ্টতাঽভীরুতাঽপি চ।
মুখচন্দ্রে সত্যয়ং তে যদন্যশ্চন্দ্র উদ্গতঃ ॥

অত্রাঽন্যত্বং চন্দ্রস্যানুকূলং ন তু মুখস্য তস্য তু প্রতি-

চিতং শোভাতিশয়ং প্রাপ্তং স্মিতং দৃশোরামোদজনকং। মুখচন্দ্রস্য জ্যোৎস্না ইব। যত্রোপমানোপমেয়য়োর্দ্বয়োরতিশয়াভেদাৎ ভেদজ্ঞানং ন ভবতি তত্র রূপকালঙ্কারঃ অত্র তু প্রধানতয়া নির্দ্দিষ্টঃ স্মিতরূপধর্ম্মোঽনুকূলতয়া মুখ এব বর্ত্ততে ন তু চন্দ্রে। অতঃ স্মিতরূপধর্ম্মেণ মুখচন্দ্রয়োর্ভেদজ্ঞানান্ন রূপকং কিন্তু একাংশেন যথা কথঞ্চিৎ সাদৃশ্যাদুপমালঙ্কার এব ॥

অস্য চন্দ্রস্যাভীরুতাপি চ তে তব মুখরূপচন্দ্রে সত্যত্র মুখচন্দ্রয়োর্ভেদাঽস্ফূর্ত্ত্যা রূপকালঙ্কার এব। অন্যঃ মুখভিন্নশ্চন্দ্র উদ্গত ইত্যত্র মুখচন্দ্রয়োরত্যন্তভেদান্ন সাদৃশ্যমতো ন উপমালঙ্কারঃ ॥

জ্যোৎস্নার ন্যায় নয়নের প্রচুর আনন্দদায়ক হইয়াছে ॥

এখানে প্রধানরূপে নির্দ্দিষ্ট হাস্যমুখেরই অনুকূল, চন্দ্রের অনুকূল নহে, অতএব উপমারই সাধক হইয়াছে, রূপকের সাধক হয় নাই। এইরূপে মুখচন্দ্র এই স্থলে রূপক না হওয়ায় সন্দেহ হয় নাই, সঙ্করও হইল না ॥

তোমার মুখচন্দ্র বিদ্যমানে এই যে অপর এক চন্দ্র উদিত হইয়াছে, ইহার ধৃষ্টতা ও নির্ভীকতা প্রশংসনীয় বটে! ॥

এখানে অপরত্ব চন্দ্রের অনুকূল, মুখের অনুকূল নহে,

কূলমেব তেন রূপকস্য সাধকং ন তূপমায়াঃ তস্যাস্তু বাধকং ॥

শাস্ত্রজ্ঞং ভাস্করং সংজ্ঞা ত্বামালিঙ্গতি সর্ব্বদা ॥

ইত্যত্র আলিঙ্গনমুপমাবাধকং ন হি সতী স্ত্রী পতি-সদৃশেঽনুরজ্যতি। অতো রূপকস্যৈব সাধকং ॥

কৃশোদরি মুখেন্দুস্তে স্ফুরৎকনককুণ্ডলঃ।
দৃশোরকৃশমানন্দমুল্লাসয়তি মে ভৃশং ॥

অত্র স্ফুরৎ কনককুণ্ডলত্বমিন্দৌ প্রতিকূলমসম্ভবা-

সংজ্ঞা সম্যক্ জ্ঞানরূপা স্ত্রী শাস্ত্রজ্ঞরূপং ভাস্করং সূর্য্যং ত্বামালিঙ্গতি। অত্র শাস্ত্রজ্ঞসূর্য্যয়োঃ রূপকমেব ন তূপমা। শাস্ত্রজ্ঞরূপ পতিসদৃশে সতী স্ত্রীণামালিঙ্গনমনুচিতমিতি সাদৃশ্যাভাবান্নোপমালঙ্কারঃ ॥

অকৃশমানন্দং মহানন্দং ॥ ৫৭ ॥

প্রত্যুত তাহার প্রতিকূল। অতএব উহা এস্থলে রূপকেরই সাধক ও উপমার বাধক হইয়াছে ॥

শাস্ত্রজ্ঞ-ভাস্কর তুমি, তোমাকে সংজ্ঞা সর্ব্বদা আলিঙ্গন করিয়া রহিয়াছে ॥

সংজ্ঞা শব্দে সম্যক্ জ্ঞান ও সূর্য্যপ্রিয়া। শাস্ত্রজ্ঞ-ভাস্কর এই স্থলে আলিঙ্গন পদার্থ উপমার বাধক হইয়াছে। কেননা, সতী স্ত্রী পতিসদৃশ পুরুষে অনুরক্ত হয় না। অতএব উহা রূপকেরই সাধক হইয়াছে ॥

অয়ি কৃশোদরি! কনককুণ্ডলে কমনীয় তোমার মুখচন্দ্র আমার নয়নযুগলের অসামান্য আনন্দবর্দ্ধন হইয়াছে ॥

এই শ্লোকে কনককুণ্ডলে কমনীয়ত্ব অসম্ভাবিতাহেতু

দিতি রূপকস্য বাধকং। উপমায়াস্তু সাধকমিতি ন সঙ্করঃ। এবমন্যদপ্যূহ্যং ॥ ৫৭ ॥

একত্র বিষয়ে ব্যক্তমুভয়ালঙ্কৃতির্যদি।
তদাপরঃ সঙ্করঃ স্যাদিতি ত্রিবিধ এব সঃ ॥

একত্র বিষয়ে একস্মিন্নেব পদে ব্যক্তং স্ফুটং যথা ভবতি॥ যথা ॥

শৈবাললক্ষণবিলক্ষণলক্ষ্মলক্ষ্মী-
রুদ্দণ্ডরশ্মি বিষমণ্ডলমণ্ড্যমানঃ।
মগ্নশ্চিরং হরিহরিৎ সরসীরসেভ্যঃ
প্রত্যুন্মমজ্জ শনকৈরমৃতাংশু হংসঃ ॥

অপর ইতি পূর্ব্বোক্ত সঙ্করাদ্ভিন্নঃ সঙ্করঃ। ইতি সঙ্করস্ত্রিবিধঃ ॥

ষ্ণের পাদপদ্ম সেবা না করিলে কেবল নিজধর্ম্মপালনগুণে সংসারসাগর হইতে নিস্তার প্রাপ্ত হয় না॥

এখানে বৈশ্যবাচক তালব্য শকারান্ত বিশ্ ও বিষ্ঠাবাচক মূর্দ্ধন্য ষকারান্ত বিষ্ এই উভয়ের ভিন্ন ভিন্ন প্রকৃতি হইলেও উভয়েরই প্রথমার একবচনে বিট্ এই একবিধরূপ হওয়ায় জুগুপ্সাকর হইয়াছে। অতএব "বৈশ্য বা শূদ্র" এই প্রকার পাঠ করাই সঙ্গত॥

বায়ু প্রভৃতি পদও ঐরূপ॥

যথা—

পুষ্পপরাগ আমার চক্ষুতে প্রবিষ্ট হইয়াছে, এই বলিয়া কোন ব্রজসুন্দরী তজ্জনিত পীড়ার এইরূপ অভিনয় করিলেন,

মুখস্থ বায়ুং দদতা মুকুন্দে-
নোদস্য তত্তত্র চ সা চুচুম্বে ॥

অত্র বায়ুশব্দো জুগুপ্সাজনকঃ শব্দমর্য্যদায়া তেন
মুখানিলেনৈব নিরস্যতা তৎ।
কৃষ্ণেন সা তত্র চিরং চুচুম্বে ইতি পাঠ্যং ॥ ৬ ॥

অমঙ্গলদায়ি যথা ॥

অহহ হৃদয়বন্ধোঃ কোঽপি শোকঃ কুকূলো
জ্বলতি কিমপি মন্দং মন্দমেবাতি তীক্ষ্ণঃ।
অপিতু দহতি সর্ব্বাণ্যেব মর্ম্মাণি গাঢ়ং
ধগিতি ভবতি দীপ্তস্তজ্জলস্যাবলোকে ॥

ভ্যনৈর্ষীৎ পীড়াভিনয়ঃ তথা কৃতবতী যথা মুখস্য বায়ুং দদতা মুকুন্দেন তৎ রজঃ উদস্য দূরীকৃত্য সা ব্রজসুন্দরী চুচুম্বে ॥ ৬ ॥

হৃদয়বন্ধোঃ শ্রীকৃষ্ণস্য শোকঃ কুকূলস্তুষাগ্নিরত এবাতিতীক্ষ্ণঃ কিমপি মন্দং মন্দমেব জ্বলতি অপি তু সর্ব্বাণ্যেব মর্ম্মাণি দহতি। কিন্তু তস্য প্রিয়জনানামবলোকে সতি ধক্ ধগিতি কৃত্বা মহাদীপ্তো ভবতি। তেনেতি প্রিয়বিরহরূপস্তুষাগ্নির্ন উচ্চৈঃ শিখঃ কিমপি মন্দং মন্দং জ্বলতি ॥

যে মুকুন্দ মুখবায়ুপ্রদানে তাহার নিরাসপূর্ব্বক তদীয় মুখারবিন্দ সুচিরকাল চুম্বন করিলেন ॥

এস্থলে শব্দমর্য্যাদাবশতঃ বায়ুশব্দ জুগুপ্সাকর হইয়াছে। অতএব "মুখানিল দ্বারা তাহার নিরাস পূর্ব্বক" এইরূপ পাঠ করাই কর্ত্তব্য ॥ ৬ ॥

অমঙ্গলদায়ক, যথা—

হায়! হৃদয়বান্ধবের সেই নিদারুণ শোকরূপ তুষাগ্নি ধীরে ধীরে জ্বলিত হইয়া নিখিল মর্ম্মস্থল গাঢ় দগ্ধ করিতেছে

অত্র শোক ইতি করুণরসস্থায়িত্বাদমঙ্গলং মরণরূপং প্রত্যায়য়তি অতোঽমঙ্গলস্মরণাদশ্লীলং।

তেন প্রিয়বিরহ কুকূলঃ কোঽপি নোচ্চৈঃ শিখোঽপীতি বাচ্যং। এবং নাশাদিশব্দোঽপ্যদর্শনবাচ্যপি তথা॥

কালিন্দ্যাঃ পুলিনাপ্লাবি কাঞ্চনং সতরঙ্গকং।
দ্যোততে স্থরতস্রস্তা বেণিঃ শ্রোণিগতেব তে॥

অত্র কস্য জনস্য অঞ্চলং গতিঃ কিম্বা কাঞ্চনং কনক-

এবং শ্রীকৃষ্ণস্যাদর্শনস্থলে শ্রীকৃষ্ণস্য নাশ ইতি প্রয়োগো ন কর্ত্তব্যঃ॥

শ্রীকৃষ্ণ আহ। হে প্রিয়ে যমুনাপুলিনপ্লাবি তথাচ তরঙ্গসহিতং কাঞ্চনং দ্যোততে। তে তব শ্বেতবস্ত্রযুক্ত শ্রোণিগতা স্থরতস্রস্তা শ্যামবর্ণা বেণিরিব। দোষান্তরঞ্চেতি। কাঞ্চনমিতি শব্দো নপুংসকঃ বেণিরিতি শব্দস্ত্রীলিঙ্গঃ অতঃ উপমায়াং লিঙ্গভেদরূপো যো দোষঃ সোঽপ্যত্র পক্ষে নাস্তীত্যর্থঃ। কাঞ্চনস্য কনকার্থত্বে শ্লোকার্থঃ সঙ্গচ্ছতে ইত্যপরিতুষ্যন্নাহ যথাবেতি। যদ্বা অত্র

এবং তদীয় প্রিয়জনগণের দর্শন সময়ে ধক্ ধক্ করিয়া প্রজ্বলিত হইয়া উঠিতেছে॥

এস্থলে শোকশব্দ করুণরসের স্থায়িভাবত্বপ্রযুক্ত মরণরূপ অমঙ্গল প্রতীত করিয়া দিতেছে বলিয়া অমঙ্গল স্মরণবশতঃ অশ্লীল হইয়াছে। অতএব "প্রিয়বিরহ এক অনির্ব্বনীয় তুষাগ্নিস্বরূপ। উহা উচ্চশিখাবিশিষ্ট নহে, অথচ অতিতীক্ষ্ণ" এইরূপ পাঠ করিতে হইবে। এবং নাশাদিশব্দও অদর্শনবাচক হইলেও ঐরূপ অশ্লীল মধ্যে গণিত॥

হে প্রিয়ে! যমুনাপুলিনপ্লাবী তরঙ্গরঙ্গনর্ত্তিত কাঞ্চন কি অপূর্ব্ব কান্তি ধারণ করিয়াছে। যেন তোমার বিশদবসনাবৃত শ্রোণিবিম্বে স্থরতসময়ে স্খলিত শ্যামবর্ণা বেণি বিলম্বিত হইয়াছে।

এস্থলে কাঞ্চনশব্দে কোন ব্যক্তির অঞ্চন অর্থাৎ গমন

ম্মিতি সন্দেহাৎ সন্দিগ্ধং।

তেন পুলিনাপ্লাবিনী ধারা ঘনবীচির্যমস্বসুরিতি পাঠে দোষান্তরঞ্চ নশ্যতি।

যথা বা ॥

কৃষ্ণোঽস্যা বশবর্ত্তীতি বদনাদ্বদনং গতা।
চন্দ্রাচ্চন্দ্রে পদং কৃত্বা স্তুত্যা কীর্ত্তিঃ প্রযাতি তে ॥

অত্র স্তুত্যেতি তৃতীয়য়া স্তবেন কিং স্তবার্হেতি সন্দেহঃ। তেন কীর্ত্তির্ভ্রমতি তে ভুবীতি বাচ্যঃ ॥ ৭ ॥

জনাঞ্চলসার্থস্যাপ্রসিদ্ধত্বাৎ নিহতার্থত্বমেবেত্যত আহ। যথাবেতি। ললিতা শ্রীরাধিকাং প্রত্যাহ। শ্রীকৃষ্ণো রাধায়া বশবর্ত্তীতি কীর্ত্তিঃ বদনাদ্বদনং গতা সতী একস্যা মুখচন্দ্রাদন্যস্যা মুখচন্দ্রে পদং চরণং কৃত্বা সর্ব্বেষাং মুখচন্দ্রে প্রযাতি। কীর্ত্তিঃ কথম্ভূতা স্তুত্যা স্তবার্হা কিম্বা স্তুত্যা স্তবেন সহ প্রযাতীতি সন্দেহঃ ॥ ৭ ॥

এই অর্থ, অথবা কাঞ্চনশব্দে সুবর্ণ, এইরূপ সন্দেহ হওয়ায় সন্দিগ্ধদোষ হইয়াছে। অতএব "পুলিনপ্লাবিনী তরঙ্গভঙ্গময়ী যমুনার ধারা" এইরূপ পাঠ করা কর্ত্তব্য। তাহা হইলে উপমান উপমেয়ের লিঙ্গভেদরূপ দোষও পরিহৃত হয় ॥

যথা বা—

সখি রাধিকে! শ্রীকৃষ্ণ তোমার বশবর্ত্তী বিবেচনায় তোমার স্তুত্যা কীর্ত্তি বদন হইতে বদনান্তরে সঞ্চরণশীলা হইয়া একের মুখচন্দ্র হইতে অন্যার মুখচন্দ্রে পদার্পণপূর্ব্বক সর্ব্বত্র বিচরণ করিতেছে ॥

এখানে মূল শ্লোকস্থিত স্তুত্যা এই পদে স্তুতির সহিত এই অর্থ, অথবা স্তুতিযোগ্যা এই অর্থ, তাহার নিশ্চয় না হওয়ায় সন্দিগ্ধদোষ হইয়াছে। অতএব "তোমার কীর্ত্তি ভূতলে ভ্রমণ করিতেছে" এইরূপ পাঠই সমুচিত ॥ ৭ ॥

তব নয়নচকোরী পুচ্ছকচ্ছাভিঘাত-
ব্যথিতহৃদয়বৃত্তীনীব নীলোৎপলানি।
কমলমুখি জনেভ্যো লজ্জয়া ন প্রকাশং
দধতি দিবসমধ্যে মুদ্রিতান্যেব সন্তি॥

অত্র পুচ্ছকচ্ছাঽভিঘাতেত্যাদিনা নির্জিতত্বমেব লক্ষ্যতে। সা চ লক্ষণা দুষ্টৈব।

উক্তং চ।

লক্ষণা সা ন কর্ত্তব্যা কষ্টেনার্থাগমো যতঃ।

রাত্রৌ বিকসিতানি নীলোৎপলানি দিবসে মুদ্রিতানি এব সন্তীত্যত্র হেতুং শ্রীকৃষ্ণঃ প্রিয়াং প্রত্যাহ। তবেতি। হে কমলমুখি তব নয়নরূপচকোর্য্যোঃ পুচ্ছদেশাভিঘাতেন ব্যথিতাঃ হৃদয়বৃত্তয়ো যেষাং তথাভূতানীব নীলোৎপলানি দিবসে লজ্জয়া প্রকাশং ন দধতি। অত্র উৎপলানাং দিবসে মুদ্রণে কারণং লজ্জা তস্যাঃ কারণং প্রিয়া নয়নকর্ত্তৃকং তেষাং নির্জ্জিতত্বং তস্য বোধঃ পুচ্ছকচ্ছাভিঘাতেত্যাদিনা ন ভবেত্যত পুচ্ছকচ্ছাভিঘাতেত্যাদিনা লক্ষণয়া নির্জ্জিতত্ব বোধো ভবিষ্যতি তত্র নির্জ্জিতত্বরূপে অর্থে কস্যাপি পদস্য শক্যসম্বন্ধঃ ন ভবতি ইতি ন লক্ষণা সম্ভবতি। যদি যথাকথঞ্চিৎ কষ্টেন শক্যসম্বন্ধং স্বীকরোতি তদা কষ্টগম্যত্বেনেয়ং লক্ষণা দুষ্টেত্যর্থঃ। চকোর্য্যাঃ পুচ্ছঘাতো নীলোৎপলেন

অয়ি কমলমুখি! নীলোৎপল সকল তোমার নয়ন-চকোরীর পুচ্ছদেশের অভিঘাতে ব্যথিত হৃদয় হইয়াই যেন লজ্জা বশতঃ দিবাভাগে জনগণ সমীপে প্রকাশ প্রাপ্ত হয় না, মুদ্রিতভাবেই অবস্থিতি করে॥

এখানে "পুচ্ছদেশের অভিঘাতে" ইহা দ্বারা পরাজিতত্বই লক্ষিত হইতেছে। কিন্তু ঐরূপ লক্ষণা দুষ্ট বলিতে হইবে। পূর্ব্বাচার্য্যগণকর্ত্তৃক উক্তও হইয়াছে যে, যথায় কষ্টে অর্থাবগতি করিতে হয় ও যেখানে শক্যের সহিত সম্বন্ধ নাই, বা রূঢ়ি কি প্রয়োজনও নাই, তথায় লক্ষণা কর্ত্তব্য নহে॥

ন যত্র শক্যসম্বন্ধো ন রূঢ়ির্ন প্রয়োজনং।

তেন নেয়ার্থমিদং।

তব নয়নযুগ শ্রীসাম্যলেশং ন লব্ধা ইতি পাঠ্যং ॥

অথ ক্লিষ্টাদীনি সমাসগতান্যেব ॥

যমুনাজনকজ্যোতিরুদয়স্মিতশালিভিঃ।

ত্বন্মুখস্য তু নামাপ্তুমুদবাসতপোদধে ॥

অত্র যমুনাজনকঃ সূর্য্যঃ তস্য জ্যোতিষ উদয়েন স্মিত-শালীনি পদ্মানি তৈরিতি ক্লেশত এবার্থাবগতিরিতি ক্লিষ্টং ॥ ৮ ॥

নায়ং পৌষ্পঃ খলু ন ধনুষো নাপি মৌর্ব্যাশ্চ নিঘ্নো

সম্ভবতীতি লক্ষণাভাববীজং জ্ঞেয়ং। যমুনেতি কমলৈস্ত্বন্মুখস্য তুলনামাপ্তুং জলবাসরূপং তপো দধে ॥ ৮ ॥

হে রাধে তবায়ং কটাক্ষরূপো বাণঃ ন পৌষ্পঃ পুষ্পসম্বন্ধি ন। নবা ধনুষো

এই নিমিত্ত এখানে নেয়ার্থতা দোষ হইয়াছে। "তোমার নয়ন যুগলের লাবণ্য লক্ষ্মীর সাদৃশ্যলেশও লাভ করিতে না পারিয়া" এইরূপ পাঠকল্পনাই এস্থলে সমুচিত ॥

ক্লিষ্টাদিদোষ সমাসগত হইয়া থাকে ॥

ক্রমে উদাহরণ প্রদত্ত হইতেছে ॥

যমুনাজনক-জ্যোতিঃপুঞ্জোদয়ে স্মিতবিশিষ্টেরা তোমার মুখমণ্ডলের তুলনা প্রাপ্ত হইবার নিমিত্ত জলবাসরূপ তপস্যা-রম্ভ করিয়াছে ॥

এস্থলে যমুনার জনক সূর্য্য, তাঁহার জ্যোতিঃপুঞ্জের উদয়ে স্মিতবিশিষ্ট অর্থাৎ পদ্ম, এইরূপ কষ্টে অর্থাবগতি হয় বলিয়া ক্লিষ্ট হইয়াছে ॥ ৮ ॥

অয়ি মুগ্ধে রাধিকে ! তোমার কুটিলকটাক্ষ রতিপতির

মুগ্ধে দিগ্ধঃ কিমমৃতরসেনৈব কিম্বা বিষেণ।
নির্ম্মুক্তোঽপি প্রকটমসকৃদ্বীক্ষ্যতে মুচ্যমানো
রাধে কোঽয়ং তব রতিপতেঃ ষষ্ঠবাণঃ কটাক্ষঃ॥

অত্র ষষ্ঠত্বং বিধেয়ং তত্তু সমাসেন গুণীভূতমিত্য-বিমৃষ্টবিধেয়াংশং। তেন মুগ্ধে ইত্যত্র রাধে ইতি কৃত্বা ষষ্ঠঃ কোঽয়ং নয়নময়ি তে পঞ্চবাণস্য বাণ ইতি পাঠে সাধু॥

যথা বা॥

অকৃতং সুহৃতং কিঞ্চিদতপ্তঞ্চ তথা তপঃ।
ভবেয়ং যেন তে নাথ করুণালবভাজনং।

নিঘ্নঃ বশঃ। নাপি মৌর্ব্যাঃ জ্যায়া বশঃ কিং অমৃতরসেন দিগ্ধঃ লিপ্তঃ কিম্বা বিশেষেণ লিপ্তঃ। ত্বয়া সকৃন্নির্মুক্তোঽপি স বাণঃ অসকৃন্মুচ্যমান এব দৃশ্যতে।

অপূর্ব্ব ষষ্ঠ বাণ স্বরূপ। দেখ, উহা পুষ্পনির্ম্মিত নহে এবং ধনুঃ বা মৌর্ব্বীরও আয়ত্ত নহে, উহা বিষদিগ্ধ অথবা অমৃতরসাভি-ষিক্ত, কিছুই বুঝিতে পারি না। ঐ বাণ তুমি প্রকটভাবে একবার মোচন করিলেও পুনঃ পুনঃ মুচ্যমান হইতে দেখা যায়॥

এখানে বাণের ষষ্ঠত্ব বিধেয়। উহা সমাসে গুণীভূত হও-য়ায় অবিমৃষ্টবিধেয়াংশ নামক দোষ হইয়াছে। অতএব মুগ্ধে এইস্থলে রাধে এইরূপ পরিবর্ত্তন করিয়া "তোমার কটাক্ষ পঞ্চ-বাণের এ কি অপূর্ব্ব ষষ্ঠবাণ" এইরূপ পাঠ করাই কর্ত্তব্য॥

যথা বা—

হে নাথ! যাহাতে আমি তোমার করুণাকণাভাজন হইতে পারি, এরূপ কোন সুকৃতও অকৃত, তপঃও অনা-চরিত॥

অত্র নঞঃ প্রাধান্যং তস্য সমাসেন গুণীভাবঃ।

এবং লবস্য বিধেয়ত্বেন সমাসেন গুণীভাবঃ। তেন

ন কৃতং সুকৃতং কিঞ্চিন্নতপ্তং চ তথা তপঃ।
ময়ি যেন ভবেন্নাথ করুণায়া লবোঽপি তে।

ইতি সাধু॥

তথা।

উদয়তি শশী শ্রীরাধায়া ন তন্মুখমণ্ডলং
স্খলতি তিমিরং সারঙ্গাক্ষ্যা ন নীলনিচোলকঃ।
হসতি হরিতাং চক্রং তস্যা ন নাম সখীগণো
ভ্রমতি ভুবনে জ্যোৎস্নৈবাস্যা ন সাঙ্গরুচিচ্ছটা॥

কন্দর্পস্তাবৎ পঞ্চবাণত্বেন প্রসিদ্ধঃ তব কটাক্ষরূপঃ ষষ্ঠবাণঃ কোঽয়মনর্থকারক ইত্যর্থঃ। যেন সুকৃতেন তব করুণালবভাজনমহং ভবেয়ং তৎসুকৃতং কিঞ্চিদপি ন কৃতং। অত্রোত্তর বাক্যগত যৎপদেন তৎপদাপেক্ষা নাস্তীতি ভাবঃ। অত্র নঞ তৎপুরুষে উত্তরপদপ্রাধান্যাৎ বিধেয়স্য নঞোঽপ্রাধান্যং দোষঃ॥

কদাচিৎ বিরহজন্যোন্মাদেন চন্দ্রাদীন্ শ্রীরাধাদ্যবয়বত্বেন জ্ঞাত্বা দিধীর্ষয়া ধাবন্তং শ্রীকৃষ্ণং প্রতি মধুমঙ্গল আহ। কৃষ্ণপক্ষে চতুর্থ্যাং চন্দ্র উদয়তি ন রাধায়া

এখানে নঞের প্রাধান্য, কিন্তু সমাসে তাহার গুণীভাব হইয়াছে এবং কণার বিধেয়ত্বই সমুচিত, সমাসে তাহাও গুণীভূত হইয়াছে। অতএব "হে নাথ! যাহাতে আমি তোমার করুণার লেশেরও ভাজন হইতে পারি, এরূপ সুকৃতও কিছু কৃত হয় নাই এবং এরূপ তপও আচরিত হয় নাই"। এইরূপ পাঠই সাধু॥

সুধাকরই উদিত হইতেছে, উহা শ্রীরাধার মুখমণ্ডল নহে, তিমিরভারই স্খলিত হইতেছে, উহা হরিণাক্ষীর নীলনিচোল

অত্র নকারস্য প্রাধান্যাদ্গুণঃ। যত্র তু বিশেষাভিধানং তত্র নঞঃ সমাসোঽপি ন দুষ্যতি॥

যথা॥

অমার্জ্জিত সুচিক্কণৈরনভিষিক্ত ধৌতোজ্জ্বলৈ-
রভূষিত মনোহরৈরননুলিপ্তসৎসৌরভৈঃ।
তমালদলকোমলৈর্নয়নকৌমুদীকন্দলৈ-
রহো কিমিদমঙ্গকৈঃ স্ফুরতি নীলমাদ্যং মহঃ॥

মুখমণ্ডলং। এবং চন্দ্রোদয়াৎ তিমিরং স্খলতি ন তস্যাঃ কোমলনীলবস্ত্রং। হরিতাং দিশাং চক্রং সমূহো হসতি প্রকাসতে ন তস্যাঃ সখীসমূহঃ সখীসমূহ-বেষ্টিতা রাধিকা ন ভবতীত্যর্থঃ॥

অত্র নকারস্য প্রাধান্যাদ্গুণ এব নতু দোষ ইত্যর্থঃ। যত্র নঞসহিত সমস্ত-পদার্থস্য বিশেষাভিধানমপেক্ষিতং ভবতি তত্র নঞা সহ সমাসেঽপি ন দোষঃ। অহো আশ্চর্য্যং কিমিদং শ্রীকৃষ্ণস্বরূপমাদ্যং নীলং মহঃ কোমলাঙ্গৈঃ করণৈঃ স্ফুরতি। কথম্ভূতৈরমার্জিতং চ তৎ সুচিক্কণং চেতি তথাচ মার্জনং বিনৈব সুচিক্কণৈরিত্যর্থঃ। অভিষেকং বিনৈব ধৌতোজ্জ্বলৈঃ। অনুলেপং বিনৈব সুগন্ধৈঃ নেত্রাণাং প্রকাশিকায়া কৌমুদী তস্যাঃ কন্দলৈঃ অঙ্কুরস্বরূপৈঃ॥

নহে, দিগ্বধূগণই হাস্য করিতেছে, উহা শ্রীমতীর সখীবৃন্দ নহে, জ্যোৎস্নাজালই জগতে ব্যাপ্ত হইতেছে, উহা তদীয় অঙ্গের কান্তিচ্ছটা নহে॥

এই শ্লোকে নঞের প্রাধান্য থাকায় তাহা গুণই হইয়াছে, দোষ হয় নাই॥

যথায় নঞের সহিত সমস্ত পদার্থের বিশেষ অভিধান করা প্রয়োজনীয় হয়, তথায় নঞের সহিত সমাস হইলে তাহা দোষাবহ হয় না॥

যথা—

আহা! কি সুন্দর নীলোজ্জ্বল আদি জ্যোতিঃ অঙ্গবিশিষ্ট

অত্র সুচিক্কণাদিবিশেষাভিধানে অমার্জ্জিতাদিষু নঞঃ সমাসো গুণ এব। তদ্রূপত্বমেব বিধেয়ং। নাতো বিধেয়াবিমর্ষঃ। যথা অপীতক্ষীরকাদম্বমিতি দণ্ডিনঃ॥

যথা বা॥

অনাসক্তঃ কর্ম্মকুর্ব্বন্নসক্তো বিষয়ান্ জুষন্।
অপ্রমত্তো ভজন্ কৃষ্ণং ন স তৈস্তৈর্নিবধ্যতে॥

তদ্রূপত্বমিতি অমার্জিতসুচিক্কণত্বমেব বিধেয়ং ন মার্জনাভাবো বিধেয় ইত্যর্থঃ॥

অপীতেতি মদ্যাদিপানং বিনৈব ক্ষীবাণং মত্তং কাদম্বং কলহংসমিত্যাদাবপি পূর্ব্ববৎ পানাভাবো ন বিধেয় অতো নঞা সহ সমাসে ন দোষঃ॥

অনাসক্ত ইতি অত্রাপি আসক্ত্যভাবো ন বিধেয়ঃ কিন্তু আসক্ত্যভাববিশিষ্ট কর্ম্মকর্তৃকত্বমেব বিধেয়মিতি ভাবঃ॥

হইয়া স্ফুরিত হইতেছে, ঐ অঙ্গগুলি অমার্জ্জিত-সুচিক্কণ, অনভিষিক্ত-ধৌতোজ্জ্বল, অভূষিত-মনোহর, অননুলিপ্ত-সুসৌরভ এবং তমালদল-সুকোমল ও নিখিলজননয়নের কৌমুদী-কন্দলস্বরূপ॥

এখানে সুচিক্কণাদিরূপ বিশেষের অভিধান হেতু অমার্জ্জিতাদিপদে নঞের সহিত যে সমাস হইয়াছে, তাহা গুণই হইয়াছে। তদ্রূপত্বই বিধেয় বলিয়া এখানে বিধেয়াবিমর্ষ দোষ ঘটে নাই। দণ্ড্যাচার্য্যও "মদ্যাদি পান না করিয়াও কলহংসকুল যথায় উন্মত্ত হইয়াছে" এই অর্থে অপীত ক্ষীবকাদম্ব ইত্যাদিরূপ প্রয়োগ করিয়াছেন॥

যথা বা—

যিনি অনাসক্ত হইয়া কর্ম্মাচরণ, অলিপ্ত হইয়া বিষয় সেবন, অপ্রমত্ত হইয়া শ্রীকৃষ্ণভজন করেন, তাঁহাকে ঐ ঐ ব্যাপারে নিবদ্ধ হইতে হয় না॥

যথা বা ॥

অপূতঃ পূততাং গচ্ছেদবিজ্ঞো বিজ্ঞতাং ব্রজেৎ ।
অগুণী গুণিতামেতি কৃষ্ণে ভক্তো ভবেদ্যদি ॥

যথা ॥

অগৃধ্নুরাদদে সোঽর্থানিত্যাদি কালিদাসঃ ॥

যত্র নঞঃ প্রাধান্যেন দোষান্তরমাপততি তত্র দোষ এব ॥

যথা ॥

গিরো ন হরিতৎপরা দৃগপি নো হরীক্ষোত্তরা ।

অগৃধ্নুঃ আকাঙ্ক্ষারহিতঃ। তথাচাকাঙ্ক্ষাভাববিশিষ্টস্য পুরুষস্যার্থগ্রহণকর্তৃত্বমেব বিধেয়ং নত্বাকাঙ্ক্ষাভাবো বিধেয় ইতি ভাবঃ ॥

নঞ ইতি যত্র নঞঃ প্রাধান্যং তত্রাবিমৃষ্টবিধেয়রূপদোষাভাবেঽপি দোষান্তরমাপততি তত্র স এব দোষঃ। তদেবাহ গির ইতি। কিং গিরো হরিতৎপরা ন কিম্বা হরিতৎপরায়াস্তাগিরো ন কিম্বা এতা গিরো ন ভবন্তি যতো হরিতৎপরা ইতি সন্দেহরূপো দোষঃ। তেনেতি। অত্র হরিতৎপরত্বাভাবো ন

যথা বা—

শ্রীকৃষ্ণে ভক্তিযোগ থাকিলে অপবিত্রও পবিত্রতা, অবিজ্ঞও বিজ্ঞতা ও অগুণীও গুণিতা প্রাপ্ত হয়। তিনি অগৃধ্নু বা অলুব্ধ হইয়া অর্থ সংগ্রহ করিতেন ইত্যাদি কালিদাসের উক্তিও আছে ॥

যথায় নঞের প্রাধান্যহেতু দোষান্তরের উপস্থিতি হয়, তথায় উহা দোষমধ্যেই গণ্য ॥

যথা—

বাণী হরিতৎপরা নহে, দৃষ্টিও হরিদর্শনপরায়ণা নহে,

ইত্যাদৌ কিং গিরো ন হরিতৎপরাঃ কিং হরিতৎপরা গিরো ন কিং গিরো ন কৃতঃ হরিতৎপরাশ্চেদিতি সন্দেহঃ স্যাৎ তেন গিরস্ত্বহরিতৎপরা দৃগপি চাহরীক্ষাপরেতি সাধুঃ ॥ ৯ ॥

বিনা শপথমালীনাং বিনা কৃষ্ণস্য নম্রতাং।
ন সম্মুখী নাসীত্যেষ রাধে কস্তব দুর্গ্রহঃ।

অত্র দুর্গ্রহ ইতি দুরাগ্রহার্থবাচী চ গ্রহবৈগুণ্য প্রতিপাদকত্বেন বিরুদ্ধমতিকৃৎ।

বিনা শপথমিত্যত্রাপি নাশশব্দেহপি বিরুদ্ধতা।

বিধেয়ঃ কিন্তু হরিতৎপরত্বাভাববিশিষ্টবাক্যত্বমেব বিধেয়ং। এবং হরিদর্শনাভাববিশিষ্টং দৃকত্বমেব বিধেয়মতো নাবিমৃষ্টবিধেয়দোষো নাপি সন্দেহদোষঃ ॥ ৯ ॥

আলীনাং শপথং বিনা এবং শ্রীকৃষ্ণস্য নম্রতাং বিনা ত্বং সম্মুখীনাং ইনা শ্রেষ্ঠা নাহসি। তথাচ পূর্ব্বং সম্মুখীনামানুকূল্যবতীনাং প্রিয়াণাং মধ্যে ত্বং শ্রেষ্ঠা আসীরিদানীন্তু তথা ন ভবসীত্যেষ এব কো দুরাগ্রহ ইত্যর্থঃ ॥

ইত্যাদিস্থলে বাণী হরিতৎপরা নহে এই অর্থ, অথবা যাহা হরিতৎপরা, তাহা বাণী নহে এই অর্থ, কিম্বা তাহা বাণীই হইতে পারে না, কেন না তাহা হরিতৎপরা এইরূপ অর্থ, এই প্রকার নানা সন্দেহ উপস্থিত হয়। অতএব অ-হরিতৎপরা বাণী ও অ-হরিপরায়ণা দৃষ্টি এইরূপ পাঠই সাধু ॥ ৯ ॥

হে রাধে! এ কি তোমার দুর্গ্রহ যে, সখীগণের বিনা শপথে ও শ্রীকৃষ্ণের বিনা নম্রতায় তুমি কখনই সম্মুখীনা হইতে চাহ না ॥

দুরাগ্রহ অর্থে এখানে দুর্গ্রহ পদের প্রয়োগ হইয়াছে, কিন্তু উহা গ্রহবৈগুণ্য প্রতিপাদকত্বহেতু উহা বিরুদ্ধমতিকৃৎ ॥

বিনা শপথে এই স্থলেও নাশশব্দ ঐরূপ বিরুদ্ধ। অতএব

তেন ঋতে শপথমালীনামিতি পঠিত্বা রাধে কোঽয়ং দুরাগ্রহ ইতি পাঠ্যং ॥

যথা বা ॥

সমাংসমীনাবলিচারয়দ্ভি র্গবাংকুলং বল্লববালবৃন্দৈঃ।
বৃন্দাবনে কৌতুককেলিলোলঃ পুনাতু বঃ শ্রীব্রজরাজসূনুঃ।

অত্র মাংসমীনাবলিসহিতমিতি বিরুদ্ধমতিকৃৎ। এবমকার্য্যমিত্রং। ভবানীপতিরম্বিকারমণ ইত্যাদয়োঽপি

সমাংসেতি গবাং কূলং চারয়দ্ভির্গোপবালবৃন্দৈঃ সহ কেলিলোলঃ শ্রীকৃষ্ণঃ বো যুষ্মান্ পুনাতু। গবাং কুলং কথম্ভূতং সমাংসমীনাবলিঃ প্রতিবর্ষপ্রসূতা গোশ্রেণির্যত্র তথাভূতং। সমাংসমীনা সা প্রোক্তা সূতে যা প্রতিবৎসরং ইতি শব্দার্ণবঃ ॥

ন কার্য্যং কিন্তু স্বতঃসিদ্ধং মিত্রং। ভবস্য পত্নী ভবানী তস্যাঃ পতিরিতি

"সখীগণের শপথ ব্যতিরেকে তুমি সম্মুখীনা হও না, হে রাধে! তোমার এ কি দুরাগ্রহ" এইরূপ পাঠ করাই কর্ত্তব্য ॥

যথা বা—

বৃন্দাবনে সমাংসমীনাবলিবিশিষ্ট গো-কুলের চারণে তৎপর গোপবালকবৃন্দের সহিত যিনি কেলি-কৌতুকে সতত সমুৎসুক, সেই ব্রজরাজতনয় তোমাদিগকে রক্ষা করুন ॥

এস্থলে যদিও "প্রতিবর্ষে প্রসব করে যে গাভী, তাহার শ্রেণী" এই অর্থে সমাংসমীনাবলি পদ প্রযুক্ত হইয়াছে, কিন্তু উহা মাংস-মীনাবলি সহিত এইরূপ অর্থ শিষ্টগণের চিত্তে উদয় করিয়া দেয় বলিয়া বিরুদ্ধমতিকৃৎ হইয়াছে। এইরূপ অকার্য্যমিত্র, ভবানীপতি, অম্বিকারমণ প্রভৃতি শব্দও বিরুদ্ধ-

বিরুদ্ধমতিকৃতঃ। কিং বহুনা প্রিয়তমবল্লভতমেত্যাদয়োঽপি প্রিয়াঽন্তরং বল্লভাঽন্তরং চ প্রতিপাদয়ন্তি তেন তেঽপি তথা। প্রিয়তমাপ্রভৃতয়স্তু ন তথা ঔচিত্যাদিতি কেচিদাহুঃ। চূষণবান্তাদিশব্দাস্তু ন তথা কবিপ্রযুক্তত্বাৎ ॥ ১০ ॥

এষাং সমাসগতত্বেন দিঙ্মাত্রমুদাহরণং ক্রিয়তে ॥

সমাসগতশ্রুতিকটু যথা ॥

প্রচক্রমে বিক্রমবিক্রয়ং ভ্রুবা
স্ববক্রয়াঽসৌ রতিচক্রমক্রমাৎ।

ভবভিন্নোপপতি বোধো জায়ত ইতি বিরুদ্ধমতিকৃৎ। এবং রমণশব্দোঽপি উপপতিং ব্যনক্তি। অতএব রাধারমণ ইত্যুচ্যতে নতু রুক্মিণীরমণঃ। তেঽপি প্রিয়তমাদয়োঽপি তথা। বিরুদ্ধমতিকৃতঃ ঔচিত্যাৎ কবিপ্রযুক্তত্বেন উচিতত্বাৎ ॥ ১০ ॥

প্রচক্রম ইতি অসৌ রাধিকা শ্রীকৃষ্ণে স্ববিক্রমস্য বিক্রয়ো ব্যত্যয়ো যত্র তথা-

---

মতিকৃৎ। অধিক কি, প্রিয়তম বল্লভতম ইত্যাদিশব্দও প্রিয়ান্তর ও বল্লভান্তর প্রতিপাদন করে বলিয়া ঐ গুলিও উক্তদোষাশ্রিত বলিয়া গণ্য, কিন্তু প্রিয়তমা প্রভৃতিশব্দ ঔচিত্যপ্রযুক্ত উক্তদোষ দুষ্ট নহে, কোন কোন আলঙ্কারিক এইরূপ বলিয়া থাকেন। কবিপ্রয়োগ বশতঃ চূষণ-বান্তাদি-শব্দও ঐরূপ জানিবে ॥ ১০ ॥

এই সকল দোষের সমাসগতত্বরূপে উদাহরণ দিঙ্মাত্রে প্রদর্শিত হইতেছে ॥

সমাসগত শ্রুতিকটু যথা—

শ্রীরাধিকা বিসংষ্ঠুল গোষ্ঠাধীশনন্দন শ্রীকৃষ্ণের প্রতি

স্বনিষ্ঠুরষ্ঠ্যূতকটাক্ষসৌষ্ঠবা
গোষ্ঠাধিরাজস্য স্বতে বিসংষ্ঠুলে ॥

অত পরার্দ্ধে সমাসগতং শ্রুতিকটু সমুদায়েন প্রতিকূলবর্ণত্বাৎ প্রকৃতরসাননুগুণঃ বিষ্ঠুল ইতি সমাপ্তপুনরাত্তং চেতি পরিবৃত্তৌ মূলনাশঃ ॥

এবমন্যেঽপি যথা স্থূলমনুমেয়াঃ ॥

বাক্যেঽপ্যেতে তথৈব বিজ্ঞেয়াঃ ॥

ভূতং রতিচক্রং বিপরীতসম্ভোগসমূহং প্রচক্রমে। অক্রমাদিতি অক্রমং স্বক্রমবিরুদ্ধং পুরুষক্রমমারুহ্যেত্যর্থঃ। ল্যপ্ লোপে পঞ্চমী। রাধা কথম্ভূতা সুনিষ্ঠুরং যথাস্যাত্তথা ষ্ঠ্যূতং নিক্ষিপ্তং কটাক্ষসৌষ্ঠবং যয়া তথাভূতা। শ্রীকৃষ্ণে কথম্ভূতে বিসংষ্ঠুলে পুরুষক্রমং বিহায় স্ত্রীসংস্থয়া স্থিতে শৃঙ্গাররসস্য প্রতিকূলবর্ণত্বাৎ প্রকৃতরসস্য শৃঙ্গারস্যাননুগুণঃ। পরিবৃত্তৌ নির্দূষণপদপ্রয়োগে মূলস্য সমস্তশ্লোকস্যৈব নাশঃ স্যাৎ ॥

পদে দোষাণামুদাহরণমুক্ত্বা বাক্যেঽপ্যাহ। বাক্য ইতি। চ্যুতসংস্কৃতাদি-

---

কুটিলভ্রূ-নিষ্ঠ্যূত সুনিষ্ঠুর কটাক্ষসৌষ্ঠব বৃষ্টিসহকারে তদীয় বিক্রমবিক্রয়কারী সুরতক্রিয়া বিপরীতক্রমে উপক্রম করিয়াছিলেন ॥

এখানেও শ্রুতিকটুদোষ সমাসগত হইয়াছে এবং প্রতিকূলবর্ণের বাহুল্যবশতঃ উহা প্রকৃত শৃঙ্গাররসের পোষণকারী হয় নাই, অপিচ মূল শ্লোকে বিসংষ্ঠুল এইস্থলে সমাপ্ত পুনরাত্ত নামক দোষ ঘটিয়াছে। এই গুলির পরিবর্ত্তনপূর্ব্বক নির্দ্দোষ পদবিন্যাস করিলেও সমস্ত মূল শ্লোকটীর বিনাশ হয় ॥

এইরূপ অবশিষ্ট উদাহরণ গুলি অনুমান করিয়া লইবে ॥

চ্যুতসংস্কৃত্যসমর্থং নিরর্থকং বর্জয়িত্বৈতে শ্রুতিকট্বাদয়ো দোষাঃ ॥

ক্রমেণোদাঃ ॥

প্রচক্রমে বিক্রমবিক্রয়মিত্যাদিবাক্যমেব শ্রুতিকটু ॥

যথা বা ॥

কষ্টমষ্টাপদস্যেদং দৌষ্ঠবঞ্চ সুধাষ্ঠ্যুরঃ।
বর্ষ্মণো ঘ্নয়া ঘৃণ্যা তুণ্ডেন চ তব প্রিয়ে।
সুধাষ্ঠুরশ্চন্দ্রস্য ঘৃণ্যা কিরণেন অত্র বাক্যমেব তথা ॥১১॥

ত্রয়াণামুদাহরণং পদে এব সম্ভবতি নতু বাক্যে ইত্যাহ চ্যুতেতি ॥

হে প্রিয়ে রাধে তব বর্ষ্মণো দেহস্যানয়া ঘৃণ্যা কিরণেন অষ্টাপদস্য সুবর্ণস্য কষ্টং। এবং তব তুণ্ডেন মুখেন সুধাষ্ঠ্যুরশ্চন্দ্রস্য দৌষ্ঠবং দুস্থতা। সৌষ্ঠবমপি ব্যাকরণসিদ্ধং ॥ ১১ ॥

চ্যুতসংস্কৃতি, অসমর্থ ও নিরর্থক ভিন্ন এই শ্রুতিকটুতাদি-দোষগুলি বাক্যগতও হইয়া থাকে। শ্রীরাধিকা বিসংষ্ঠুল গোষ্ঠাধীশনন্দন ইত্যাদি পূর্ব্বোদাহরণস্থ বাক্যই শ্রুতিকটু হইয়াছে ॥

যথা বা—

হে প্রিয়ে! তোমার বর্ষ্মের ঘৃণিসঙ্ঘাতে অষ্টাপদের কষ্ট হইয়াছে এবং তুণ্ডদ্বারা সুধাষ্ঠীবনকারি চন্দ্রেরও দৌষ্ঠব হইয়াছে ॥

এখানে সমগ্র বাক্যটীই শ্রুতিকটুদোষ দুষ্ট। এই বাক্যে বর্ষ্ম অর্থে দেহ, ঘৃণিসঙ্ঘাত কিরণসমূহ, অষ্টাপদ সুবর্ণ, তুণ্ড-মুখ, দৌষ্ঠব দুঃস্থতা বা সৌষ্ঠবের অভাব বুঝিতে হইবে ॥১১॥

লেখৈর্দুশ্চ্যবনপ্রষ্ঠৈঃ সুরজ্যেষ্ঠাদিকৈরপি।
বন্দ্যমানো বিধূ রাতু শাতং শ্যতু চ দুষ্কৃতং ॥

লেখৈর্দেবৈঃ। দুশ্চ্যবন ইন্দ্রঃ। সুরজ্যেষ্ঠো ব্রহ্মা। বিধুঃ শ্রীকৃষ্ণঃ রাতু দদাতু। শ্যতু কৃষং করোতু। অত্র লেখাদিশব্দাঃ সুরাদিবাচকা অপি শ্লেষাদিং বিনাঽত্র কবিভিরপ্রযুক্তাস্তেন বাক্যমেবেদমপ্রযুক্তং ॥

ক্ষমাক্ষমাধরানন্তমকরধ্বজলঙ্ঘিনঃ।
প্লবন্তে শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকাঃ।

দুশ্চ্যবন ইন্দ্রঃ প্রষ্ঠঃ অগ্রেসরো যেষাং তথা সুরজ্যেষ্ঠো ব্রহ্মা আদিঃ প্রধানং যেষাং তথাভূতৈর্লেখৈর্দেবৈর্বন্দ্যমানো বিধুঃ শ্রীকৃষ্ণঃ যুষ্মাকং শাতং সুখং রাতু দদাতু দুষ্কৃতং শ্যতু কৃষং করোতু নশ্যত্বিত্যর্থঃ। পুরোগাগ্রেসর প্রষ্ঠা ইতি ॥

দুশ্চ্যবনপ্রষ্ঠ সুরজ্যেষ্ঠাদি লেখবৃন্দকর্ত্তৃক বন্দ্যমান ভগবান্ বিধু তোমাদিগের সম্বন্ধে শাত দান ও দুষ্কৃত দূর করুন ॥

এখানে দুশ্চ্যবনপ্রষ্ঠ বলিতে দুশ্চ্যবন অর্থাৎ ইন্দ্র হইয়াছেন প্রষ্ঠ কি অগ্রসর যাঁহাদিগের এইরূপ অর্থ এবং লেখ দেবতা, সুরজ্যেষ্ঠ ব্রহ্মা, বিধু শ্রীকৃষ্ণ ও শাত সুখ বুঝিতে হইবে। এস্থলে লেখাদিশব্দ দেবতাদিবাচক হইলেও শ্লেষাদি স্থল ব্যতিরেকে কবিগণ অন্যত্র প্রয়োগ করেন নাই বলিয়া এই বাক্যটীই অপ্রযুক্ততাদোষ দুষ্ট হইয়াছে ॥

ক্ষমা, ক্ষমাধর, অনন্ত ও মকরধ্বজ-লঙ্ঘনকারী শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক ধাবিত হইয়াছে অর্থাৎ ভগবানের শৈব্যাদিনামক অশ্বচতুষ্টয় পৃথিবী, পর্ব্বত, আকাশ ও

অত্র ক্ষমাদয়ো বলাহকান্তাঃ শব্দা ক্ষান্ত্যাদিভিঃ প্রসিদ্ধৈর্নিহতার্থাঃ।

তথাহি।

ক্ষমা ক্ষান্তিঃ ক্ষমাধরঃ ক্ষমী অনন্তঃ পরমেশ্বরঃ মকরধ্বজঃ কামঃ শৈব্যঃ শিবিপুত্রঃ সুগ্রীবো বানররাজঃ মেঘপুষ্পং জলং বলাহকো মেঘঃ। এতৈঃ প্রসিদ্ধৈঃ পৃথ্বী-পর্ব্বত-ব্যোম-সমুদ্রা ভগবতো হয়াশ্চত্বারশ্চাপ্রসিদ্ধা ব্যাহন্যন্তে ॥

যথা বা ॥

ক্ষমাদীন্ লঙ্ঘিনঃ শৈব্যাদয়ো ভগবতশ্চত্বারোঽশ্বাঃ প্লবন্তে। তথাহি। ক্ষমা পৃথ্বী। ক্ষমাধরঃ পর্ব্বতঃ। নাস্তি অন্তঃ যস্যানন্তং ব্যোম। মকরধ্বজঃ সমুদ্রঃ। ক্ষমাশব্দঃ ক্ষান্তি পরত্বে প্রসিদ্ধঃ। ক্ষমাং ধরতীতি ক্ষমাধরঃ ক্ষমী শান্তজনঃ। শিবিরাজস্য পুত্রঃ শৈব্যঃ। ক্ষান্ত্যাদিভিরেতৈঃ প্রসিদ্ধৈরপ্রসিদ্ধাঃ পৃথ্ব্যাদয়স্তথা ভগবতশ্চত্বারোঽশ্বাঃ বাহন্যন্তে ॥

সমুদ্র লঙ্ঘন করিয়া ধাবিত হইয়াছে ॥

এখানে ক্ষমাশব্দে ক্ষান্তি, ক্ষমাধর ক্ষমাশালী, অনন্ত পরমেশ্বর, মকরধ্বজ কাম এবং শৈব্য শিবিপুত্র, সুগ্রীব বানররাজ, মেঘপুষ্প জল, বলাহক মেঘ, এই সকল প্রসিদ্ধ অর্থ দ্বারা উক্ত শ্লোকের অভিপ্রেত পৃথিবী, পর্ব্বত, আকাশ, সমুদ্র ও ভগবানের অশ্বচতুষ্টয়রূপ অপ্রসিদ্ধ অর্থগুলি ব্যাহত হওয়ায় নিহতার্থতা নামক দোষ হইয়াছে ॥

যথা বা—

সামুদ্রং নবনীতং চ মহারিষ্টিশ্চ নন্দকঃ।
হরিবৎসশয়াসন্নৌ রাতাং শাতং সদৈব বঃ।

অত্র সমুদ্রনবনীতং কৌস্তুভঃ মহারিষ্টির্নন্দকঃ খড়্গং বৎসং বক্ষঃ শয়ঃ পাণিঃ এতে সামুদ্রলবণ নবনীত মহোৎপাত সমৃদ্ধিজনক তর্ণক শয়নৈঃ প্রসিদ্ধৈর্নিহতা ইতি বাক্যমেব নিহতার্থং॥ ১২॥

হরেঃ শ্রীকৃষ্ণস্য বৎসং বক্ষঃস্থলং তত্রাসন্নঃ কৌস্তুভঃ এবং তস্য শয়ঃ পাণিস্তত্রাসন্নঃ মহারিষ্টিদায়কো নন্দকস্তন্নামা খড়্গবিশেষঃ। এতৌ কৌস্তুভনন্দকৌ যুষ্মাকং শাতং সুখং রাতাং। মহারিষ্টির্মহোৎপাতঃ। নন্দকঃ সমৃদ্ধিজনকঃ। টুনদি সমৃদ্ধাবিত্যস্মাৎ বৎসঃ তর্ণকঃ গোবৎসঃ। শয়ঃ শয়নং। এতৈঃ প্রসিদ্ধৈঃ এতে কৌস্তুভাদয়োঽপ্রসিদ্ধা নিহতাঃ॥ ১২॥

শ্রীহরির বৎস ও শয়ের সমাসন্ন সামুদ্রনবনীত ও মহারিষ্টি নন্দক, এই উভয়ে সতত তোমাদিগের সুখসম্পাদন করুন অর্থাৎ শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলে সন্নিহিত সমুদ্র-সম্ভব কৌস্তুভমণি ও মহারিষ্টিপ্রদায়ক নন্দকনামা খড়্গ তোমাদিগকে সুখী করুন॥

এস্থলে সামুদ্রশব্দে সৈন্ধবলবণ, মহারিষ্টি মহোৎপাত, নন্দক সমৃদ্ধিজনক, বৎস গোবৎস, শয় শয়ন এই সকল প্রসিদ্ধ অর্থ দ্বারা উক্ত শ্লোক অভিপ্রেত সামুদ্রশব্দে কৌস্তুভ, মহারিষ্টিপ্রদ নন্দকশব্দে নন্দকনামক খড়্গ, বৎসশব্দে বক্ষঃস্থল ও শয়শব্দে হস্ত এই সকল অপ্রসিদ্ধ অর্থ ব্যাহত হওয়ায় সমস্ত বাক্যটী নিহতার্থতা দোষ দৃষ্ট হইয়াছে॥ ১২॥

বিষ্ণুস্যন্দনপর্ণানাং পৃষদশ্বেন ধাবিতাঃ।
নিপেতুঃ কাশ্যপীকান্তাঃ কৌণ্ডিন্যাঃ করপীড়নে ॥

অত্র বিষ্ণুস্যন্দনাদয়ঃ শব্দা বিষ্ণুরথাদয় ইব গরুড়াদ্যর্থং ন বোধয়ন্তি তেন নাম্নী অবাচকা ইতি বাক্যমেবাঽবাচকং। পর্ণং পক্ষঃ ধাবিতাঃ কম্পিতাঃ কাশ্যপীকান্তা মহীশ্বরাঃ কৌণ্ডিন্যা রুক্মিণ্যাঃ ॥

বলক্ষে পক্ষেঽয়ং দিবসপরিণামে শশধরো
দিবিষ্ঠং কুষ্ঠং বা ন কিরণকলাপং বিকিরতি।

কৌণ্ডিন্যাঃ রুক্মিণ্যা বিবাহে বিষ্ণুস্যন্দনস্য গরুড়স্য পর্ণানাং পক্ষাণাং পৃষদশ্বেন পবনেন ধাবিতাঃ কম্পিতাঃ কাশ্যপীকান্তা মহীশ্বরা রাজানো নিপেতুঃ। যথা বিষ্ণুরথশব্দো গরুড়বাচী। ন তথা বিষ্ণুস্যন্দনশব্দঃ ॥

বলক্ষে পক্ষে শুক্লপক্ষে দিবসপরিণামে অপরাহ্নে। অয়ং শশধরশ্চন্দ্রঃ দিবিষ্ঠং তথা কুষ্ঠং পৃথিবীস্থং কিরণকলাপং ন বিকিরতি তথাপি দ্রষ্টৄণাং জনানাং নয়-

---

কৌণ্ডিনীর পাণিগ্রহণসময়ে কাশ্যপীকান্তগণ বিষ্ণুস্যন্দন-পর্ণের পৃষদশ্বে ধাবিত হইয়া ধরাতলে নিপতিত হইয়াছিল। অর্থাৎ রুক্মিণীর বিবাহসময়ে ভূপতিগণ গরুড়ের পক্ষপবনবেগে বিকম্পিত হইয়া ধরাতলে নিপতিত হইয়াছিল ॥

এখানে পর্ণশব্দে পক্ষ, ধাবিত কম্পিত, কাশ্যপীকান্ত ভূপতি, কৌণ্ডিনী রুক্মিণী। কিন্তু বিষ্ণুরথাদিশব্দ যেমন গরুড়াদির বোধক, বিষ্ণুসন্দনাদি শব্দ সেরূপ বোধক নহে বলিয়া উহারা বাচক হইতে পারে না। সুতরাং ঐরূপ পদবাহুল্যে বাক্যটীই অবাচক হইয়াছে ॥

শুক্লপক্ষের দিবা পরিণাম সময়ে শশধর আকাশস্থ বা কুষ্ঠ কিরণনিকর বিকিরণ করেন না। তথাপি তিনি দর্শকবৃন্দের

তথাপি দ্রষ্টৄণাং নয়নকুসুমং ব্যোমসরসো
মহাপ্রোষ্ঠীবল্কাকৃতিরপি কুলোকপ্রিয়তমঃ॥

অত্র পৃথিবীস্থাদি বাচিনোঽপি কৃষ্ণাদয়ঃ শব্দাঃ কুষ্ঠং ব্যাধিঃ নয়নকুসুমং নয়নব্যাধিঃ কুলোকঃ কুজন ইত্যনুচিতার্থপ্রতিপাদকাঃ তেনেদং বাক্যমনুচিতার্থং॥ ১৩॥

খানপানাদি সামগ্রী নাদ্যাপি বত সাধিতা।
কৃষ্ণোঽয়মাগতঃ প্রায়ো ভল্লং তে গল্লচর্ব্বণং॥

নয়োঃ সুখদায়িত্বাৎ ব্যোমসরসঃ আকাশরূপ সরোবরস্থ কুসুমং পুষ্পতুল্যঃ। প্রোষ্ঠী সফরী মৎস্যবিশেষঃ তস্যা বল্কং ত্বক্। তথাচ সমুদ্রস্থ মহাপ্রোষ্ঠীবল্কাকৃতিশ্চন্দ্রঃ কুলোকস্থ পৃথিবীস্থলোকস্থ প্রিয়তমঃ। অপরাহ্নে চন্দ্রস্থ শোভায়া অভাবাৎ মৎস্যবল্কাকৃতিত্বং জ্ঞেয়ং॥ ১৩॥

যশোদাং প্রতি শ্রীনন্দ আহ খানেতি। বনাদ্গোষ্ঠে শ্রীকৃষ্ণ আগতপ্রায়ঃ অদ্যাপি খানেত্যাদি। তব গল্লচর্ব্বণং ভল্লং অহমেব শ্রীকৃষ্ণস্য ভক্ষ্যভোজ্যসামগ্রীসম্পাদিকেতি বাগ্যয়ো বৃথৈবেত্যর্থঃ॥

নয়নকুসুমস্বরূপ এবং গগন-সরোবরস্থিত মহাসফরীমৎস্যের বল্কলসদৃশ আকৃতিবিশিষ্ট হইলেও কুলোকের অত্যন্ত প্রীতিজনক হইয়া থাকেন॥

এখানে কুষ্ঠশব্দে পৃথিবীস্থ, নয়ন-কুসুম বলিতে নয়ন সম্বন্ধে পুষ্পতুল্য প্রীতিজনক ও কুলোক বলিতে পৃথিবীস্থ লোক বুঝান অভিপ্রেত হইলেও কুষ্ঠশব্দে ব্যাধিবিশেষ, নয়নকুসুমশব্দে নেত্রের ব্যাধিবিশেষ ও কুলোকশব্দে কুৎসিত ব্যক্তি স্বারসিক বুঝায়। এই সকল অনুচিতার্থপ্রতিপাদন হেতু বাক্যটী অনুচিতার্থদোষ দুষ্ট হইয়াছে॥ ১৩॥

বন হইতে শ্রীকৃষ্ণ আগতপ্রায়। হায়! তাঁহার খানপানাদিসামগ্রী এখনও প্রস্তুত হইল না। তুমি যে বলিয়া

খানপানাদয়ঃ শব্দা গ্রাম্যাঃ ॥

কোষেভ্যোঽন্নময়াদিভ্যো বিশ্বাদিভ্যশ্চ যঃ পরঃ।
স তে প্রাণপতিঃ কৃষ্ণঃ সৌভাগ্যং কিমতঃ পরং ॥

অত্রান্নময়াদয়ঃ পঞ্চকোষাঃ বিশ্ব তৈজস প্রাজ্ঞাশ্চ ত্রয় আত্মনঃ কেবলং বেদান্তশাস্ত্রমাত্রপ্রযুক্তত্বাদপ্রতীতাস্তেনেদমপ্রতীতং বাক্যং ॥

অপানেনাভোজনেনামেহনেনাপি খিদ্যসে।
কিং তে তপস্বিন্ কষ্টেন ভজ কৃষ্ণং সুখী ভব ॥

অন্নময়াদি পঞ্চকোষেভ্যঃ পরঃ এবং বিশ্বাদ্যবস্থাত্রয়বিশিষ্ট জীবেভ্যঃ পরস্তুরীয়ো যঃ শ্রীকৃষ্ণঃ স তে প্রাণপতিঃ। অত্রেতি অন্নময় প্রাণময় মনোময় বিজ্ঞানময়ানন্দময়া ইতি পঞ্চকোষাঃ। তথা জীবাত্মনঃ বিশ্বতৈজসপ্রাজ্ঞা ইত্যবস্থাত্রয়ং। তত্র জাগ্রদ্দশায়াং জীবাত্মনো বিশ্ব ইতি সংজ্ঞা স্বপ্নদশায়াং তৈজস ইতি সংজ্ঞা সুষুপ্তিদশায়াং প্রাজ্ঞ ইতি সংজ্ঞা বেদান্তশাস্ত্র এব প্রসিদ্ধা নান্যত্র ॥

অপানেন পানাভাবেন পক্ষে অধোবায়ুনা। এবং অভোজনেনেত্যনেন

থাক, আমিই শ্রীকৃষ্ণের ভক্ষ্যভোজ্যাদিসামগ্রী সম্পাদন করিয়া থাকি, সে সকল বাগ্‌জাল বৃথামাত্র দেখিতেছি ॥

এখানে খানপানাদিশব্দ গ্রাম্য হইয়াছে।

যিনি অন্নময়াদি কোষপঞ্চক হইতে ভিন্ন ও বিশ্ব-তৈজস-প্রাজ্ঞনামক অবস্থাত্রয়বিশিষ্ট জীব হইতে পৃথক্, সেই শ্রীকৃষ্ণ তোমার প্রাণপতি, ইহা অপেক্ষা সৌভাগ্য আর কি হইতে পারে? ॥

এখানে অন্নময়াদি কোষপঞ্চক ও জীবাত্মার বিশ্বাদি অবস্থাত্রয় কেবল বেদান্তশাস্ত্রেই প্রযুক্ত হয়, সুতরাং অন্যত্র অপ্রতীত বলিয়া উল্লিখিত বাক্য অপ্রতীত নামক দোষ দুষ্ট হইয়াছে ॥

হে তপস্বিন্! তুমি অপান, অভোজন ও অমেহন বশতঃ

অত্রাপানাদয়ঃ শব্দাঃ পানাদ্যভাববাচিনোঽপি অপানাদিকমর্থং বোধয়ন্তোঽশ্লীলা ব্রীড়াব্যঞ্জকত্বাৎ। অমেহনং স্নেহনাভাবঃ॥

বচো বান্তসমং তস্য প্রবৃত্তিস্তস্য দুঃখদা।
উৎসর্গোঽপি বিষং তস্য যো বৈষ্ণববিনিন্দকঃ॥

অত্র বান্তাদয়ঃ শব্দা জুগুপ্সাদায়িনঃ। প্রবৃত্তির্বার্ত্তা উৎসর্গো দানং পক্ষে বিড়ুৎসর্গবোধকং ইদন্তু জুগুপ্সাদায়ি। কিন্তু বান্তশব্দো বমধাতু প্রয়োগান্তরঞ্চ অর্থান্তর-

শব্দশক্ত্যা অমেধ্যভোজনমেবোচ্যতে। তথা অমেহনেন মেহনং স্নিগ্ধং স্নিগ্ধতৈলাদিসেচনং তদভাবেন পক্ষে মূত্রসেচনেন॥

তস্য প্রবৃত্তির্বার্ত্তা তস্যোৎসর্গো দানং পক্ষে বিড়ুৎসর্গঃ॥

কিন্ত্বিতি বান্তশব্দস্তথা বমধাতু প্রয়োগানন্তরং বম উদ্বান্ত ইত্যাদি প্রয়োগা-

কষ্টভোগ করিতেছ। কিন্তু ঐ কষ্টভোগে প্রয়োজন কি? কৃষ্ণভজনা করিয়া সুখী হও॥

এস্থানে অপান অর্থে পানাভাব ও অমেহন অর্থে মেহন বা তৈলাদিস্নেহের অভাব কবির অভিপ্রেত হইলেও অপান শব্দে অধোবায়ু ও মেহনশব্দে মূত্রক্ষরণরূপ অর্থ প্রসিদ্ধ থাকায় ব্রীড়াব্যঞ্জকতাপ্রযুক্ত উক্তবাক্য অশ্লীল হইয়াছে॥

যে ব্যক্তি বৈষ্ণবনিন্দাপরায়ণ, তাহার বাক্য বান্ত সদৃশ, তাহার প্রবৃত্তি দুঃখদায়িনী, তাহার উৎসর্গও বিষতুল্য॥

এখানে বান্তাদিশব্দ জুগুপ্সাদায়ক। প্রবৃত্তি অর্থ বার্ত্তা। উৎসর্গ অর্থে দান হইলেও মলোৎসর্গ বুঝায় বলিয়া উহাও জুগুপ্সাদায়ক॥

বান্তশব্দও বমধাতুনিষ্পন্ন অন্যান্য পদের প্রয়োগ অর্থান্তর-

সংক্রমিতধ্বন্যাদৌ ন দোষঃ ॥

যথা ॥

বাগ্ভিরক্ষরমূর্ত্তিভিঃ সুকবিনা মুক্তাফলৈর্গুম্ফিতা।

ইতি মুরারিঃ ॥

স্তিমিতমৃদুলচীনোদ্বান্ত কান্তোরুপীন-
স্তনজঘননিতম্বদ্যোতধারাপ্রহারৈঃ।
জিতমপি ভুজপাশৈঃ কান্তমাবধ্যশৃঙ্গা
হরণ কুতুকখেলাং সুভ্রুবো নাটয়ন্তি।

স্তরঞ্চ ধন্যাদৌ ন দোষঃ। সুকবিনা বাগ্ভিরক্ষরমূর্ত্তিস্বরূপৈর্মুক্তাফলৈঃ কবিতা গুম্ফিতা ॥

গোপীভিঃ সহ শ্রীকৃষ্ণস্য জলক্রীড়াং বর্ণয়তিস্তিমিতেতি। জলেন স্তিমিত কোমলসূক্ষ্মপরিধেয়বস্ত্রৈরুদ্বান্তা যা কান্তানামুরুদেশ পীনস্তন জঘননিতম্বানাং কান্তিধারা তস্যাঃ প্রহারৈর্জিতমপি শ্রীকৃষ্ণং ভুজপাশৈঃ করণৈঃ কণ্ঠদেশমাবধ্য-জলযন্ত্রাহরণখেলাং নাটয়ন্তি। শৃঙ্গং প্রধানে শিখরে বিষাণে জলযন্ত্রকে ইতি ॥

সংক্রমিত ধ্বন্যাদিস্থলে দোষাবহ হয় না।

যেমন মুরারির প্রয়োগ—"সুকবিকর্ত্তৃক বান্ত বা আবিষ্কৃত অক্ষরমূর্ত্তিবিশিষ্ট মুক্তাফলনিকরে কবিতারূপ মালা গ্রথিত হইয়া থাকে।" কন্দর্পমঞ্জরীগ্রন্থে লিখিত হইয়াছে,—

সলিলার্দ্র-সূক্ষ্ম-সুকোমল বসনকর্ত্তৃক উদ্বান্ত যে কমনীয় উরুস্থল ও পীনস্তনজঘন-নিতম্ববিম্বের কান্তিপুঞ্জ, তাহার প্রহারে সুভ্রূগণ শ্রীকৃষ্ণকে নির্জ্জিত করিয়া তাঁহাকে ভুজপাশে বন্ধনপূর্ব্বক তাঁহার হস্ত হইতে জলযন্ত্র আহরণরূপ কৌতুক-ক্রীড়া বিস্তার করিয়াছিলেন।

ইতি কন্দর্পমঞ্জরী ॥

মা বম সংবৃণু বিষমিতি সাতঙ্কং পিতামহেনোক্ত ইতি গোবর্দ্ধনঃ ॥

সঙ্কেতং সা পিতৃবনে চকারাদ্য তপস্বিনী
জীবিতেশস্য সংজ্ঞায় রঙ্গিণী মঙ্গলক্ষয়ে।

পিতৃবনে পিতুরুদ্যানে তপস্বিনী বিরহিণী জীবিতেশঃ কান্তঃ মঙ্গলক্ষয়ো মঙ্গলগৃহং। ইত্যাদিভিঃ শ্মশান যম মঙ্গলাভাবাঃ প্রতীয়ন্তে। অমঙ্গলমশ্লীলং ॥ ১৪ ॥

বিষং মা বম কিন্তু সংবৃণু ইতি পিতামহেনোক্তঃ ॥
পক্ষে পিতৃবনে শ্মশানে জীবিতেশস্য যমস্য মঙ্গলক্ষয়ে মঙ্গলাভাবে ॥ ১৪ ॥

গোবর্দ্ধনাচার্য্যের কবিতাও আছে, যথা—

প্রভাতে ভগবান্ পার্ব্বতীপতির বন্দনা সময়ে তাঁহার কজ্জল-মলিন অধরবিম্ব দর্শনে ভীত হইয়া পিতামহ যেমন তাঁহাকে বলিতে লাগিলেন, "প্রভো নীলকণ্ঠ! প্রসন্ন হও, কালকূট আর বমন করিও না, সম্বরণ কর" নীলকণ্ঠ ততই লজ্জিত হইতে লাগিলেন। কেননা, পার্ব্বতীর কজ্জলরঞ্জিত নয়নচুম্বনেই যে নিজ অধর মলিন হইয়াছে ও তাহাতেই পিতামহের কালকূট উদ্গিরণ ভ্রম হইয়াছে, তাহা তিনি বুঝিতে পারিয়াছিলেন ॥

অদ্য সেই তপস্বিনী রঙ্গিগণের মঙ্গলক্ষয়স্বরূপ পিতৃবনে জীবিতেশের সংজ্ঞার নিমিত্ত সঙ্কেত করিয়াছেন। তাৎপর্য্য এই যে অদ্য সেই বিরহিণী রঙ্গশালিজনের মঙ্গলজনক গৃহস্বরূপ নিজ-পিতার উদ্যানে কান্তের সংজ্ঞার নিমিত্ত সঙ্কেত করিয়াছেন ॥

এস্থানে পিতৃবনশব্দে শ্মশান, জীবিতেশশব্দে যম ও মঙ্গল-

বিদ্বৎসভায়াং ভাসি ত্বং দোষাকর ইবোজ্জ্বলঃ।
বিদ্যয়া চ তথা ধীরঃ সুরাচার্য্যঃ সুরালয়ে॥

অত্র কিং দোষাণামাকরঃ কিম্বা দোষাকরশ্চন্দ্রঃ কিং সুরাণামাচার্য্যঃ কিম্বা সুরায়ামাচার্য্যঃ এবমপরোঽপি। ইতি সন্দিগ্ধং বাক্যং॥

হরিচরণরত্নকিরণোজ্জাগরমম্ভোদকুসুমজন্মনাং গহনং।
অনুহরতি প্রসরাশুগকূর্দ্দন নিদ্রোত্থ যুবতিমুখসুষমাং॥

বিদ্বদিতি তথা বিদ্যয়া চ উজ্জ্বলঃ সুরালয়ে দেবগৃহে সুরাচার্য্যো বৃহস্পতিরিব অপরোপীতি সুরালয়ে মদিরালয়ে॥

সূর্য্যোদয়েন প্রফুল্লিতকমলানাং গহনং বনং কর্তৃ কন্দর্পক্রীড়াজন্য নিদ্রায়াঃ সকাশাদুত্থিতা যা যুবতিস্তস্যা মুখশোভাং হরতি। অম্ভোদকুসুমং মেঘপুষ্পং জলমিত্যর্থঃ। তস্মাজ্জন্ম যেষাং তথা ভূতানি কমলানি॥

ক্ষয়শব্দে মঙ্গলহানি অর্থ প্রতীত হওয়ায় অমঙ্গলরূপ অশ্লীল হইয়াছে॥ ১৪॥

বিদ্বৎসমাজে তুমি দোষাকরের ন্যায় উজ্জ্বলভাবে শোভা প্রাপ্ত হও এবং সুরালয়ে সুরাচার্য্যের ন্যায় বিদ্যাবলে বিদ্যোতিত হইয়া থাক॥

এখানে দোষ সমূহের আকর এই অর্থে দোষাকর, অথবা দোষাকর চন্দ্র, সুরগণের আচার্য্য এই অর্থে সুরাচার্য্য, অথবা সুরাপানে আচার্য্যস্বরূপ অই অর্থে সুরাচার্য্য এবং সুরগণের আলয় অর্থে সুরালয়, কি সুরার আলয় অর্থে সুরালয়, এইরূপ সন্দেহ হওয়ায় বাক্যটী সন্দিগ্ধ হইয়াছে॥

হরিচরণরত্নের কিরণজাল-জাগরিত অম্ভোদ কুসুমজন্মার কানন প্রসবাশুগ কূর্দ্দনজনিত নিদ্রা হইতে উত্থিত যুবতিজনের বদনসৌন্দর্য্যের অনুকরণ করিতেছে॥

অত্র হরিচরণং বিষ্ণুপদং অম্বরং তস্য রত্নং মণিঃ দ্যুমণিঃ সূর্য্যঃ ইত্যর্থঃ। উজ্জাগরঃ প্রফুল্লতা অম্ভোদ-কুসুমজন্মানি কমলানি প্রসরাশুগঃ কামঃ কূর্দ্দনং কেলিঃ। ইতি নেয়ার্থা ইতি বাক্যং নেয়ার্থং॥

শ্রীকৃষ্ণস্য জনানাং নিরুপাধি নিহিতা পদাম্ভোজে।
সময়তি সুকৃতং জনয়তি দুষ্কৃতমেকান্ত নির্ম্মলা হি মতিঃ॥

অত্র শ্রীকৃষ্ণস্য চরণাম্ভোজনিহিতা জনানাং মতিঃ দুষ্কৃতং সময়তি সুকৃতং জনয়তি ইতি বক্তব্যে যথাস্থিতং ক্লিষ্টমিতি বাক্যমেব ক্লিষ্টং॥ ১৫॥

শ্রীকৃষ্ণস্য পাদাম্ভোজে নিহিতা জনানাং মতিঃ দুষ্কৃতং শময়তি সুকৃতং জনয়তি॥ ১৫॥

এখানে হরিচরণশব্দে বিষ্ণুপদ বা আকাশ, তাহার রত্ন বা দ্যুমণি অর্থে সূর্য্য। সেই সূর্য্যের কিরণজালে জাগরিত বা প্রফুল্ল যে অম্ভোদকুসুমজন্মা বা মেঘপুষ্পজন্মা অর্থাৎ জলজ-পদবাচ্য পদ্ম, তাহার গহন, সে প্রসবাশুগের বা পুষ্পবাণধারী কন্দর্পের কূর্দ্দন বা ক্রীড়াজনিত নিদ্রা হইতে উত্থিত যে যুবতিজন, তাহার মুখসৌন্দর্য্যের অনুকরণ করিতেছে এই-রূপ অর্থ। কিন্তু এই বাক্যের অধিকাংশ পদই নেয়ার্থ বলিয়া বাক্যটী নেয়ার্থনামক দোষ দুষ্ট হইয়াছে॥

শ্রীকৃষ্ণের চরণাম্বুজে জনগণের অকপটে নিহিত নিতান্ত নির্ম্মলা মতি দুষ্কৃত দূরীকৃত করিয়া সুকৃত সঞ্চয় করিয়া দেয়॥

এই বাক্যের মূলস্থিত সংস্কৃত শ্লোকে পদগুলির যেরূপে সন্নিবেশ আছে, তাহাতে সেই পদসমূহের পরস্পর সম্বন্ধ ক্লিষ্ট থাকায় সমগ্র শ্লোকটী ক্লিষ্ট হইয়াছে॥ ১৫॥

নবং বয়স্তেঽধিকসৌকুমার্য্যতা
প্রিয়ানুরাগামৃতসিন্ধুরত্নতা।
যথোত্তরং বৃদ্ধিমতী গুণাবলিঃ
কা তে সমানা ভবতীহ রাধে ॥

অত্রাধিকসৌকুমার্য্যতা প্রিয়ানুরাগেত্যাদি চ
বিধেয়ং তচ্চ সমাসগতত্বেনাবিমৃষ্টবিধেয়াংশত্বং।

তেন নবং বয়স্তে সুকুমারতাধিকা
প্রিয়স্য চ প্রেম নবং নবং ত্বয়ীতি সাধু ॥

অধিকং সৌকুমার্য্যং যস্যাস্তস্যা ভাবঃ সৌকুমার্য্যতা সৌকুমার্য্যমেব তত্তু এবং ক্রমেণ সমাসে গুণীভূতমেব ॥

সমাসগতত্বং বিনাপি বাক্যে অবিমৃষ্টবিধেয়াংশত্বং সম্ভবতীত্যাহ অসমাসেতি। এতদেব সৌভাগ্যং মম পুনরিত্যন্বয় এতদিত্যস্য বিবক্ষিতং বিধেয়ত্বং ন সম্ভবতি পশ্চান্নির্দ্দেশাদঽপি কিন্তু অনুবাদরূপত্বমেব জাতং তস্য অতঃ সৌভাগ্যমিত্যস্য বিধেয়স্য অবিমৃষ্টবিধেয়াংশত্বং। অনুবাদমনুক্ত্বৈব ন বিধেয়ং প্রয়োজয়েদিতি বচনাৎ ॥

হে রাধে! তোমার নবীন বয়স, অধিক সৌকুমার্য্যতা এবং প্রিয়ানুরাগামৃতসিন্ধুরত্নতা ও উত্তরোত্তর বৃদ্ধিমতী গুণাবলী সকলই অলোকসাধারণ। ইহ সংসারে কে তোমার সদৃশী হইতে পারে? ॥

এখানে অধিক সৌকুমার্য্যতা ইত্যাদি বিধেয়। কিন্তু অধিক হইয়াছে সৌকুমার্য্য যার সে অধিক সৌকুমার্য্যা, তাহার ভাব অধিক সৌকুমার্য্যতা, এইরূপ তাৎপর্য্যে সমাস করায় বিধেয়াংশই ঐ সমাসে গুণীভূত হইয়াছে এবং তাহাতে অবিমৃষ্টবিধেয়াংশ নামক দোষ ঘটিয়াছে। অতএব ঐ বাক্যে "হে রাধে! তোমার নবীন বয়স, সমধিক সুকুমারতা, প্রিয়ের প্রতি নব নব প্রেম" ইত্যাদি রূপ পরিবর্ত্তনই সাধু ॥

অসমাসগতত্বেঽপি বাক্যাবিমৃষ্টবিধেয়াংশত্বং দ্রষ্টব্যং ॥

যথা ॥

সৌভাগ্যং মম পুনরেতদেব কৃষ্ণ
যৎ কান্তাগণগণনে মমাপি লেখঃ।
অত্রায়ং যদধিক আদরস্তদেত-
ন্মাহাত্ম্যং তব পরমুত্তমং কৃপায়াঃ।

অত্র এতদেবেতি বিধেয়ং ন ত্বনুবাদ্যং।
তত্তু পশ্চান্নির্দ্দেশেনাপ্যনুবাদ্যমেব জাতং ॥
তেন। অস্মাকং পুনরিদমেব সৌভগং যৎ
কৃষ্ণ ত্বজ্জনগণনে মমাপি লেখ ইতি পাঠ্যং ॥

তস্মাৎ অস্মাকং পুনরিদমেব সৌভগমিতি পাঠে এতৎ পদস্য পশ্চান্নির্দ্দেশাভাবাৎ বিধেয়ত্বং সিদ্ধমিতি ভাবঃ। অত্র বিধেয়ান্তরমপ্যাহ। স্থানে প্রকৃতিপ্রত্যয়মর্য্যাদায়াং অস্মাকমিত্যত্র। বহুবচনস্যাপি বিধেয়ত্বং জ্ঞেয়ং। অয়মর্থঃ। মম একস্যাপি ত্বজ্জনমধ্যে লেখশ্চেত্তদা সখী সহিতানামস্মাকং বহ্বীনামিদং সৌভগং। অত্রাস্মন্নিষ্ঠ বহুবচনস্য বিধানং তথা স্বনিষ্ঠৈকত্বস্যাপি বিধানং জ্ঞেয়ং ॥ ১৬ ॥

সমাসগতত্ব ব্যতিরেকেও বাক্যে অবিমৃষ্টবিধেয়াংশ দোষ হইয়া থাকে ॥

যথা—

হে কৃষ্ণ! আমার সৌভাগ্য ইহাই যে কান্তাগণের গণনায় আমারও উল্লেখ হইয়া থাকে, তাহাতেও যে এই অধিক আদর, ইহা তোমারই অপার কৃপার পরম মাহাত্ম্য ॥

এখানে "ইহাই আমার সৌভাগ্য" এই স্থলে "ইহাই" এই এতৎপদ বিধেয়, কিন্তু পশ্চাতে নির্দ্দেশহেতু তাহা অনুবাদ্য হইয়া পড়িয়াছে। অতএব "আমাদিগের ইহাই

অত্রাস্মাকমিতি বহুবচনং স্থানে বিধেয়তাং যাতি মমাপীত্যেকবচনমপি স্থানে বিধেয়ং জাতং ॥ ১৬ ॥

যথা বা ॥

অপাঙ্গভঙ্গেন ধৃতিং ধুনীতে
কলেন বেণোশ্চ হ্রিয়ং লুনীতে।
কুলং চ শীলং চ পুনঃ পুনীতে
স্পর্শেন যোঽসৌ পুরতঃ প্রিয়স্তে ॥

যঃ পুনঃ স্পর্শেন তব কুলং শীলং চ পুনীতে অসৌ শ্রীকৃষ্ণঃ পুরতোঽগ্রে বর্ত্ততে। অত্র য ইত্যনুবাদঃ অসাবিতি বিধেয়ং। অত্র যত্তদোরত্যন্তসন্নিকৃষ্টত্বেনাসাবিতি পদমনুবাদবদ্ভাসতে ॥

সৌভাগ্য যে তদীয় জনগণের গণনায় আমারও উল্লেখ হইয়া থাকে” এইরূপ পাঠ করিতে হইবে ॥

এখানে “আমাদিগের” এই অস্মদ্‌শব্দের উত্তর যে বহুবচনপ্রযুক্ত হইয়াছে, উহার বিধেয়ত্ব সমুচিতই বটে “আমারও” এই অস্মদ্‌শব্দের উত্তর একবচনেরও বিধেয়ত্ব হইয়াছে। বাক্যটীর তাৎপর্য্য এই যে, আমি স্বরূপ যে একজন, এই একজনেরও যদি ত্বদীয় জনগণমধ্যে গণনা হয়, তাহা হইলে, সখী সহিত যে আমরা সকলে, আমাদের এই সমস্ত জনেরই সৌভাগ্য স্বতরাং এখানে অস্মন্নিষ্ঠ বহুবচন ও স্বনিষ্ঠ একবচন, উভয়েরই বিধেয়ত্ব হইয়াছে ॥ ১৬ ॥

যথা বা—

যিনি অপাঙ্গভঙ্গি দ্বারা ধৈর্য্যকে বিধূনিত, বেণুর কলস্বরে লজ্জা অপহৃত, কিন্তু স্পর্শ দ্বারা কুলশীল পবিত্রিত করেন, সেই তোমার প্রিয় পুরোভাগে বর্ত্তমান রহিয়াছেন ॥

অত্র যোঽসাবিত্যেতয়োঃ পদয়োঃ পূর্ব্বমনুবাদ্যং দ্বিতীয়ন্তু বিধেয়ং সন্নিকৃষ্টতমত্বেন দ্বিতীয়মেবানুবাদ্যবৎ প্রতিভাসতে তেন স্পর্শেন যস্তে সখি সোঽভ্যুপৈতি। ইতি বাচ্যং ॥

এবং প্রস্তাবতো যত্তদোঃ সম্বন্ধোঽপি বিচার্য্যতে।

তথাহি ॥

যত্র হি প্রক্রমপ্রসিদ্ধানুভূতার্থবিষয় তচ্ছব্দঃ তত্র যচ্ছব্দো নাপেক্ষিতঃ স্যাৎ ॥

যথা ॥

বৃন্দাবনে চন্দনবাতশীতে
স চন্দ্রিকায়াং নিশি সুন্দরীভিঃ।

যত্র হীতি যত্র তচ্ছব্দঃ প্রক্রমবাচী তথা প্রসিদ্ধবাচী অথবা অনুভূতার্থবাচী তত্র স্থলে যচ্ছব্দাপেক্ষা নাস্তীত্যর্থঃ। চন্দনপবনেন শীতলে বৃন্দাবনে তথা

এখানে ইহার মূল সংস্কৃত শ্লোকে যদ্ ও অদস্‌শব্দের প্রয়োগে প্রথমটী অনুবাদ্য ও দ্বিতীয়টী বিধেয়, কিন্তু অত্যন্ত সন্নিকৃষ্টতাবশতঃ দ্বিতীয়টীই অনুবাদ্যের ন্যায় প্রতীত হইতেছে, অতএব মূলানুরূপ যত্তৎপদে পরিবর্ত্তনপূর্ব্বক পাঠ করাই কর্ত্তব্য ॥

প্রস্তাবক্রমে এখানে যত্তদের সম্বন্ধও বিচার করা যাইতেছে।

তথাহি ॥

যথায় তদ্‌শব্দ প্রক্রমবাচক, কি প্রসিদ্ধিবাচক, অথবা অনুভূতার্থবাচক হয়, তথায় যদ্‌শব্দের অপেক্ষা থাকে না ॥

যথা—

চন্দনবাতশীতল বৃন্দাবনধামে জ্যোৎস্নোজ্জ্বলা যামিনীতে

কলিন্দকন্যা পুলিনেতি রম্যে
স রাসলাস্যোৎসবমাততান ॥
অত্র স ইতি প্রক্রান্তং শ্রীকৃষ্ণমেব প্রস্তৌতি ॥
স রাসলাস্যং বিততান কৃষ্ণ ইতি পাঠে স ইতি প্রসিদ্ধি-মাত্র দ্যোতকং ॥
সা কান্তিরেকান্তরসায়নং দৃশাং
স বাগ্বিলাসঃ শ্রবসাং সুধাশ্রবঃ ।
তদ্বীক্ষিতং প্রেমরসস্য দুর্দ্দিনং
কদা পুনর্মে বিষয়ো ভবিষ্যতি ॥

চন্দ্রিকাসহিতায়াং নিশি এবং যমুনায়া রম্যে পুলিনে স পূর্ব্বপ্রক্রান্তঃ শ্রীকৃষ্ণঃ উৎসবমাততান ॥

সা অনুভূতা কান্তিঃ দৃশামেকান্তরসায়ণং। সোঽনুভূতো বাগ্বিলাসঃ কর্ণানাং সুধাপ্রস্রবণরূপঃ। তদ্বীক্ষিতং প্রেমরসস্য দুর্দ্দিনং বর্ষুকমেঘস্বরূপং। এবম্ভূতঃ কান্ত্যাদিঃ কদা পুনরিন্দ্রিয়াণাং বিষয়ো ভবিষ্যতি ॥ ১৭ ॥

সুরম্য যমুনাপুলিনে তিনি ব্রজসুন্দরীগণের সহিত রাস-লাস্যের উৎসব করিয়াছিলেন ॥

এখানে তিনি বলিতে প্রক্রান্ত সেই শ্রীকৃষ্ণকেই বুঝাই-তেছে। সেই শ্রীকৃষ্ণ রাসলাস্য করিয়াছিলেন, এইরূপ পাঠ করিলে "সেই" এই তদ্‌শব্দ প্রসিদ্ধিমাত্রের দ্যোতক হয় ॥

লোচনযুগলের একান্ত রসায়ন সেই কান্তিচ্ছটা, কর্ণকুহ-রের সুধানিষ্যন্দস্বরূপ সেই বাগ্বিলাস ও প্রেমরসের বর্ষণশীল মেঘসদৃশ সেই বিলোকন, কবে পুনর্ব্বার আমার ইন্দ্রিয়গণের বিষয় হইবে ! ॥

অত্র তচ্ছব্দোঽনুভূত্যর্থঃ॥ ১৭॥

এবমস্মিন্নর্থে বীপ্সাঽপি দৃশ্যতে।

তে তে কটাক্ষাঃ স স বাগ্বিলাস-

স্তত্তৎ স্মিতং তত্তদসীম ধাম।

তে তে গুণা হন্ত সমস্তমেব

মমাধুনা কৃন্ততি মর্ম্ম মর্ম্ম॥

এবং চোত্তরবাক্যস্থো যচ্ছব্দঃ পূর্ব্ববাক্যস্থ তচ্ছব্দং প্রতি ন সাকাঙ্ক্ষঃ॥

যথা॥

এবমিতি অস্মিন্নর্থে অনুভূত্যর্থে। অধুনা মাথুরবিরহেণ ব্যাকুলা শ্রীরাধিকা আহ। তত্তৎ সীমারহিতং ধামপ্রভাবাদি। গৃহদেহ ত্বিট্‌প্রভাবা ধামানীতি। সমস্তমেব মর্ম্ম কৃন্ততি। শোকে বিষাদাদৌ দ্বিরুক্তি র্ন দুষ্যতে॥

এখানে সেই কান্তিচ্ছটা, সেই বাগ্বিলাস ইত্যাদি স্থলে যে তদ্‌শব্দ আছে, তাহা অনুভূতার্থ বোধক॥ ১৭॥

অনুভূতার্থবিষয়ক যে তদ্‌শব্দ, তাহার বীপ্সাও দেখা গিয়া থাকে॥

যথা—

সেই সেই কটাক্ষচ্ছটা, সেই সেই বাগ্বিলাস, সেই সেই মৃদুহাস্য, সেই সেই অসীমপ্রভাব, তত্তৎ গুণরাশি, হায়! সমস্তই এক্ষণে আমার মর্ম্মচ্ছেদ করিতেছে॥

উত্তরবাক্যস্থ যদ্‌শব্দ পূর্ব্ববাক্যস্থিত তদ্‌শব্দের সাকাঙ্ক্ষ নহে॥

যথা—

ত্রৈলোক্যলক্ষ্মীমুকুটৈকরত্নং
শ্রীকৃষ্ণ এব প্রণয়েন সেব্যঃ।
যেন স্বকীয়ং পদমাদরেণ
প্রদীয়তে মুক্ত্যধিকং ভজদ্ভ্যঃ ॥

অত্রোত্তরপদস্থো যচ্ছব্দঃ স্বাচ্ছন্দ্যেনৈব শোভতে ॥

পূর্ব্ববাক্যস্থঃ যচ্ছব্দঃ উত্তরবাক্যস্থং তচ্ছব্দং প্রতি সাপেক্ষঃ ॥

যথা ॥

যেন স্বকীয়ং পদমাদরেণেত্যাদ্যুত্তরমর্দ্ধং পূর্ব্বার্দ্ধং যদি ভবতি তদৈব তচ্ছব্দাকাঙ্ক্ষা তেন শ্রীকৃষ্ণ এব প্রণয়াৎ

ত্রৈলোক্যস্য শোভারূপায়া রাজ্ঞা মুকুটস্যাসাধারণরত্নস্বরূপঃ শ্রীকৃষ্ণ এব সেব্যঃ যেন মুক্ত্যধিকং স্বকীয়ং পদং দীয়তে। তৎপদং বিনৈব স্বাচ্ছন্দ্যেন শোভতে ॥

ত্রৈলোক্যলক্ষ্মীর মুকুটস্থিত অদ্বিতীয়রত্নস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণই প্রণয়সহকারে সেবনীয়, যিনি সেবকদিগের সম্বন্ধে মুক্তির অধিক স্বকীয় পদ সমাদরপূর্ব্বক প্রদান করিয়া থাকেন॥

এখানে উত্তরবাক্যস্থ যদ্‌শব্দ তদ্‌শব্দ ব্যতিরেকেই স্বচ্ছন্দে শোভা পাইতেছে ॥

পূর্ব্ববাক্যস্থ যদ্‌শব্দ উত্তরবাক্যস্থ তদ্‌শব্দের সাকাঙ্ক্ষ হইয়া থাকে। যেমন পূর্ব্বোদাহরণে "যিনি স্বকীয়পদ সমাদর-পূর্ব্বক প্রদান করিয়া থাকেন" এই উত্তরার্দ্ধ যদি পূর্ব্বার্দ্ধ হয়, তাহা হইলেই তদ্‌শব্দের আকাঙ্ক্ষা উপস্থিত হয়। তাদৃশ-

স সেব্য ইতি চতুর্থচরণং পাঠ্যং ॥

দ্বয়োরনুপাদানেঽপি দ্বয়োরর্থঃ ক্বচিদবগম্যতে ॥

যথাঽস্মদ্গুরবঃ।

ন বাদিনিগ্রহঃ সাধ্যো ন শিষ্যানুগ্রহেঽপি চ।

উভয়ায়িতরূপস্য মম সোঽপ্যুভয়ং মতং।

অত্র যো বাদী ভবতি তস্য জিগীষা মে নাস্তি যঃ শিষ্যো ভবতি তস্মিন্ননুগ্রহোঽপি নাস্তি কিন্তু মন এব

দ্বয়োর্যত্তদোরনুপাদানেঽপি। অথ যে পণ্ডিতাস্তে বাদিষু নিগ্রহং শিষ্যেষনুগ্রহং কুর্ব্বন্তি এতদ্দ্বয়মেব তেষাং সাধ্যং ভবতি মম তু তদ্দ্বয়ং সাধ্যং ন ভবতি কিন্তু মন্মন এব মম বাদি। তথাহি রে মনস্ত্বং ভগবচ্ছ্রবণকীর্ত্তনস্মরণাদৌ তিষ্ঠ বিষয়েষু সদা মা তিষ্ঠেতি মদাজ্ঞমস্বীকুর্ব্বৎ সদা বিষয়েষু তিষ্ঠত্যতো ভগবচ্চরণাশ্রয়ণরূপবলেন তন্মনো জিত্বা শিষ্যং করিষ্যামি পশ্চাৎ ভগবন্মধুরনামকীর্ত্তনাদৌ নিমজ্জনরূপানুগ্রহং মনোরূপ শিষ্যে বিধাস্যামীত্যাহ ন বাদীতি। উভয়ায়িতরূপস্য বাদি শিষ্যস্বরূপস্য মনসঃ উভয়ং নিগ্রহানুগ্রহৌ মতং মম সম্মতং ॥ ১৮ ॥

স্থলে চতুর্থ চরণ পরিবর্ত্তন করিয়া “সেই শ্রীকৃষ্ণ প্রণয়সহকারে সেবনীয়” এইরূপ পাঠ করিতে হইবে ॥

যদ্ ও তদ্ এই উভয়ের অনুপাদানেও কোথাও কোথাও উভয়েরই অর্থাবগতি হইয়া থাকে। যেমন অস্মদ্গুরুর উক্তি আছে ॥

পণ্ডিতগণের ন্যায় বাদীর প্রতি নিগ্রহ ও শিষ্যের প্রতি অনুগ্রহ করা আমার সাধ্য নহে। কিন্তু বাদী ও শিষ্য এতদুভয়স্বরূপ যে নিজ মন, তাহার প্রতি নিগ্রহানুগ্রহ উভয় করণই আমার অভিপ্রেত ॥

এখানে যে বাদী হয়, তাহার প্রতি জিগীষা বা যে শিষ্য হয়,তাহার প্রতি আমার অনুগ্রহ নাই কিন্তু মন বাদী ও শিষ্য

উভয়ায়িতং তেন তস্মৈবোভয়ং নিগ্রহানুগ্রহৌ ইতি বাক্যদ্বয়ে পূর্ব্ববাক্যে যত্তদোরভাবেঽপি যত্তদর্থপ্রত্যায়কত্বং ॥ ১৮ ॥

তথাসাবিতি শব্দঃ স ইত্যস্যার্থং নাভিধত্তে।

যথা।

অসৌ গুণানাং নিকষো গুণানা-
মুৎপত্তিভূমির্ভবতী চ রাধে।
জনস্তৃতীয়ঃ কথমত্র যোগ্যো
যেন দ্বয়ো দৌত্যমুরীক্রিয়েত ॥

অসাবিতি। অসৌ প্রক্রান্তঃ শ্রীকৃষ্ণঃ গুণানাং স্বর্ণস্থানীয়ানাং নিকষঃ পরীক্ষাপ্রস্তরঃ। হে রাধে ত্বং গুণানামুৎপত্তিভূমিঃ অহন্তু গুণরহিতঃ তৃতীয়ো জনঃ অত্র দৌত্যকর্ম্মণি কথং যোগ্যো ভবামি ॥

উভয়স্বরূপ বলিয়া তাহার প্রতি নিগ্রহানুগ্রহ করণই আমার অভিপ্রেত, এই বাক্যদ্বয়ের মধ্যে পূর্ব্ববাক্যে যত্তদের অভাবেও তাহার প্রতীতি হইয়াছে ॥ ১৮ ॥

সংস্কৃতে অদস্‌শব্দের প্রথমা বিভক্তির একবচনে নিষ্পন্ন অসৌ এই পদ তদ্‌শব্দের প্রথমার একবচনে নিষ্পন্ন সঃ এই পদের অর্থ প্রকাশ করে না ॥

যথা—

উনি গুণরাশির নিকষস্বরূপ, তুমিও গুণগণের উৎপত্তিভূমি, আমি গুণহীন তৃতীয় ব্যক্তি কিরূপে আমাকে তোমাদের দৌত্যকর্ম্মের উপযুক্ত বিবেচনা করিয়া তাহা অঙ্গীকার করিব ॥

অত্র স ইত্যর্থে নাসৌ শব্দঃ অপি তু প্রক্রান্ত একার্থে॥

যদ্যপি যস্তে প্রিয়োঽসৌ ন জহাতি পার্শ্বমিতি যচ্ছব্দানন্তরং ব্যবহিতোঽপ্যসৌ শব্দস্তচ্ছব্দপ্রতীতৌ সমর্থবদ্ভাসতে তথাপি বিনা তচ্ছব্দান্তরং ন বাক্যার্থপরিপোষঃ তচ্ছব্দোপাদানেনৈব স স্যাৎ॥

যথা॥

যস্তে প্রিয়োঽসৌ স তবৈব পার্শ্ব ইতি।

যস্তে মনোরত্নহরঃ সুনেত্রে
নবীননীলাম্বুদবৃন্দকান্তঃ।

যদ্যপীতি যস্তে প্রিয়ঃ অসৌ সঃ শ্রীকৃষ্ণঃ পার্শ্বং ন জহাতি তথাপ্যত্র তচ্ছব্দস্য প্রয়োগং বিনা কেবলাসৌ শব্দেন স ইত্যর্থবোধো ন ভবতি তস্মাৎ যস্তে প্রিয়োঽসৌ স তবৈব পার্শ্ব ইতি শুদ্ধং॥

যস্তে মনোরত্নহরঃ অয়ং সঃ শ্রীকৃষ্ণঃ ময়া আলোকীত্যত্র ইদম্‌শব্দস্তচ্ছব্দার্থ-

---

এস্থলে মূলে স এই অর্থে অসৌপদের প্রয়োগ হয় নাই, প্রক্রান্ত অর্থেই হইয়াছে। "যস্তে প্রিয়োঽসৌ ন জহাতি পার্শ্বং" এইস্থলে যদিও যদ্‌শব্দের অনন্তর অসৌ এই পদ ব্যবহিতরূপে সন্নিবেশিত হইয়া তদ্‌শব্দের প্রতীতিবিষয়ে সমর্থের ন্যায় বোধ হইতেছে তথাপি আর একটী তদ্‌শব্দের প্রয়োগ ব্যতিরেকে বাক্যার্থ পরিপোষণ হয় না, কেবল তদ্‌শব্দের উপাদানেই তাহা হইয়া থাকে। অতএব "যস্তে প্রিয়োঽসৌ স তবৈব পার্শ্বে" অর্থাৎ যে ঐ তোমার প্রিয়, তিনি তোমারই পার্শ্বে এইরূপ প্রয়োগই পরিশুদ্ধ॥

হে সুলোচনে! নবনীলনীরদবৃন্দসুন্দর পূর্ণেন্দুনিন্দি-

রাকেন্দুনিন্দাকরবক্ত্রবিম্বো
ময়াঽয়মালোকি বনং প্রযান্ত্যা ॥

ইতি ক্বচিদিদংশব্দবদদঃশব্দোঽপি তচ্ছব্দার্থমভিধত্তে যত্তু নৈকবাক্যস্থং উত্তরবাক্যস্থমেব তথা ন তু যোঽয়ং সোঽসাবিতি যচ্ছব্দনিকটত্বে। তথা সতি প্রসিদ্ধার্থবোধকমেব যথা যচ্ছব্দনিকটস্থ তচ্ছব্দঃ প্রসিদ্ধার্থমেবাভিধত্তে ॥

তদ্যথা ॥

রাধামাধবয়োর্যত্তৎ প্রেম ক্ষেমকরং মহৎ।

বোধকস্তদ্বদদঃশব্দোঽপি মহূক্তং তত্তু ন একবাক্যস্থমপি তূত্তরবাক্যস্থমেব নতু যোঽয়ং সোঽসাবিতি যচ্ছব্দনিকটত্বে সতি তাদৃশস্থলে প্রসিদ্ধার্থবোধ এব ভবতীত্যর্থঃ ॥

যচ্ছব্দনিকটস্থ তচ্ছব্দস্থ প্রসিদ্ধার্থবোধকত্বে উদাহরণমাহ। রাধামাধবয়োর্যৎ তৎ প্রসিদ্ধং প্রেম তৎ কিং বর্ণয়িতুং শক্যং। অত্র দ্বিতীয় তচ্ছব্দেন সহ

মুখমণ্ডল যিনি তোমার চিত্তরত্নচৌর, বনগমনকালে ইনি আমার নেত্রপথের অতিথি হইয়াছিলেন ॥

এখানে ইদম্‌শব্দ যেমন তদ্‌শব্দার্থবোধক, তেমনি ক্বচিৎ অদস্‌শব্দও তদ্‌শব্দার্থের বাচক হইয়া থাকে বলিয়া যে উক্ত হইয়াছে, তাহা একবাক্যস্থ হইলে হইবে না, উত্তরবাক্যস্থ হইলেই তাহা হয় বুঝিতে হইবে। নতুবা "যোঽয়ং যোঽসৌ" এইরূপ যদ্‌শব্দ নিকটবর্ত্তি স্থলে হইবে না। তাদৃশ স্থলে উহা যদ্‌শব্দ নিকটস্থ তদ্‌শব্দের ন্যায় প্রসিদ্ধার্থবোধকই হইয়া থাকে ॥

উক্ত বিষয়ের উদাহরণ যথা—

রাধামাধবের যে সেই ক্ষেমকর সুমহৎ প্রেম, ভগবতী

তৎ কিং বর্ণয়িতুং শক্যং গিরা দেব্যাপি কর্হিচিদিতি।
অত্র তৎ কিমিতি পুনস্তচ্ছব্দেনৈব নিরাকাঙ্ক্ষং ॥ ১৯ ॥

এবং প্রাগুপাত্তস্য যচ্ছব্দস্য বীপ্সায়ামুত্তরবাক্যস্থ তচ্ছব্দস্যাপি বীপ্সা কর্ত্তব্যেবেতি ন নিয়মঃ। তদকরণেঽপি দোষাভাবাৎ। যতো বীপ্সা প্রতিপাদ্যং যৎকিঞ্চিচ্ছব্দার্থরূপং তদেব উত্তরবাক্যস্থৈক তচ্ছব্দেনৈব সমর্থ্যতে উত্তরবাক্যস্থিতিসামর্থ্যাদেব ॥

যথা ॥

যচ্ছব্দস্যাকাঙ্ক্ষা তেনৈব যৎপদং নিরাকাঙ্ক্ষং অতঃ প্রথম তৎপদং প্রসিদ্ধার্থমেব ॥ ১৯ ॥

অথ যত্র পূর্ব্বোক্তস্য যচ্ছব্দদ্বয়স্য বীপ্সায়াং পাঠস্তত্রোত্তরবাক্যে তচ্ছব্দস্য দ্বিঃ পাঠঃ। কুত্রচিৎ পূর্ব্ববাক্যে যচ্ছব্দস্য পাঠদ্বয়েঽপি উত্তরবাক্যে তচ্ছব্দস্য এক এব

সরস্বতীও কি কখনও তাহা বর্ণনা করিতে সমর্থ হয়েন? এখানে "তাহা বর্ণনা করিতে" এই দ্বিতীয় তদ্‌শব্দের দ্বারাই যদ্‌শব্দের নিরাকাঙ্ক্ষতা হইয়াছে, প্রথম তৎপদ এখানে প্রসিদ্ধার্থমাত্র ॥ ১৯ ॥

এইরূপ পূর্ব্ববাক্যস্থ যদ্‌শব্দের বীপ্সাস্থলে উত্তরবাক্যস্থ তদ্‌শব্দের যে বীপ্সা করিতেই হইবে এরূপ নিয়ম নাই। কেন না, তাহা না করিলেও দোষ হয় না। যেহেতু বীপ্সা প্রতিপাদ্য যে কিছু শব্দার্থরূপ বস্তু, তাহা উত্তরবাক্যস্থ এক তদ্‌শব্দদ্বারাই সমর্থিত হইয়া থাকে। উত্তরবাক্যে অবস্থিতি প্রযুক্তই তদ্‌শব্দের ঐরূপ সামর্থ্য হয় ॥

যথা—

গুণা অপি ক্বাপি ভবন্তি দোষা
দোষা অপি ক্বাপি গুণা ভবন্তি।
যো যো গুণস্তে স স তাদৃগেব
দোষস্তু যো যো ন চ তস্য লেশঃ॥

অত্র তৃতীয়চরণে দ্বয়োরপি বীপ্সা চতুর্থচরণে যচ্ছব্দস্যৈব॥

উক্তোদাহরণদ্বয়ে প্রামাণ্যং॥

যং যং ব্যতীয়ায় পতীম্বরা সা

পাঠোহতো ন নিয়ম ইত্যাহ এবমিতি। তদুভয়স্যোদাহরণমাহ গুণা ইতি কস্যচিৎ পুরুষস্য পাণ্ডিত্যাদয়ো গুণা অপ্যসৎসঙ্গেন দোষা ভবন্তি। উক্তং হি দেব্যা চতুর্থস্কন্ধে। বিদ্যাদিভিঃ সতাং গুণৈঃ ষড়্ভিরসত্তমেতরৈঃ। এবং স্ত্রীপুত্রাদিসহিত গৃহরূপদোষা অপি সৎসঙ্গেন গুণা ভবন্তি। উক্তং হি দশমস্কন্ধে ব্রহ্মণা। তাবদ্রাগাদয়স্তেনাস্তাবৎ কারাগৃহং গৃহমিতি তব তু যো যো গুণঃ স-স তাদৃগেব গুণরূপ এব ন কদাচিৎ দোষরূপঃ। অত্রোভয়ত্রৈব বীপ্সা। এবং যো যো দোষস্তস্য ত্বয়ি লেশোঽপি নাস্ত্যত্র যচ্ছব্দ এব বীপ্সা নতু তৎপদে॥

তচ্ছব্দস্য বীপ্সাকরণে তদকরণে চ কবিদ্বয়স্য পদ্যদ্বয়ে প্রমাণমাহ। যং গমিতি॥

গুণও কোথাও দোষ হয়, দোষও কোথাও গুণ হয়। কিন্তু তোমার গুণ যাহা যাহা, তাহা তাহা তাদৃশই থাকে এবং যাহা যাহা দোষ বলিয়া গণ্য, তাহার লেশও তোমাতে নাই॥

এই উদাহরণে মূল শ্লোকস্থ তৃতীয়চরণে উভয়েরই বীপ্সা ও চতুর্থচরণে কেবল যদ্‌শব্দের বীপ্সা হইয়াছে।

উক্ত উদাহরণদ্বয়ের প্রমাণ প্রদর্শিত হইতেছে। কালিদাসের উক্তি আছে, যথা—

সেই পতিম্বরা যাহাকে যাহাকে অতিক্রম করিয়া গেলেন,

বিবর্ণভাবঃ স স ভূমিপাল ইতি কালিদাসঃ।
যদ্যৎ পাপং প্রতিজহি জগন্নাথ নম্রস্য তন্মে।
ইত্যাদি ভবভূতিঃ॥
পদাম্বুজদ্বন্দ্বপরাগবাহী
সুপাবনোঽয়ং তব মাতরিশ্বা।
ললাগ হে বৈষ্ণব পুণ্যযোগাৎ
পূতঃ কৃতার্থশ্চ কৃতোঽস্মি তেন॥

অত্র মাতরিশ্বা ললাগেতি তব মাতরি শ্বা ললাগেতি বিরুদ্ধত্বাৎ বিরুদ্ধমতিকৃদ্বাক্যং॥ ২০॥

হে জগন্নাথ নম্রস্য ভক্তস্য যদ্যৎ পাপং ত্বং জহি তন্ম ইত্যাদীত্যত্র এক এব তচ্ছব্দঃ॥

হে বৈষ্ণব তব পদকমলপরাগবাহী মাতরিশ্বা পবনঃ মমাঙ্গে ললাগ। তব মাতরি কুক্কুরো ললাগেতি বিরুদ্ধমতিকৃৎ॥ ২০॥

সেই সেই ভূপতিই বিবর্ণভাব প্রাপ্ত হইলেন॥

ভবভূতিও লিখিয়াছেন,—হে জগন্নাথ! এই বিনতজনের যে যে পাপ আছে, তুমি তাহা বিনাশ কর।

হে বৈষ্ণব! চরণারবিন্দের পরাগবাহী সুপাবন ত্বদীয় এই মাতরিশ্বা পুণ্যবশতঃ লগ্ন হইয়াছে বলিয়া আমি পূত ও কৃতার্থ হইলাম॥

এখানে মূলে "তব মাতরি শ্বা ললাগ" এইস্থলে তোমার মাতার উপর শ্বা অর্থাৎ কুক্কুর লাগিয়াছে, এইরূপ বিরুদ্ধ বুদ্ধির উদয় হওয়ায় বাক্যটী বিরুদ্ধমতিকৃৎ নামক দোষ দুষ্ট হইয়াছে॥ ২০॥

অথ পদাংশেপ্যেতে শ্রুতিকট্বাদয় ইতি যদুক্তং তদুদাহ্রিয়তে ॥

পরমসুহৃদয়ত্বাৎ সর্ব্বভূতপ্রিয়ত্বাৎ
ভগবদনুগতত্বাৎ সর্ব্বদা দুর্ল্লভত্বাৎ।
জগতি কতি ন ধন্যাঃ পুণ্যদেহা
দৃগন্তৈরপি ঘনমঘভাজামপ্যঘং নাশয়ন্তি।
অত্র ত্বাৎ ত্বাৎ ত্বাৎ ত্বাদিতি শ্রুতিকটুত্বং ॥
সৎপ্রীতিমত্তাং তব কিং বদামঃ
সর্ব্বত্র তে কৃষ্ণ সমৈব দৃষ্টিঃ।

পরমেতি। জগতি ভবদ্বিধাঃ পুণ্যদেহাঃ দৃগন্তৈঃ করণৈর্নিবিড়ং পাপভাজাং পাপং ন নাশয়ন্তি অপি তু নাশয়ন্ত্যেব ॥

হে কৃষ্ণ তব সজ্জনেষু প্রীতিযুক্ততাং কিং বদামঃ কিন্তু সর্ব্বত্রাঽসজ্জনেষু কংসাদিষ্বপি মোক্ষদায়কত্বাৎ। সমৈব তব কৃপাময়ী দৃষ্টিঃ। জগদ্বর্ত্তিনো

পদাংশেও শ্রুতিকটুতাদি দোষ হয় বলিয়া সে উক্ত হইয়াছে, তাহার উদাহরণ দেওয়া যাইতেছে ॥

যথা—

পরমসহৃদয়ত্ব, সর্ব্বভূতপ্রিয়ত্ব, ভগবদনুগতত্ব ও সর্ব্বদা দুর্লভত্বহেতু এ জগতে পুণ্যাত্মা কত ধন্য ব্যক্তিই না কটাক্ষপাতমাত্রে পাপিগণের নিবিড় পাপরাশি বিনাশ করেন! ॥

এখানে মূলশ্লোকে কয়েকবার "ত্বাৎ ত্বাৎ" এইরূপ থাকায় শ্রুতিকটু হইয়াছে ॥

হে কৃষ্ণ! তোমার সজ্জনের প্রতি প্রীতিমত্তার কথা আর কি কহিব সর্ব্বত্রই তোমার সমদৃষ্টি। সাধারণ জনগণ স্বভা-

স্বভাবরাগা ন ভবন্তি নুনং
ক্বচিদ্বিরাগা ক্বচিদূঢ়রাগাঃ।
অত্র পদাংশে মত্তশব্দঃ ক্ষীবার্থেন নিহতার্থঃ।
তেন প্রীতেঃ প্রভাবং তব কিং বদাম ইতি পাঠ্যং॥
তব তন্বঙ্গি তরলৈরপাঙ্গানাং তরঙ্গকৈঃ।
পঞ্চেষোরিষবঃ পঞ্চ রাধে স্যুঃ শতকোটয়ঃ॥
ইতি পদাংশগতং অপাঙ্গানাং ইতি বহুত্বমনর্থকং।
তেন। তব তন্বঙ্গিনিকরৈস্তরঙ্গাণামপাঙ্গয়োরিতি পাঠ্যং॥

জনাস্তু সর্ব্বত্র স্বভাবসিদ্ধানুরাগবিশিষ্টা ন ভবন্তি কিন্তু ক্বচিদ্দ্বেষিষু বিরাগাঃ ক্বচিদনুকূলেষু জনেষু ঊঢ়রাগা ভবন্তি॥

হে রাধে তবাপাঙ্গানাং চঞ্চলৈস্তরঙ্গৈঃ করণৈঃ পঞ্চেষোঃ কন্দর্পস্য পঞ্চবাণাঃ শতকোটয়ঃ স্যুঃ॥

বতঃ সর্ব্বত্র সমরাগ কখনই হইতে পারে না, তাহারা প্রিয়াপ্রিয় ভেদে কোথাও বা বিরাগশালী হইয়া থাকে॥

